# ২০২২ সাল ভিত্তিক "সিনিয়র অফিসার" নিয়োগ পরীক্ষা ২০২৫-এর প্রশ্নের রেফারেন্সসহ সমাধান:

## পরীক্ষার তারিখ – ১৬ মে, ২০২৫

## বাংলা

**প্রশ্ন ১. কোন বাক্যটি শুদ্ধ?**

ক) উল্লেখিত বিষয়ে আমি কিছুই জানি না।
খ) লোকটি নিরাপরাধী কিন্তু নিরহংকারী নয়।
গ) তোমার দুরাবস্থা দেখে ব্যথিত হলাম।
ঘ) তিনি আরোগ্য হলেন।

**সঠিক উত্তর:** "বাতিল করা হয়েছে"

**ব্যাখ্যা:** বাক্য বিশ্লেষণ:

অশুদ্ধ বাক্য -

ক) উল্লেখিত বিষয়ে আমি কিছুই জানি না। - এখানে "উল্লেখিত" শব্দটি শুদ্ধ নয়। সঠিক হবে: উল্লিখিত।

সুতরাং, শুদ্ধ বাক্যটি- উল্লিখিত বিষয়ে আমি কিছুই জানি না।

অশুদ্ধ বাক্য - খ) লোকটি নিরাপরাধী কিন্তু নিরহংকারী নয়।

এখানে, "নিরাপরাধী" হবে → নিরাপরাধ।

সুতরাং, শুদ্ধ বাক্যটি- লোকটি নিরাপরাধ; কিন্তু নিরহংকারী নয়।

অশুদ্ধ বাক্য - গ) তোমার দুরাবস্থা দেখে ব্যথিত হলাম।

"দুরাবস্থা" শব্দটি অশুদ্ধ। সঠিক হবে : দুরবস্থা।

সুতরাং, শুদ্ধ বাক্যটি- তোমার দুরবস্থা দেখে ব্যথিত হলাম।

অশুদ্ধ বাক্য - ঘ) তিনি আরোগ্য হলেন।

বাক্যরীতি অনুসারে এই বাক্যটি ভুল।

এই বাক্যটিকে 'তিনি আরোগ্য লাভ করলেন' - বললে সঠিক হতো।

***** চারটি অপশনের কোনোটিই নিখুঁত নয়, তাই সঠিক উত্তর গ্রহণ করা সম্ভব হয়নি।**

উৎস: বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধান।

**প্রশ্ন ২. অশুদ্ধ কিন্তু প্রচলিত বাংলা শব্দ কোনটি?**

ক) ইতিমধ্যে
খ) সঠিক
গ) উপরোক্ত
ঘ) আগের সবগুলো

**সঠিক উত্তর:** "বাতিল করা হয়েছে"

**ব্যাখ্যা:**

বাংলা একাডেমির আধুনিক বাংলা অভিধান, প্রমিত বাংলা বানান অভিধান, বাংলা একাডেমির উচ্চারণ অভিধান, বাংলা বানান প্রয়োগ এবং অপপ্রয়োগ, বাংলা লেখার নিয়মকানুন ইত্যাদি রেফারেন্স বইয়ের আলোকে এই ব্যাখ্যা প্রণীত।

চলুন, প্রথমে অপশনে থাকা শব্দগুলো বিশ্লেষণ করি:

**ক) ইতিমধ্যে**

→ এটি একটি অশুদ্ধ শব্দ যা প্রচলিত ভাবে ব্যবহৃত হয়। আধুনিক বাংলা অভিধান অনুসারে, "ইতিমধ্যে" শব্দটির শুদ্ধ রূপ হলো "ইতোমধ্যে"।

ইতিমধ্যে /ইতিমোদ্‌ধে/ [অশুপ্র.] ক্রিবিণ. 'ইতোমধ্যে'-র অশুদ্ধ প্রচলিত রূপ; ইত্যবসরে, এর মধ্যে।

• ড. মোহাম্মদ আমীন এর "বাংলা বানান প্রয়োগ ও অপপ্রয়োগ" বই অনুসারে -

• *"সংস্কৃত 'ইতঃ (ইতস্)' একটি অব্যয়। এর অর্থ এই, এই স্থানে, এই স্থান থেকে প্রভৃতি। 'ইতঃ' শব্দের সঙ্গে 'মধ্যে' শব্দের সন্ধি করলে সন্ধির নিয়মানুসারে 'ইতোমধ্যে' শব্দ গঠিত হয়। এই কারণে অভিধানগুলিতে সাধারণত 'ইতিমধ্যে' শব্দকে অশুদ্ধ উল্লেখ করা হয়।"*

সুভাষ ভট্টাচার্য বলেছেন, "বর্তমানে 'ইতিপূর্বে' ও 'ইতিমধ্যে' এত বেশি প্রচলিত যে, খুব কম লেখকই মনে রাখেন যে এগুলি অশুদ্ধ। আর যাঁরা মনে রাখেন তাঁরাও বিস্মৃত ও বর্জিত শুদ্ধ রূপের চেয়ে প্রচলিত অশুদ্ধ রূপটিকেই ব্যবহারযোগ্য মনে করেন।" বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধানে 'ইতোমধ্যে' শব্দকে প্রমিত ধরা হয়েছে।

**খ) সঠিক** -

বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধান অনুসারে,

→ এটি শুদ্ধ শব্দ; যার অর্থ - নির্ভুল, প্রকৃত।

সঠিক /শঠিক্/ [বা.] বিণ. নির্ভুল, প্রকৃত (সঠিক তথ্য)।

• ব্যবহারিক বাংলা অভিধান; সংসদ বাংলা অভিধান অনুসারেও - 'সঠিক' শুদ্ধ শব্দ।

• ড. মোহাম্মদ আমীন এর "বাংলা বানান প্রয়োগ ও অপপ্রয়োগ" বই অনুসারে -

*"সঠিক ও ঠিক দুটি শব্দই অভিন্ন অর্থ বোঝাতে ব্যবহৃত হয়। বাংলা ভাষায় দুটি শব্দই সমান প্রচলিত। অনেকে মনে করেন 'সঠিক' শব্দ শুদ্ধ নয়; বাহুল্য এবং অপপ্রয়োগ। তারা মনে করেন 'সঠিক' শব্দের 'স' একটি উপসর্গ। **আসলে এ ধারনা সঠিক নয়।** বাংলা শব্দ হিসেবে 'সঠিক' শব্দটি অবশ্যই সঠিক। বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধানেও শব্দটি প্রমিত হিসেবে স্থান পেয়েছে।"*

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

অর্থাৎ, কোনোভাবেই 'সঠিক' শব্দটিকে আমরা ভুল/অশুদ্ধ বলতে পারি না।

**গ) উপরোক্ত**

→ এটি অশুদ্ধ শব্দ যা বহুলভাবে ব্যবহৃত হয়। আধুনিক বাংলা অভিধান অনুসারে এর সঠিক রূপ = উপরিউক্ত বা উপর্যুক্ত।

**উপরিউক্ত** /উপোরিউক্‌তো/ [স. উপরি+√বচ্‌+ত]
বিণ. ওপরে বা পূর্বে বলা হয়েছে এমন, উপর্যুক্ত, পূর্বোক্ত, প্রাগুক্ত।

• অভিগম্য অভিধান অনুসারে,

**উপরোক্ত, উপর্যুক্ত** [উপোরোক্‌তো, উপোরজুক্‌তো] *(বিশেষণ)* পূর্বে উক্ত হয়েছে এমন; পূর্বে কথিত।

{(তৎসম বা সংস্কৃত) উপরি+উক্ত; সংস্কৃত ব্যাকরণে সন্ধির নিয়মে ‘উপর্যুক্ত’ শব্দটি শুদ্ধ, অন্যদিকে ‘উপরোক্ত’ শব্দটি বাংলায় বহুল প্রচলিত}

• ড. মোহাম্মদ আমীন এর "বাংলা বানান প্রয়োগ ও অপপ্রয়োগ" বই অনুসারে,

*"উপরোক্ত" শব্দটি অশুদ্ধ।*

*"কারণ, অনেকে বৈয়াকরণরা এ অভিমত ব্যক্ত করেন যে - বাংলা 'উপর' শব্দের সঙ্গে তৎসম 'উক্ত' শব্দের সন্ধি করা যায় না। তাই, তৎসম 'উপরি' শব্দের সঙ্গে তৎসম 'উক্ত' শব্দের সন্ধি করা সমীচীন। সেক্ষেত্রে, 'উপরোক্ত' এর পরিবর্তে 'উপরিউক্ত' বা 'উপর্যুক্ত' শব্দটি সঠিক।"*

এ প্রসঙ্গে সুভাষ ভট্টাচার্য বলেছেন - যে শব্দ শতাধিক বছর ধরে ব্যবহৃত হয়ে আসছে এবং প্রধান বাঙালি সাহিত্যিক ও পণ্ডিতেরা যে শব্দের ব্যবহারে অনীহ নন তাকে অশুদ্ধ বলে দূরে সরিয়ে রাখা উচিত্ব নয়, সম্ভবও না।

কিন্তু, 'উপরোক্ত' শব্দটি দীর্ঘকাল ধরে ব্যবহৃত হয়ে জনপ্রিয় হয়ে গেছে।

সুতরাং,

- "ইতিমধ্যে" শব্দটি বাংলা ভাষায় খুবই প্রচলিত হলেও, ব্যাকরণগতভাবে এটি অশুদ্ধ।
- "সঠিক" শব্দটি অভিধান ও প্রচলিত হিসাবে শুদ্ধ।
- "উপরোক্ত" শব্দটিও বহুল প্রচলই কিন্তু ব্যাকরণগতভাবে অশুদ্ধ।

অতএব, এই প্রশ্ন দ্বৈত উত্তর (ইতিমধ্যে; উপরোক্ত) রয়েছে।

তাই প্রশ্নের উত্তর তুলে দেওয়া হয়েছে।

উৎস: ১. বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধান,

২. বাংলা একাডেমির উচ্চারণ অভিধান,

৩. বাংলা বানান প্রয়োগ এবং অপপ্রয়োগ, ড. মোহাম্মদ আমীন,

৪. ব্যবহারিক বাংলা অভিধান,

৫. সংসদ বাংলা অভিধান।

৬. বাংলা লেখার নিয়মকানুন- ড. হায়াৎ মামুদ।

**প্রশ্ন ৩. 'মুক্তি' শব্দের প্রকৃতি-প্রত্যয় বিশ্লেষণ করলে হবে -**

ক) মুক্ + তি খ) মু + ক্তি

গ) মুচ্ + ক্তি ঘ) মোচন + তি

**সঠিক উত্তর:** গ) মুচ্ + ক্তি

**Live MCQ Analytics:** Right: 90%; Wrong: 3%; Unanswered: 5%; [Total: 17424]

**ব্যাখ্যা:** সঠিক উত্তরঃ **ক) √মুচ্ + ক্তি।**

• ‘ক্তি’ একটি সংস্কৃত কৃৎ প্রত্যয়। ‘ক্তি’ সংযুক্ত শব্দের শেষে যদি ‘চ/জ’ থাকে তা ‘ক’ হয়ে যায়।

যেমন: **√মুচ্ + ক্তি = মুক্তি;** √ভজ্ + ক্তি = ভক্তি।

• বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধান অনুসারে,

‘মুক্তি’ (বিশেষ্য): সংস্কৃত শব্দ। প্রকৃতি প্রত্যয় = √মুচ্ +তি।

অর্থ: স্বাধীনতা, মোহ অত্যাদি।

উৎস: বাংলা ভাষার ব্যাকরণ, নবম-দশম শ্রেণি (২০১৯ সংস্করণ); আধুনিক বাংলা অভিধান, বাংলা একাডেমি।

**প্রশ্ন ৪. বাংলা লিপির উৎস -**

ক) গুপ্ত লিপি খ) দেবনাগরী লিপি

গ) নাগরী লিপি ঘ) ব্রাহ্মী লিপি

**সঠিক উত্তর:** ঘ) ব্রাহ্মী লিপি

**Live MCQ Analytics:** Right: 95%; Wrong: 0%; Unanswered: 4%; [Total: 17424]

**ব্যাখ্যা: • বাংলা লিপির উৎপত্তি:**

• বাংলা ভাষার নিজস্ব লিপি রয়েছে। এই লিপির নাম বাংলা লিপি।

• বাংলা লিপিতে মূল বর্ণের সংখ্যা ৫০টি- স্বরবর্ণ ১১টি এবং ব্যঞ্জনবর্ণ ৩৯টি।

• বাংলা লিপির উদ্ভব হয়েছে ব্রাহ্মী লিপি থেকে।

**- তাই বাংলা বর্ণমালার উৎস ব্রাহ্মী লিপি।**

• প্রায় আড়াই বছর আগে উপমহদেশে ব্রাহ্মী লিপির জন্ম হয়। ব্রাহ্মী লিপির পূর্ব-ভারতীয় শাখা দশম শতক নাগাদ কুটিল লিপি নামে পরিচিতি লাভ করে। বাংলা লিপি এই কুটিল লিপির পরিবর্তিত রূপ। অহমিয়া, বোড়ো, মণিপুর প্রভৃতি ভাষাও বাংলা লিপিতে রেখা হয়। সংস্কৃত এবং মৈথিলি ভাষা এক সময়ে এই লিপিতে লেখা হত।

• বাংলা লিপির উদ্ভব হয়েছে ব্রাহ্মী লিপির পূর্ব-ভারতীয় শাখা কুটিল লিপি থেকে।

ব্রাহ্মী লিপির তিনটি রূপ রয়েছে।

যথা: সারদা, নাগর ও কুটিল।

উল্লেখ্য,

- পাল যুগে লিপির কাজ শুরু হলেও সেন যুগে লিপির সুসংগঠন হয়।
- চার্লস উইলকিন্স বাংলা লিপির প্রথম নকশা করেন, কিন্তু আধুনিক রূপ দেন পঞ্চানন কর্মকার।
- তাই বাংলা লিপির জনক বা প্রথম নকশাকারক চার্লস উইলকিন্স

হলেও আধুনিকতার রূপকার পঞ্চানন কর্মকার।
উৎস: বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি, নবম-দশম শ্রেণি (২০২২সংস্করণ) ও বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

**প্রশ্ন ৫. 'খ্রিষ্টাব্দ' কোন কোন শব্দযোগে গঠিত?**

ক) ইংরেজি + তৎসম　　খ) তৎসম + ফারসি
গ) তৎসম+ ইংরেজি　　ঘ) ফারসি + তৎসম

**সঠিক উত্তর:** ক) ইংরেজি + তৎসম

**Live MCQ Analytics:** Right: 73%; Wrong: 17%; Unanswered: 8%; [Total: 17424]

**ব্যাখ্যা:** • 'খ্রিষ্টাব্দ' শব্দটি ***(ইংরেজি + তৎসম)*** ভাষার শব্দ নিয়ে গঠিত মিশ্র শব্দ।
- এটি একটি বিশেষ্য পদ।
বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধান অনুসারে,
- খ্রিষ্টাব্দ'- শব্দটি (ইংরেজি +তৎসম) ভাষার শব্দ নিয়ে গঠিত।
- খ্রিষ্টাব্দ =খ্রিষ্ট + অব্দ।
এখানে,
- 'খ্রিষ্ট' ইংরেজি শব্দ 'Christ' থেকে এসেছে এবং 'অব্দ' তৎসম শব্দ।
শব্দের অর্থ:
- যিশু খ্রিষ্টের জন্মবৎসর থেকে পরিগণিত অব্দ, সাল।
উৎস: বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধান।

**প্রশ্ন ৬. 'ময়মনসিংহ গীতিকা' কে সম্পাদনা করেন?**

ক) হরপ্রসাদ শাস্ত্রী　　খ) দীনেশচন্দ্র সেন
গ) রামেন্দ্রসুন্দর ত্রিবেদী　　ঘ) রামমোহন রায়

**সঠিক উত্তর:** খ) দীনেশচন্দ্র সেন

**Live MCQ Analytics:** Right: 90%; Wrong: 3%; Unanswered: 5%; [Total: 17424]

**ব্যাখ্যা:** • **রিয়েল জবের পরীক্ষায় - প্রশ্নটিতে লিখা ছিলো - 'ময়মনসিংহ গীতিকা' কে সম্পাদনা করেন? যেখানে 'ময়মনসিংহ গীতিকা' এর পরিবর্তে 'মৈমনসিংহ গীতিকা' হবে।**

**মৈমনসিংহ গীতিকা:**
• ময়মনসিংহ অঞ্চলের প্রচলিত গানগুলোকে একত্রে মৈমনসিংহ গীতিকা বলা হয়।
• কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. দীনেশচন্দ্র সেনের আগ্রহে মৈমনসিংহ গীতিকা সংগ্রহ করেন চন্দ্রকুমার দে। চন্দ্রকুমার দে ছিলেন ময়মনসিংহ নিবাসী।
• ***দীনেশচন্দ্র সেনের সম্পাদনায় ১৯২৩ সালে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে মৈমনসিংহ গীতিকা প্রকাশিত হয়।***
• মৈমনসিংহ গীতিকা বিশ্বের ২৩টি ভাষায় মুদ্রিত হয়।
• মৈমনসিংহ গীতিকায় ১০টি গীতিকা ও রূপকথা স্থান পেয়েছে। যথা :
- মহুয়া, মলুয়া, চন্দ্রাবতী, কমলা, দেওয়ান ভাবনা, দস্যু কেনারামের পালা, রূপবতী, কঙ্ক ও লীলা, কাজলরেখা (রূপকথা) ও দেওয়ান মদিনা।
• দীনেশচন্দ্র সেন:
- দীনেশচন্দ্র সেন(১৮৬৬-১৯৩৯) শিক্ষাবিদ, গবেষক, লোক-সাহিত্যবিশারদ, বাংলা সাহিত্যের ইতিহাসকার।
- জন্ম মাতুলালয়ে, ১৮৬৬ সালের ৩ নভেম্বর মানিকগঞ্জ জেলার বগজুরি গ্রামে।
- ১৮৯৬ সালে দীনেশচন্দ্রের পুথিসংগ্রহ, পুথিপাঠ এর সময় তাঁর কর্মজীবনে এবং গবেষণার ক্ষেত্রে একটি নতুন পর্বের সূচনা হয়। তিনি উপাচার্য স্যর আশুতোষ মুখোপাধ্যায়ের আহবানে কলকাতা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সংশ্লিষ্ট হন।
তাঁর উল্লেখযোগ্য গ্রন্থ:
- বঙ্গ-সাহিত্য পরিচয় (দুই খণ্ড, সম্পাদনা), সরল বাঙ্গালা সাহিত্য, ঘরের কথা ও যুগসাহিত্য, বৃহৎ বঙ্গ (দুই খণ্ড, আশুতোষ-স্মৃতিকথা, বাংলার পুরনারী, প্রাচীন বাঙ্গলা সাহিত্যে মুসলমানের অবদান।
উৎস: বাংলাপিডিয়া; বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা- ড. সৌমিত্র শেখর।

**প্রশ্ন ৭. শুদ্ধ বানানগুচ্ছ-**

ক) পূণ্য, শূন্য　　খ) দূর্যোগ, দুর্বার
গ) বাধা, বাঁধা　　ঘ) যন্ত্রণা, মন্ত্রনা

**সঠিক উত্তর:** গ) বাধা, বাঁধা

**Live MCQ Analytics:** Right: 26%; Wrong: 57%; Unanswered: 15%; [Total: 17424]

**ব্যাখ্যা:** সঠিক উত্তর: ***গ) বাধা, বাঁধা।***
উভয় শব্দই শুদ্ধ এবং অর্থে পার্থক্য আছে।
• বাধা অর্থ = প্রতিবন্ধকতা
• বাঁধা অর্থ= রশি দিয়ে আটকে রাখা।
অন্যান্য অপশন,
ক) পূণ্য, শূন্য:
• পূণ্য শব্দটি অশুদ্ধ। সঠিক বানান পুণ্য (অর্থ: পবিত্র কাজ)।
• শূন্য শব্দটি শুদ্ধ (অর্থ: খালি, শূন্যতা)।
*একটি শব্দ ভুল, তাই এই জোড়া অশুদ্ধ।*
খ) দূর্যোগ, দুর্বার:
• দূর্যোগ শব্দটি অশুদ্ধ। সঠিক বানান দুর্যোগ (অর্থ: বিপদ) বা দুর্ঘটনা।
• দুর্বার শব্দটি শুদ্ধ (অর্থ: অপ্রতিরোধ্য)।
*একটি শব্দ ভুল, তাই এই জোড়া অশুদ্ধ।*
ঘ) যন্ত্রণা, মন্ত্রনা:

• যন্ত্রণা শব্দটি শুদ্ধ (অর্থ: কষ্ট; যাতনা)।
• মন্ত্রনা শব্দটি অশুদ্ধ। সঠিক বানান মন্ত্রণা (অর্থ: পরামর্শ)।
*একটি শব্দ ভুল, তাই এই জোড়া অশুদ্ধ।*
উৎস: বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধান।

**প্রশ্ন ৮. বাংলা সাহিত্যের ইতিহাসে আদিযুগ-**

ক) ৫০০-৬৫০ খ্রিস্টাব্দ খ) ৬৫০-১২০০ খ্রিস্টাব্দ
গ) ১৩০০-১৫০০ খ্রিস্টাব্দ ঘ) ১২০০-১৩৫০ খ্রিস্টাব্দ

**সঠিক উত্তর:** খ) ৬৫০-১২০০ খ্রিস্টাব্দ

**Live MCQ Analytics:** Right: 93%; Wrong: 1%; Unanswered: 4%; [Total: 17424]

**ব্যাখ্যা:** • বাংলা সাহিত্যকে প্রধানত তিনটি যুগে বা পর্যায়ে ভাগ করা হয়।
যথা:
**• আদি যুগ:**
**৬৫০-১২০০ খ্রিষ্টাব্দ আদিযুগের সময়কাল।** চর্যাপদ ছিল আদি যুগের একমাত্র লিখিত নিদর্শন।
• মধ্যযুগ:
বাংলা সাহিত্যে মধ্যযুগের বিস্তার চার শতাব্দী ধরে।
বাংলা সাহিত্যের মধ্যযুগে তিনটি ভাগ যথাক্রমে:
- ১২০১-১৫০০ - প্রাকচৈতন্য যুগ;
- ১৫০১-১৬০০ চৈতন্য যুগ;
- ১৬০১-১৮০০ চৈতন্য পরবর্তী যুগ।
এছাড়া ১২০১-১৩৫০ সাল পর্যন্ত সময়কে বাংলা সাহিত্যের অন্ধকার যুগ বলা হয়।
• আধুনিক যুগ:
১৮০০ খ্রিষ্টাব্দে প্রতিষ্ঠিত হয় ফোর্ট উইলিয়াম কলেজ। এই কলেজের পাঠ্যপুস্তক রচনার মধ্য দিয়েই বাংলা সাহিত্য প্রবেশ করে আধুনিক যুগে।
- আখ্যনকাব্য, মহাকাব্য, নাটক-প্রহসন, গীতিকাব্য এবং সংবাদপত্র-সাময়িকপত্রের পথ ধরে উনিশ শতকের দ্বিতীয়ার্ধে এসে বাংলা সাহিত্য প্রবেশ করে বিশ্ব সাহিত্যের দরবারে।
উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড সৌমিত্র শেখর, বাংলা সাহিত্যের ইতিহাস- মাহবুবুল আলম।

**প্রশ্ন ৯. 'পয়ঃ' শব্দের অর্থ-**

ক) পানি খ) বাতাস
গ) বর্জ্য ঘ) কাগজ

**সঠিক উত্তর:** ক) পানি

**Live MCQ Analytics:** Right: 51%; Wrong: 42%; Unanswered: 6%; [Total: 17424]

**ব্যাখ্যা:** • বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধান অনুসারে, 'পয়ঃ' শব্দের অর্থ- ***পানি।***
• 'পানি' শব্দের আরো কিছু সমার্থক শব্দ:
- জল, সলিল, নীর, পয়ঃ, অপ, উদক, জীবন, অম্বু।
তবে,
'পয়ঃপ্রণালি' বলতে বোঝায় - পানি নিষ্কাশনের পথ, নর্দমা।
উৎস: বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি, নবম-দশম শ্রেণি (২০২২ সংস্করণ) ও ভাষা-শিক্ষা, ড.. হায়াৎ মামুদ।

**প্রশ্ন ১০. 'সাতপাঁচ ভেবে লাভ নেই।' এখানে ব্যবহৃত বাগধারাটি কোন অর্থ প্রকাশ করছে?**

ক) অগ্র-পশ্চাৎ খ) এলোমেলো
গ) সস্তা কথা ঘ) নানা প্রকার

**সঠিক উত্তর:** ক) অগ্র-পশ্চাৎ

**Live MCQ Analytics:** Right: 52%; Wrong: 39%; Unanswered: 8%; [Total: 17424]

**ব্যাখ্যা:** • সঠিক উত্তর: ***ক) অগ্র-পশ্চাৎ।***
• 'সাতপাঁচ' বাগ্‌ধারাটি 'অগ্র-পশ্চাৎ' অর্থে ব্যবহৃত হয়। 'সাতপাঁচ ভেবে লাভ নেই' বাক্যের অর্থ হলো - অগ্র-পশ্চাৎ চিন্তা করে বা ভেবে কোনো লাভ নেই।
উদাহরণস্বরূপ:
"সাতপাঁচ ভেবে সময় নষ্ট করলে কাজ এগোবে না।"
বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধান অনুসারে,

**সাতপাঁচ** /শাত্‌পাঁচ্/ [বা.] বিণ. ১ নানাপ্রকার, বিবিধ। ২ এলোমেলো, অসংলগ্ন। বি. ১ নানা বিষয়। ২ অগ্রপশ্চাৎ (*সাতপাঁচ ভাবা*)।

উল্লেখ্য,
** **সাতপাঁচ** শব্দের আভিধানিক অর্থ হিসেবে "নানাপ্রকার, বিবিধ, এলোমেলো, অসংলগ্ন, নানা বিষয়" ব্যবহৃত হতে পারে।
** কিন্তু **বাগ্‌ধারা** হিসেবে **সাতপাঁচ ভাবা** "অগ্রপশ্চাৎ" অর্থে ব্যবহৃত হয়।
**- প্রশ্নোক্ত বাক্যে বাগ্‌ধারার অর্থ প্রাধান্য পাবে। তাই সঠিক উত্তর - অগ্রপশ্চাৎ।**
অপশন বিশ্লেষণ:
(খ) এলোমেলো: এটি বিশৃঙ্খল চিন্তাকে নির্দেশ করে, কিন্তু বাগ্‌ধারাটির মূল উদ্দেশ্য বিশৃঙ্খলা নয়, বরং বহুমুখী চিন্তা।
(গ) সস্তা কথা: এটি অর্থহীন বা তুচ্ছ আলোচনাকে বোঝায়, যা প্রাসঙ্গিক নয়।
ঘ) নানা প্রকার: বাক্যটির সাথে প্রাসঙ্গিক নয়।

বাংলা একাডেমি অভিধান অনুসারে, অধিক গ্রহণযোগ্য উত্তর - **ক) অগ্র-**

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store Get it from Microsoft Download on the Mac App Store livemcq.com 01701377322

পশ্চাৎ।

উৎস: বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধান; বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর; ভাষা-শিক্ষা, ড.. হায়াৎ মামুদ।

**প্রশ্ন ১১. কোনটি রবীন্দ্রনাথ ঠাকুর রচিত নাটক নয়?**

ক) শর্মিষ্ঠা খ) তাসের ঘর

গ) রক্তকরবী ঘ) চিত্রাঙ্গদা

**সঠিক উত্তর:** ক) শর্মিষ্ঠা

**Live MCQ Analytics:** Right: 77%; Wrong: 13%; Unanswered: 8%; [Total: 17424]

**ব্যাখ্যা:** • রবীন্দ্রনাথ ঠাকুর রচিত নাটক নয় - ***শর্মিষ্ঠা।***

- এটি মধুসূদন দত্তের প্রথম প্রকাশিত বাংলা নাটক।

• **'শর্মিষ্ঠা' নাটক:**

- এটি মধুসূদন দত্তের প্রথম প্রকাশিত বাংলা নাটক।
- কলকাতার পাইকপাড়ার রাজাদের অনুপ্রেরণায় বেলগাছিয়া থিয়েটারের জন্য মধুসূদন দত্ত ১৮৫৮ সালে নাটকটি রচনা করেন।
- ১৮৫৯ সালের জানুয়ারি মাসে রাজাদের অর্থানুকূল্যে 'শর্মিষ্ঠা' প্রকাশিত ও ১৮৫৯ সালের ৩রা সেপ্টেম্বর সেটা বেলগাছিয়া থিয়েটারে মঞ্চস্থ হয়।
- পাশ্চাত্যরীতিতে বাংলা নাটক রচনার চেষ্টা এই নাটকের মধ্যে বিশেষভাবে সফলতা পায়।
- মধুসূদন পরে 'শর্মিষ্ঠা'র ইংরেজি অনুবাদও করেন ।
- এই নাটক রচনায় পুরাণের কাহিনি অবলম্বন করা হয়েছে।

উল্লেখযোগ্য চরিত্র:

- যযাতি, দেবযানী, শর্মিষ্ঠা, মাধব্য, পূর্ণিমা, রাজমন্ত্রী প্রমুখ

অন্যান্য অপশন,

***অপশন খ) তে মূল পরীক্ষায় লিখা ছিলো - তাসের ঘর। কিন্তু, নাটকটির নাম হবে - তাসের দেশ।***

• **'তাসের দেশ' নাটক:**

- 'তাসের দেশ' (১৯৩৩) রূপক নাট্য।
- রবীন্দ্রনাথের নিজেরই 'এক আষাঢ়ে গল্প' নামক গল্পের কাহিনি এই নাটকের ভিত্তিভূমি।
- রাজপুত্র এবং সদাগর পুত্র এক অপরিচিত দ্বীপে এসে পৌঁছেছেন, যে দ্বীপের জীবন শাসিত হয় যান্ত্রিক নিয়মানুবর্তিতায়, যুক্তি ও হৃদয়হীন শাসনতন্ত্রের আনুগত্যে।
- রাজপুত্র এবং সদাগর এই নিয়মবন্দি জীবনের মধ্যে আনলেন বিদ্রোহ।
- এই নাটকটি উৎসর্গ করা হয় নেতাজি সুভাষচন্দ্র বসুকে।
- এই রূপক নাটক লিখে উপনিবেশ শাসিত ভারতীয়দের জড়ত্ব ঘোচানোর জন্য একজন সে-রকম মুক্তিদূত রূপী রাজপুত্রের আগমনকে কামনা করেছিলেন রবীন্দ্রনাথ ঠাকুর।

• **রক্তকরবী' নাটক:**

- রক্তকরবী (১৯২৬) রবীন্দ্রনাথের একটি সাংকেতিক নাটক।
- ১৩৩০ বঙ্গাব্দে নাটকটি প্রবাসী পত্রিকায় প্রকাশিত।
- রক্তকরবীতে ধনের উপর ধান্যের, শক্তির উপর প্রেমের ও মৃত্যুর উপর জীবনের জয়গান গাওয়া হয়েছে।

• প্রধান চরিত্র: নন্দিনী, রঞ্জন।

- নাটকে 'নন্দিনী' চরিত্রটি নিপীড়িত মানুষের মাঝখানে দেখা দিয়েছে আনন্দের দূত রূপে।
- 'রঞ্জন' বিদ্রোহের বাণী বহন করে এনেছে।

**চিত্রাঙ্গদা:**

- এটি মণিপুর রাজকন্যা চিত্রাঙ্গদা ও অর্জুনের পৌরাণিক প্রনয় কাহিনি অবলম্বনে রচিত রবীন্দ্রনাথের একটি নাটক।
- এটি অমিত্রাক্ষর ছন্দে রচিত।
- কাহিনির পরিকল্পনা সম্পূর্ণ অভিনব এবং মহাভারতের কাহিনি থেকে পৃথক।
- এই নাটকের নারী মর্যাদা ও আত্মসম্মান প্রধান হয়ে উঠেছে।
- পরবর্তীকালে রবীন্দ্রনাথ একই কাহিনি অবলম্বনে 'চিত্রাঙ্গদা' নৃত্যনাট্য (১৯৩৬) রচনা করেন।

উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর, বাংলাপিডিয়া।

**প্রশ্ন ১২. নিচের কোনটিকে ছড়ার ছন্দ বলা হয়?**

ক) মাত্রাবৃত্ত খ) স্বরবৃত্ত

গ) অক্ষরবৃত্ত ঘ) মুক্তক অক্ষরবৃত্ত

**সঠিক উত্তর:** খ) স্বরবৃত্ত

**Live MCQ Analytics:** Right: 47%; Wrong: 32%; Unanswered: 20%; [Total: 17424]

**ব্যাখ্যা:** • **স্বরবৃত্ত ছন্দ:**

- ***স্বরবৃত্ত ছন্দের বহুল প্রচলিত নাম ছড়ার ছন্দ,*** লৌকিক ছন্দ, লোকছন্দ, মেয়েলি ছন্দ।
- এটাকে প্রাকৃত বাংলা ছন্দও বলা হয়।
- প্রাচীন ছড়াগুলো স্বরবৃত্তে রচিত।
- রবীন্দ্রনাথ ঠাকুর একে ছড়া ছন্দ বা লোকছন্দ বলেছেন।
- এর ভাব লঘু ও চপল।

স্বরবৃত্ত ছন্দের বৈশিষ্ট্য:

- দ্রুত লয়ের ছন্দ।
- এই ছন্দের মূল পর্ব বা পূর্ণ পর্ব চার মাত্রাবিশিষ্ট।
- মুক্তাক্ষর এবং বদ্ধাক্ষর উভয়ই একমাত্র বিশিষ্ট,পর্বগুলো ছোট ৪ মাত্রা বিশিষ্ট।

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store Get it from Microsoft Download on the Mac App Store livemcq.com 01701377322

উদাহরণ-
খোকন খোকন/ ডাক পাড়ি
খোকন মোদের/ কার বাড়ি।
অন্যদিকে,

• **অক্ষরবৃত্ত ছন্দ:**
- উৎপত্তির বিচারে যে ছন্দটিকে খাঁটি বাংলা অর্থাৎ 'তদ্ভব ছন্দ' নামে আখ্যায়িত করা হয়, তাকেই প্রচলিত ভাষায় বলা হয় অক্ষরবৃত্ত ছন্দ।

• **মাত্রাবৃত্ত ছন্দ:**
- উৎপত্তির বিচারে এ ছন্দ"তৎসম' বা 'অর্ধতৎসম ছন্দ'; যে ছন্দে প্রাচীন সংস্কৃত ও প্রাকৃত ছন্দের অনেক লক্ষণ অথবা অন্তত কিছুটা লক্ষণও বর্তমান আছে তাকেই বলা হয় 'মাত্রাবৃত্ত ছন্দ'।

• মুক্তক ছন্দ:
- ছেদ অনুসারে পর্ব গঠিত হয়, প্রবহমানতা, অন্ত্যমিল ও অর্থবিভাগ-ভিত্তিক পঙ্ক্তি সৃষ্টি হয় যে ছন্দে তাকে মুক্তক ছন্দ বলে।

উৎস : ভাষা-শিক্ষা, ড হায়াৎ মামুদ; বাংলাপিডিয়া; প্রাচ্য সাহিত্য সমালোচনা তত্ত্ব ও অলংকার শাস্ত্র, প্রফেসর ড. ধীরেন্দ্রনাথ তরফদার।

**প্রশ্ন ১৩. 'যদিও হাত কাঁপে তথাপি ছোট ছোট করে চারটা চিঠি লিখলাম।' এখানে দ্বিরুক্ত শব্দ কোন অর্থ প্রকাশ করছে?**

ক) সামান্য খ) মার্জিত
গ) পৌনঃপুনিকতা ঘ) আধিক্য

**সঠিক উত্তর:** ক) সামান্য

**Live MCQ Analytics:** Right: 35%; Wrong: 64%; Unanswered: 0%; [Total: 17424]

**ব্যাখ্যা:** • বাক্যটি: "যদিও হাত কাঁপে তথাপি ছোট ছোট করে চারটা চিঠি লিখলাম।" -

এখানে দ্বিরুক্ত শব্দ "ছোট ছোট" একটি কাজের ধরন বা পদ্ধতি নির্দেশ করছে। অর্থাৎ, হাত কাঁপার কারণে চিঠিগুলো একেবারে একটানা লেখা সম্ভব হচ্ছে না, বরং ধীরে ধীরে বা ভাগ ভাগ করে লিখতে হচ্ছে।

এই কারণে **এখানে দ্বিরুক্ত শব্দটি "সামান্য"** বা কম পরিমাণ বোঝাচ্ছে।

**কেন "আধিক্য" নয়?**

• আধিক্য হলো বেশি সংখ্যা বা বেশি পরিমাণ বোঝানো। "ছোট ছোট" বস্তু বা জিনিসের ক্ষেত্রে সেটি সংখ্যা বা বিচ্ছিন্ন অংশ নির্দেশ করলে "আধিক্য" অর্থ হতে পারে, যেমন— "গাছের ছোট ছোট ডাল" অর্থ অনেকগুলো ছোট আকারের ডাল বোঝায়। কিন্তু এখানে একটি কাজ (চিঠি লেখা) ছোট ছোট বা ধাপে ধাপে করা বোঝানো হয়েছে, সংখ্যাধিক্য নয়।

• উল্লেখ্য, বাক্যটিতে 'চারটা চিঠি' উল্লেখ করা আছে। তাই আধিক্য নেওয়ার সুযোগ নেই।

• আবার, দ্বিরুক্ত শব্দ ব্যবহারের দিক থেকে চার প্রকারের হতে পারে। এর মধ্যে - একটি প্রকার হলো - যথাদ্বিরুক্ত।

যথাদ্বিরুক্ত: এতে মূল শব্দের অর্থের কোনোরূপ পরিবর্তন হয় না, শব্দের অর্থের বিকৃতিও ঘটে না।

যেমন - ছোট ছোট বাক্য। লম্বা লম্বা বাঁশ।

তুলনামূলক উদাহরণ:

উদাহরণ - অর্থ
ছোট ছোট কাজ - সামান্য বা ধাপে ধাপে,
ছোট ছোট শিশু - সংখ্যাধিক্য,
ছোট ছোট ডাল - সংখ্যাধিক্য,
ছোট ছোট কথা - সামান্য বা হালকা।

অর্থাৎ, কাজের প্রকৃতি বোঝালে → সামান্য;
বস্তুর সংখ্যা বা বিচ্ছিন্নতা বোঝালে → আধিক্য;
অতএব, সঠিক উত্তর: (ক) সামান্য।

উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা - ড. সৌমিত্র শেখর।

**প্রশ্ন ১৪. 'ব্রজবুলি' ভাষা হলো-**

ক) মিথিলার স্থানীয় ভাষা খ) কৃত্রিম ভাষা
গ) কৃত্রিম কাব্যভাষা ঘ) ব্রজভাষা

**সঠিক উত্তর:** গ) কৃত্রিম কাব্যভাষা

**Live MCQ Analytics:** Right: 70%; Wrong: 23%; Unanswered: 6%; [Total: 17424]

**ব্যাখ্যা:** • ব্রজবুলি হলো — ***একটি কৃত্রিম কবিভাষা,*** যা বাংলা, মৈথিলী ও সংস্কৃত ভাষার সংমিশ্রণে সৃষ্টি হয়েছিল মূলত ভক্তিমূলক কবিতা রচনার জন্য।

• **ব্রজবুলি:**
- বৈষ্ণব পদাবলির অধিকাংশই রচিত হয়েছে 'ব্রজবুলি' নামে এক কৃত্রিম মিশ্র ভাষায়।
- ব্রজবুলি মধ্যযুগীয় বাংলা সাহিত্যের দ্বিতীয় কাব্যভাষা বা উপভাষা।
- মিথিলার কবি বিদ্যাপতি এর উদ্ভাবক।
- তিনি মৈথিলী ভাষার সঙ্গে বাংলা ভাষার মিশ্রণে এই কৃত্রিম সাহিত্যিক ভাষা উদ্ভাবন করেন।
- ষোল শতকের বাঙালি বৈষ্ণব কবিরা বিদ্যাপতির পদের ভাষা ও ছন্দের অনুকরণে রাধাকৃষ্ণবিষয়ক পদ রচনা করতে শুরু করেন।
- রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর ভানুসিংহ ঠাকুরের পদাবলী রচনা করেছেন এ ভাষায়।

সূত্র: বাংলা সাহিত্যের ইতিহাস- ড. মাহবুবুল আলম এবং বাংলাপিডিয়া।

Join Now ▶ | GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

**প্রশ্ন ১৫. উপমিত কর্মধারয়ের উদাহরণ কোনটি?**

ক) বজ্রকঠিন                খ) সিংহপুরুষ
গ) বরফশীতল                ঘ) কাজলকালো

**সঠিক উত্তর:** খ) সিংহপুরুষ

**Live MCQ Analytics:** Right: 80%; Wrong: 19%; Unanswered: 0%; [Total: 17424]

**ব্যাখ্যা: • উপমিত কর্মধারয়:**
- যাকে তুলনা করা হয়, তা উপমেয়। কিছু কর্মধারয় সমাসে উপমেয় পদের সাথে উপমান পদের সমাস হয়। এগুলাোকে উপমিত কর্মধারয় সমাস বলে।
যেমন:
- নয়ন পদ্মের ন্যায় = নয়নপদ্ম।
- আঁখি পদ্মের ন্যায় = পদ্মআঁখি।
- ***পুরুষ সিংহের ন্যায় = সিংহপুরুষ।***
- ব- এর মতো দ্বীপ = বদ্বীপ।
- প্রাণের মতো প্রিয় = প্রাণপ্রিয় ইত্যাদি।

অন্যদিকে,
**• উপমান কর্মধারয় সমাস:**
উপমান পদের সঙ্গে সাধারণ ধর্মবাচক পদের যে সমাস হয় তাকে উপমান কর্মধারয় সমাস বলে। এই সমাসে একটা বিশেষণ পদ থাকে।
যেমন:
- মিশির মতো কালো = মিশকালো।
- শশকের মতো ব্যস্ত = শশব্যস্ত।
- ***বজ্রের মতো কঠিন = বজ্রকঠিন।***
- **বরফের মতো ঠান্ডা = বরফশীতল।**
- **কাজলের ন্যায় কালো = কাজলকালো।**
- তুষারের  ন্যায় ধবল = তুষারধবল।

উৎস: ভাষা - শিক্ষা, ড. হায়াৎ মামুদ এবং বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

**প্রশ্ন ১৬. 'হ্ম' যুক্তবর্ণ গঠিত হয়েছে-**

ক) হ্ + ম                খ) হ্ + ষ
গ) ক্ + ষ                ঘ) ষ্ + ক

**সঠিক উত্তর:** ক) হ্ + ম

**Live MCQ Analytics:** Right: 91%; Wrong: 3%; Unanswered: 4%; [Total: 17424]

**ব্যাখ্যা:** • 'হ্ম' যুক্তবর্ণটি হ ও ম বর্ণের সমন্বয়ে গঠিত।
**• হ্ + ম = হ্ম।**
• যুক্তবর্ণ:
একাধিক বর্ণ যুক্ত হয়ে যুক্তবর্ণ তৈরি হয়। যুক্ত হওয়া বর্ণগুলোকে দেখে কখনো সহজে চেনা যায়, কখনো সহজে চেনা যায় না। এদিক দিয়ে যুক্তবর্ণ দুই রকম: স্বচ্ছ ও অস্বচ্ছ।
• স্বচ্ছ যুক্তবর্ণ:
ক্ট, জ্জ, জ্ব, ঞ, গু, ন্ট, ণ্ঠ, দ্দ, দ্ব, ঋ, ণ্ঠ, ড, ন্স, প্ট, প্ত, প্প, ন্স, জ, ল্প, ল্ট, ল্ড, ল্প, ফ, শ্চ, শ্ছ, ষ্ট, ষ্ঠ, স্ফ, স্থ, স্ট, স্ক ইত্যাদি।
• অস্বচ্ছ যুক্তবর্ণ:
ক্ত (ক্ + ত),        ক্ম (ক্ + ম),        ক্ষ (ক্ + ষ),
ক্ষ্ম (ক্ + ষ্ + ম),  ক্স (ক্ + স),        গু (গ্ + উ),
গ্ধ (গ্ + ধ),        ঙ্গ (ঙ্ + গ),        জ্ঞ (জ্ + ঞ),
ঞ্চ (ঞ্ + চ),        ঞ্জ (ঞ্ + জ),        ষ্ণ (ষ্ + ণ)
হু (হ্ + উ),        হৃ (হ্ + ঋ),        হ্ন (হ্ + ন),
হ্ম (হ্ + ম) ইত্যাদি।

উৎস: বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি, নবম-দশম শ্রেণি (২০২১ সংস্করণ)।

**প্রশ্ন ১৭. 'To do or die' - বাংলা প্রবাদে এর অর্থ কী হতে পারে?**

ক) কেঁচো খুঁড়তে সাপ
খ) বিনা যুদ্ধে নাহি দেব সূচ্যগ্র মেদিনী
গ) মন্ত্রের সাধন কিংবা শরীর পাতন
ঘ) পরাজয়ে ডরে না বীর

**সঠিক উত্তর:** গ) মন্ত্রের সাধন কিংবা শরীর পাতন

**Live MCQ Analytics:** Right: 76%; Wrong: 16%; Unanswered: 7%; [Total: 17424]

**ব্যাখ্যা:** • "To do or die" এর বাংলা - ***মন্ত্রের সাধন কিংবা শরীর পাতন।***
অর্থাৎ সিদ্ধান্তে অনড় থাকা, সর্বোচ্চ ত্যাগ স্বীকার করে হলেও লক্ষ্য অর্জন করার মনোভাব।

**আরো কিছু বাংলা অনুবাদ বাক্য:**
- Constant dripping wears away a stone - লেগে থাকলে কাজ হয়।
- Diligence is the mother of good luck - পরিশ্রমই সৌভাগ্যের মূল বা প্রসূতি।
- Eat less and gain more strength - উনোভাতে দুনো বল।
- Laughter is the best medicine – হাসি সর্বোত্তম ওষুধ।
- Money doesn't grow on trees – টাকা গাছে ধরে না।
- No pain, no gain – কষ্ট ছাড়া কেষ্ট মেলে না।
- Old habits die hard – পুরনো অভ্যাস সহজে যায় না।
- Strike while the iron is hot - সুযোগ থাকতেই কাজ করুন।

উৎস: Live MCQ Lecture; ভাষা শিক্ষা, ড. হায়াৎ মামুদ।

**প্রশ্ন ১৮. সন্ধিতে ই/ঈ-এর পরে অ/আ থাকলে উভয়ে মিলে কী হয়?**

ক) ও-কার খ) এ-কার

গ) য-ফলা ঘ) ব-ফলা

**সঠিক উত্তর:** গ) য-ফলা

**Live MCQ Analytics:** Right: 41%; Wrong: 32%; Unanswered: 25%; [Total: 17424]

**ব্যাখ্যা: • সন্ধির সূত্র:**

**ই-কার কিংবা ঈ-কারের পর ই ও ঈ ভিন্ন অন্য স্বর (অ বা আ) থাকলে** ই বা ঈ স্থানে 'য' বা য-ফলা হয়।

যেমন:

- অতি + অন্ত = অত্যন্ত, - ইতি + আদি = ইত্যাদি,

- প্রতি + ঊষ = প্রত্যূষ, - নদী + অম্বু = নদ্যম্বু।

উৎস: বাংলা ভাষার ব্যাকরণ, নবম-দশম শ্রেণি (২০২২ ও ২০১৯ সংস্করণ)।

**প্রশ্ন ১৯. 'কুম্ভীলক' শব্দের অর্থ-**

ক) কুমিরের অশ্রু

খ) যে মাটির জিনিস বানায়

গ) যে অন্যের লেখা নিজের বলে চালায়

ঘ) কুমিরের ছানা

**সঠিক উত্তর:** গ) যে অন্যের লেখা নিজের বলে চালায়

**Live MCQ Analytics:** Right: 87%; Wrong: 4%; Unanswered: 8%; [Total: 17424]

**ব্যাখ্যা: • কুম্ভিলক (বিশেষ্য পদ):**

- এটি প্রাকৃত শব্দ।

অর্থ: ***যে ব্যক্তি অন্যের রচনার ভাব বা ভাষা নিজের নামে চালায়।***

• অন্যের রচনা থেকে চুরি করা বা অন্যের ভাব, শব্দ ইত্যাদি গ্রহণ করে নিজের বলে ব্যবহার করাকে বলা হয় কুম্ভিলকবৃত্তি (plagiarism)।

**• প্লেজিয়ারিজম (plagiarism):**

ইন্টারনেট হতে প্রাপ্ত কোন আর্টিকেল বা গবেষণা সম্পূর্ণ অনুলিপি করা কিংবা ওয়েব হতে প্রাপ্ত কোন ধারণা প্রকৃত সূত্র উল্লেখ না করে ব্যবহার করাকে বলা হয় প্লেজিয়ারিজম (Plagiarism).

অর্থাৎ অন্যের লেখা চুরি করে নিজের নামে চালিয়ে দেওয়া বা প্রকাশ করাকে প্লেজিয়ারিজম বলে।

উৎস: বাংলা একাডেমি, আধুনিক বাংলা অভিধান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, একাদশ-দ্বাদশ শ্রেণি, বোর্ড বই।

**প্রশ্ন ২০. 'সদা সত্য কথা বলবে।' এটি কোন ধরনের বাক্য?**

ক) বিবৃতিমূলক খ) প্রশ্নবোধক

গ) অনুজ্ঞাসূচক ঘ) প্রার্থনাসূচক

**সঠিক উত্তর:** গ) অনুজ্ঞাসূচক

**Live MCQ Analytics:** Right: 88%; Wrong: 5%; Unanswered: 5%; [Total: 17424]

**ব্যাখ্যা:** • 'সদা সত্য কথা বলবে।'- এটি **অনুজ্ঞাবাচক** বাক্য।

**অনুজ্ঞাবাচক বাক্য:**

যে বাক্যে আদেশ, অনুরোধ, প্রার্থনা, উপদেশ, নিষেধ ইত্যাদি অর্থ প্রকাশ পায় তাকে অনুজ্ঞাবাচক বাক্য বলে।

যেমন-

- তাঁর মঙ্গল হোক।

***- সদা সত্য কথা বলবে।***

অন্যদিকে,

**বিবৃতিবাচক বাক্য:**

সাধারণভাবে কোনো বিবরণ প্রকাশ পায় যেসব বাক্যে, সেগুলোকে বিবৃতিমূলক বাক্য বলে।

- বিবৃতিবাচক বাক্য ইতিবাচক বা নেতিবাচক হতে পারে।

যেমন,

- আমরা রোজ বেড়াতে যেতাম।

- তারা তোমাদের ভোলেনি।

**প্রশ্নবাচক বাক্য:**

বক্তা কারো কাছে কিছু জানার জন্য যে ধরনের বাক্য বলে, সেগুলো প্রশ্নবাচক বাক্য।

যেমন,

- তোমার নাম কী?

- সুন্দরবনকে কোন ধরনের বনাঞ্চল বলা হয়?

**• ইচ্ছা বা প্রার্থনাসূচক বাক্য:**

- যে বাক্যে ইচ্ছা, প্রার্থনা, উচ্ছ্বাস ইত্যাদি অর্থ প্রকাশিত হয়, তাকে ইচ্ছা বা প্রার্থনাসূচক বাক্য বলে।

- একে ইচ্ছাসূচক, ইচ্ছাবোধক বাকাও বলা হয়।

যেমন -

→ মহারাজের জয় হোক।

→ আমি যদি জন্ম নিতেম কালিদাসের কালে।

উৎস: বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি, নবম-দশম শ্রেণি ( সংস্করণ-২০২১)।

**প্রশ্ন ২১. 'অংশ' শব্দের উচ্চারণ-**


ক) অংশো খ) ওঙ্‌শো গ) অঙ্‌শো ঘ) অংসো

**সঠিক উত্তর:** গ) অঙ্‌শো

**Live MCQ Analytics:** Right: 46%; Wrong: 53%; Unanswered: 0%; [Total: 17424]

**ব্যাখ্যা:**

বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধান অনুসারে,
- 'অংশ' শব্দের সঠিক উচ্চারণ হচ্ছে — **অংশো**।
বাংলা একাডেমি বাঙলা উচ্চারণ অভিধান অনুসারে,
- 'অংশ' শব্দের সঠিক উচ্চারণ হচ্ছে — ***অঙ্‌শো***।
**উচ্চারণের ক্ষেত্রে বাংলা একাডেমি বাংলা উচ্চারণ অভিধান অধিক গ্রহণযোগ্য।**


বাংলা একাডেমি
বাঙলা উচ্চারণ অভিধান
অ
অ (বাংলা বর্ণমালার প্রথম স্বরবর্ণ, অর্ধবিবৃত পশ্চাৎ স্বরধ্বনি, half-open back vowel) অ
অই (ওখানে, অদূরে) ওই
অঋণী (ঋণী নয় এমন) অরিনি
অংশ (ভাগ, খণ্ড) অঙ্‌শো
অংশক (বণ্টক, জ্ঞাত) অঙ্‌শোক্‌, –শক্‌
অকথ্য-কথন (গালি, অশ্লীল ভাষার প্রয়োগ) অকোত্‌থোকথোন্‌
অকনিষ্ঠ (যার কনিষ্ঠ নেই) অকোনিশ্‌ঠো
অকপট (সরল) অকপোট্‌, –পট্‌
অকবি (যার কবি-প্রতিভা নেই) অকোবি
অকমনীয় (অসুন্দর) অকমোনিয়ো

• 'অংশ' বলতে বোঝায়: ভাগ; অঞ্চল; মালিকানা।
উল্লেখ্য,
- 'অ' বর্ণের উচ্চারণ দুই রকম: [অ] এবং [ও]।
উৎস: বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধান; বাংলা একাডেমি বাঙলা উচ্চারণ অভিধান বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি, নবম-দশম শ্রেণি (সংস্করণ-২০২২)।

**প্রশ্ন ২২. 'সন্দেশ' পত্রিকার সম্পাদক কে?**
ক) ড. মুহম্মদ শহীদুল্লাহ্ খ) দ্বিজেন্দ্রনাথ ঠাকুর
গ) মীর মশারফ হোসেন ঘ) সুকুমার রায়
**সঠিক উত্তর:** ঘ) সুকুমার রায়
**Live MCQ Analytics:** Right: 37%; Wrong: 33%; Unanswered: 29%; [Total: 17424]
**ব্যাখ্যা: • 'সন্দেশ' পত্রিকা:**
উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর সম্পাদনায় ১৯১৩ সালে বিখ্যাত শিশুতোষ মাসিক পত্রিকা 'সন্দেশ' প্রথম প্রকাশিত হয় যা আজও কলকাতা থেকে প্রকাশিত একটি জনপ্রিয় শিশুকিশোর সাহিত্য পত্রিকা।
- দেশবিদেশের গল্প, হাস্যকৌতুক, জ্ঞান বিজ্ঞানের কথা ইত্যাদি লেখার পাশাপাশি নিজের আঁকা নানা বুদ্ধিদীপ্ত ছবি সংযোজনের মাধ্যমে সন্দেশকে তিনি তরুণ হৃদয়ের যোগ্য একটি পত্রিকা হিসেবে গড়ে তুলেছিলেন।
- তাঁর মৃত্যুর পর পুত্র ***সুকুমার রায় 'সন্দেশ' পত্রিকা পরিচালনা ও সম্পাদনার দায়িত্ব পালন করেন।***
উৎস: বাংলাপিডিয়া।

**প্রশ্ন ২৩. কোনটি মুহম্মদ আবদুল হাইয়ের লেখা ভ্রমণকাহিনি?**
ক) বিলেতে সাড়ে সাতশ দিন খ) রাশিয়ার চিঠি
গ) দেশে-বিদেশে ঘ) তুরস্ক ভ্রমণ
**সঠিক উত্তর:** ক) বিলেতে সাড়ে সাতশ দিন
**Live MCQ Analytics:** Right: 70%; Wrong: 10%; Unanswered: 19%; [Total: 17424]
**ব্যাখ্যা:** • ***'বিলাতে সাড়ে সাতশ দিন' ভ্রমণ কাহিনির রচয়িতা - মুহম্মদ আবদুল হাই।***
• 'বিলেতে সাড়ে সাতশ দিন':
- এই ভ্রমণকাহিনির রচয়িতা মুহম্মদ আবদুল হাই।
- গ্রন্থটি প্রকাশিত হয় ১৯৬৮ সালে।
মুহম্মদ আবদুল হাই:
- জন্ম: ১৯১৯ সালে মুর্শিদাবাদের রাণীনগর থানার মরিচা গ্রামে।
- তিনি ছিলেন শিক্ষাবিদ, সাহিত্যিক, গবেষক, ভাষাবিজ্ঞানী।
- ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পর তিনিই ছিলেন বাংলা বিভাগের প্রথম মুসলমান ছাত্র।
- মুহম্মদ আবদুল হাই ১৯৫৪ সালে বাংলা বিভাগের রিডার ও অধ্যক্ষ নিযুক্ত হন।
তাঁর রচিত গ্রন্থ:
- সাহিত্য ও সংস্কৃতি,
- তোষামোদ ও রাজনীতির ভাষা,
- A Phonetic and Phonological Study of Nasal and Nasalization in Bengali,
- ভাষা ও সাহিত্য,
- ধ্বনিবিজ্ঞান ও বাংলা ধ্বনিতত্ত্ব,
- বাংলা সাহিত্যের ইতিবৃত্ত।
অন্যদিকে,
• রাশিয়ার চিঠি - রবীন্দ্রনাথ ঠাকুর রচিত ভ্রমণকাহিনি।
• 'দেশে বিদেশে' ভ্রমণকাহিনীমূলক গ্রন্থটির রচয়িতা- 'সৈয়দ মুজতবা আলী'।
• সৈয়দ ইসমাইল হোসেন সিরাজী রচিত ভ্রমণকাহিনি - তুরস্ক ভ্রমণ।
উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর ও বাংলাপিডিয়া।

**প্রশ্ন ২৪. যতিচিহ্ন ব্যাকরণের কোন অংশে আলোচনা করা হয়?**
ক) ধ্বনিতত্ত্ব খ) শব্দতত্ত্ব
গ) বাক্যতত্ত্ব ঘ) অর্থতত্ত্ব
**সঠিক উত্তর:** গ) বাক্যতত্ত্ব
**Live MCQ Analytics:** Right: 76%; Wrong: 15%; Unanswered: 8%; [Total: 17424]
**ব্যাখ্যা:** • ব্যাকরণের প্রধান আলোচ্য বিষয় ৪টি।
যথা – ধ্বনিতত্ত্ব, রূপতত্ত্ব, বাক্যতত্ত্ব ও অর্থতত্ত্ব।

- *'যতিচিহ্ন' ব্যাকরণের বাক্যতত্ত্বে আলোচিত হয়।*
- **বাক্যতত্ত্ব:**

- বাক্যতত্ত্বে বাক্য নিয়ে আলোচনা করা হয়। বাক্যের নির্মাণ ও গঠন বাক্যতত্ত্বের মূল আলোচ্য।
- বাক্যের মধ্যে পদ ও বর্গ কিভাবে বিন্যস্ত থাকে বাক্যতত্ত্বে তা বর্ণনা করা হয়।
- এছাড়া বাক্যের রূপান্তর, বাক্যের বাচ্য, উক্তি ইত্যাদি এই অংশের আলোচ্য বিষয়।
- কারক বিশ্লেষণ, বাক্যের যোগ্যতা, বাক্যের উপাদান লোপ, যতিচিহ্ন ইত্যাদি বাক্যতত্ত্ব অংশে আলোচিত হয়।

অন্যদিকে,

**ধ্বনিতত্ত্ব:**

- ধ্বনিতত্ত্বের আলোচ্য বিষয় ধ্বনি।
- লিখিত ভাষায় ধ্বনিকে যেহেতু বর্ণ দিয়ে প্রকাশ করা হয়, তাই বর্ণমালা সংক্রান্ত আলোচনা এর অন্তর্ভুক্ত।
- ধ্বনিতত্ত্বের মূল আলোচ্য বাগযন্ত্র, বাগযন্ত্রের উচ্চারণ-প্রক্রিয়া, ধ্বনির বিন্যাস, স্বর ও ব্যঞ্জনধ্বনির বৈশিষ্ট্য, ধ্বনিদল, ষ-ত্ব ও ণ-ত্ব বিধান, সন্ধি প্রভৃতি।

**রূপতত্ত্ব:**

- রূপতত্ত্বে শব্দ ও তার উপাদান নিয়ে আলোচনা করা হয়।
- এই আলোচনায় বিশেষ্য, সর্বনাম, বিশেষণ, ক্রিয়া, ক্রিয়াবিশেষণ ইত্যাদি স্থান পায়।
- বিশেষ গুরুত্ব পায় শব্দনির্মাণ ও পদনির্মাণ প্রক্রিয়া।

**অর্থতত্ত্ব:**

- ব্যাকরণের যে অংশে শব্দ, বর্গ ও বাক্যের অর্থ নিয়ে আলোচনা করা হয়, সেই অংশের নাম অর্থতত্ত্ব।
- একে বাগর্থতত্ত্বও বলা হয়।
- বিপরীত শব্দ, প্রতিশব্দ, শব্দজোড়, বাগ্‌ধারা প্রভৃতি বিষয় অর্থতত্ত্বের অন্তর্ভুক্ত।
- এছাড়া শব্দ, বর্গ ও বাক্যের ব্যঞ্জনা নিয়েও ব্যাকরণের এই অংশে আলোচনা থাকে।

উৎস: বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি - নবম ও দশম শ্রেণি (২০২২ সংস্করণ)।

**প্রশ্ন ২৫. কোন ভাষা থেকে বাংলা ভাষার জন্ম হয়েছে বলে মনে করা হয়?**

ক) অসমিয়া খ) সংস্কৃত
গ) বঙ্গকামরূপী ঘ) কেন্তুম

**সঠিক উত্তর:** গ) বঙ্গকামরূপী

**Live MCQ Analytics:** Right: 85%; Wrong: 7%; Unanswered: 6%; [Total: 17424]

**ব্যাখ্যা: বাংলা ভাষার উৎপত্তি:**


- বাঙালি জনগোষ্ঠী যে ভাষা দিয়ে তাদের মনের ভাব প্রকাশ করে তার নাম বাংলা ভাষা।
- পৃথিবীর ভাষাগুলোকে ইন্দো-ইউরোপীয়, চীনা-তিব্বতীয়, সেমীয়-হেমীয়, দ্রাবিড়ীয়, অস্ট্রো-এশীয় প্রভৃতি ভাষা-পরিবারে ভাগ করা হয়ে থাকে। ইংরেজি, জার্মান,ফরাসি, হিস্পানি, রুশ, পর্তুগিজ, ফারসি, হিন্দি, উর্দু, নেপালি, সিংহলি প্রভৃতি ভাষার মতো বাংলা ভাষায় ইন্দো-ইউরোপীয় ভাষা পরিবারের সদস্য।
- বাংলা ভাষার নিকটতম আত্মীয় অহমিয়া ও ওড়িয়া।
- ইন্দো-ইউরোপীয় ভাষা-পরিবারের আদি ভাষা বহু বিবর্তনের মধ্য দিয়ে বাংলা ভাষায় পরিণত হয়েছে। এই বিবর্তনে যেসব গুরুত্বপূর্ণ স্তর বাংলা ভাষাকে অতিক্রম করেতে হয়েছে, সেগুলো হলো: ইন্দো-ইউরোপীয় → ইন্দো-ইরানীয় → ভারতীয় আর্য → প্রাকৃত → বাংলা।
- আনুমানিক এক হাজার বছর আগে পূর্ব ভারতীয় প্রাকৃত ভাষা থেকে বাংলা ভাষার জন্ম হয়েছে। বাংলাভাষার লিখিত রূপের প্রাচীনতম নিদর্শন 'চর্যাপদ'।

- ড. মুহাম্মদ শহীদুল্লাহর মতে গৌড় অপভ্রংশ হয়ে **বঙ্গকামরূপী** ভাষার মাধ্যমে ৬৫০ খ্রিষ্টাব্দে বাংলা ভাষা স্বতন্ত্ররূপ পরিগ্রহ করে।

তবে,

- জর্জ গ্রিয়ারসন, সুনীতিকুমার চট্টোপাধ্যায়সহ অধিকাংশ ভাষাবিজ্ঞানী মনে করেন মাগধী প্রাকৃত থেকে বাংলা ভাষার উৎপত্তি।

বাংলাপিডিয়ার তথ্য অনুসারে -




উৎস: বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি, নবম-দশম শ্রেণি (২০২২ সংস্করণ); বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

## English

**প্রশ্ন ২৬. The solution that the engineer provided**

ক) was not correct but also complicated
খ) was correct but complicated
গ) correct only but complicated
ঘ) not only correct but complicated

**সঠিক উত্তর:** খ) was correct but complicated

**Live MCQ Analytics:** Right: 74%; Wrong: 12%; Unanswered: 12%; [Total: 17424]

**ব্যাখ্যা: সঠিক উত্তর: খ) was correct but complicated.**

***Complete sentence: The solution that the engineer provided was correct but complicated.***

*Bangla: প্রকৌশলী যে সমাধানটি দিয়েছেন, তা সঠিক ছিল, কিন্তু জটিল।*

Other options,

ক) was not correct but also complicated:
- সমাধানটি সঠিক ছিল না বরং জটিল ছিল।
- "but also" সাধারণত "not only ... but also" এর সাথে ব্যবহার হয়। এখানে "not only" নেই, তাই বাক্যটি অসম্পূর্ণ।

গ) correct only but complicated
- ভাষাগত দৃষ্টিতে ভুল।
- correct only but" বলার কোনো প্রচলিত ব্যবহার নেই ইংরেজিতে।
- এর অর্থ অস্পষ্ট।

ঘ) not only correct but complicated
- এটি অসম্পূর্ণ বাক্য, কারণ "not only ... but also" সম্পূর্ণ করতে হবে।
- যদি "was not only correct but also complicated" হতো তবে এটি সঠিক হতো।
- তখন এর অর্থ হতো শুধু সঠিকই নয়, জটিলও ছিল।

**প্রশ্ন ২৭. What is the verb form of 'ability'?**

ক) Able
খ) Ably
গ) Enable
ঘ) Ableness

**সঠিক উত্তর:** গ) Enable

**Live MCQ Analytics:** Right: 87%; Wrong: 6%; Unanswered: 6%; [Total: 17424]

**ব্যাখ্যা:** ***The correct verb form of "ability" is: গ) Enable.***

• **Ability:** [noun]

**English meaning:** the physical or mental power or skill needed to do something.

**Bangla meaning:** (১) [Uncountable noun] সামর্থ্য; সক্ষমতা: to the best of one's ability. (২) [Uncountable noun] বুদ্ধিমত্তা; ধীশক্তি; নৈপুণ্য; দক্ষতা: a man of great ability.

Options,

**ক) Able:** [adjective]

**English meaning:** having what is needed to do something, esp. the physical or mental power, skill, time, money, or opportunity.

**Bangla meaning:** কোনো কিছু করতে সমর্থ/সক্ষম।

**খ) Ably:** [adverb]

**English meaning:** well and with skill.

**Bangla meaning:** সক্ষমতার সঙ্গে।

**গ) Enable: [verb]**

**English meaning:** to make someone able to do something, or to make something possible.

**Bangla meaning:** সক্ষম করা; ক্ষমতা প্রদান করা।

**ঘ) Abeness:** [noun]

**English meaning:** the state or quality of being able; capability; competence.

**Bangla meaning:** সক্ষমতা, দক্ষতা, সামর্থ্য।

• The word "ableness" is a rare or archaic noun form of "able".

Source: Cambridge, Oxford, and Accessible Dictionary.

**প্রশ্ন ২৮. The thickness of the mats**

ক) vary
খ) varies
গ) have varied
ঘ) were variable

**সঠিক উত্তর:** খ) varies

**Live MCQ Analytics:** Right: 61%; Wrong: 20%; Unanswered: 18%; [Total: 17424]

**ব্যাখ্যা:** • Subject-Verb Agreement Rules অনুযায়ী
- If the subject is singular, the verb must be singular too.
- যখন subject singular হয় (thickness), তখন verb-এর সাথে s/es যোগ হয়।

**তাই সঠিক উত্তর হলো: varies.**

**Complete sentence: The thickness of the mats varies.**

**Options,**

ক) vary
- ভুল, কারণ vary হলো plural verb form.

- এটি singular subject এর জন্য ভুল।
গ) have varied:
- Present Perfect plural, যা এক্ষেত্রে ব্যবহার ভুল হবে।
ঘ) were variable:
- "were" হলো past tense plural verb, আর "variable" adjective তাই এটি ভুল।

**প্রশ্ন ২৯. This box is very heavy, ______ me a hand?**

ক) would you mind giving  খ) will you mind give
গ) are you mind giving  ঘ) do you mind give

**সঠিক উত্তর:** ক) would you mind giving

**Live MCQ Analytics:** Right: 81%; Wrong: 10%; Unanswered: 8%; [Total: 17424]

**ব্যাখ্যা: সঠিক উত্তর হলো:ক) would you mind giving.**
**Complete sentence: This box is very heavy, would you mind giving me a hand?**
Bangla Meaning: এই বাক্সটি খুব ভারি, আপনি কি আমাকে একটু সাহায্য করতে পারবেন?

• Would you mind? এবং Do you mind?
- এই phrase গুলো ব্যবহার করা হয় মানুষের কাছে বিনীতভাবে কিছু চাওয়ার জন্য।
- would you mind + verb এর gerund এবং do you mind + verb এর gerund ব্যবহার করে ভদ্রভাবে কাউকে কিছু করার অনুরোধ জানানো হয়।
• Would you mind যুক্ত incomplete sentence কে complete করার নিয়ম:
- Would you mind এরপর verb এর মূল form এর সাথে ing যোগ করতে হয়।
- Structure: Would you mind + verb + ing + object.
Example:
- Would you mind coming to my house?
- Would you mind taking a cup of tea?
- Would you mind giving me some money?
Options,
খ) will you mind give:
- এটি ভুল, কারণ "mind" এর পরে সবসময় gerund আসে, তাই "give" হতে হবে "giving".

গ) are you mind giving:
- এটি ভুল, কারণ "are you mind" না, সঠিক হবে "do you mind" বা "would you mind".
ঘ) do you mind give:
- এটি ভুল, কারণ "mind" এর পরে "give" নয়, gerund "giving" দরকার।

**প্রশ্ন ৩০. The scientists are going to ______ a study on the effects of sound pollution on young children.**

ক) carry out  খ) carry in
গ) carry with  ঘ) carry for

**সঠিক উত্তর:** ক) carry out

**Live MCQ Analytics:** Right: 62%; Wrong: 14%; Unanswered: 22%; [Total: 17424]

**ব্যাখ্যা: Correct answer: carry out.**
***Complete sentence: The scientists are going to carry out a study on the effects of sound pollution on young children.***
Bangla: বিজ্ঞানীরা ছোট শিশুদের ওপর শব্দদূষণের প্রভাব নিয়ে একটি গবেষণা পরিচালনা করতে যাচ্ছেন।

**• Carry something out:**
**English meaning:** to do or complete something, especially that you have said you would do or that you have been told to do.
**Bangla meaning:** পালন/কার্যকর/সম্পন্ন করা: carry out a plan/threat/promise etc.
Example:
- Dr Carter is carrying out research on early Christian art.
- The hospital is carrying out tests to find out what's wrong with her.
Other options,
• Carry in:
- কোনো জিনিস ভিতরে নিয়ে আসা বা প্রবেশ করানো (প্রসঙ্গের সাথে মিল নেই)।
• Carry with:
- সহমত করা।
- He carried the audience with him.
• Carry for:
- এরকম phrase সাধারণত ব্যবহৃত হয় না।

**প্রশ্ন ৩১. I was under the impression that you, too ______ along with us.**

ক) was supposed to come খ) were supposed to come
গ) have supposed to come ঘ) are suppose to come

**সঠিক উত্তর:** খ) were supposed to come

**Live MCQ Analytics:** Right: 62%; Wrong: 17%; Unanswered: 20%; [Total: 17424]

**ব্যাখ্যা:** • Be supposed to:
- be verb + supposed to + verb
- Be supposed to is used to talk about obligations and arrangements.

• "I was under the impression - "
- বাক্যের প্রথম অংশটি past tense-এ আছে।
- তাই এর পরের অংশেও past tense থাকতে হবে।
- আর second person subject 'you'- এর সাথে were বসবে।

**তাই সঠিক উত্তর হবে - were supposed to come.**

**Complete sentence: I was under the impression that you, too were supposed to come along with us.**

Bangla Meaning: আমার ধারণা ছিল যে তুমিও আমাদের সঙ্গে আসবে।

Other options,

ক) was supposed to come:
– "was" ব্যবহার হয়েছে, কিন্তু subject "you" হলে "were" হতে হবে, যেহেতু বাক্যের পূর্ববর্তী অংশ past form এ আছে।

গ) have supposed to come:
– "have supposed" সঠিক ইংরেজি গঠন নয়। "Supposed to" এর আগে "have" বসে না।

ঘ) are suppose to come:
– "are suppose" ভুল, কারণ "suppose" এর past participle "supposed" হওয়া উচিত। তাছাড়া are supposed to come হলেও এটি সঠিক হতো না কারণ বাক্যের পূর্ববর্তী অংশ past form এ আছে।

**প্রশ্ন ৩২. Which of the following sentence is correct?**

ক) They treated him like a King when he won the lottery.
খ) They treated him as being a King when he won the lottery.
গ) They treated him a King when he won the lottery.
ঘ) They treated him as if a King when he won the lottery.

**সঠিক উত্তর:** ক) They treated him like a King when he won the lottery.

**Live MCQ Analytics:** Right: 68%; Wrong: 18%; Unanswered: 13%; [Total: 17424]

**ব্যাখ্যা:** ***সঠিক উত্তর: ক) They treated him like a King when he won the lottery.***

Bangla: লটারি জেতার পরে তারা তার সাথে রাজার মতো আচরণ করেছিল।

• "like a King" অর্থ "একজন রাজার মতো" – এখানে তুলনা বোঝাতে "like" ব্যবহার করা হয়েছে, যা সঠিক।
- বাক্যে "treat"- verb এর পরে "like" বা "as" এর সাহায্যে তুলনা করা হয়।

Other options,

খ) They treated him as being a King when he won the lottery.
- এখানে 'as being a King' - grammatically wrong.

গ) They treated him a King when he won the lottery.
- treat এর পরে 'as' বা 'like' থাকা আবশ্যক, না হলে বাক্যটি অসম্পূর্ণ হবে।

ঘ) They treated him as if a King when he won the lottery.
- "as if" এর ভুল ব্যবহার করা হয়েছে। It should be "as if he were a king" to correctly convey the hypothetical situation.

**প্রশ্ন ৩৩. I _______ for you for the last three months.**

ক) am worked খ) have been working
গ) will work ঘ) will have worked

**সঠিক উত্তর:** খ) have been working

**Live MCQ Analytics:** Right: 91%; Wrong: 1%; Unanswered: 7%; [Total: 17424]

**ব্যাখ্যা: Correct answer: খ) have been working.**

- এটা present perfect continuous tense, যা গত থেকে এখন পর্যন্ত চলতে থাকা কাজ বোঝায়।

**Complete sentence: I have been working for you for the last three months.**

*Bangla: আমি গত তিন মাস ধরে আপনার জন্য কাজ করছি।*

• For এর ব্যবহার:
- Period of time এর পূর্বে for বসে।
- 'for' এর পরে যখন period of time (for two hours, for three days etc.) উল্লেখ থাকে, তখন Present Perfect Continuous Tense হয়।
- আবার, অতীতে কোন কাজ শুরু হয়ে বর্তমানেও চলছে বুঝালে বাক্যটি Present Perfect Continuous Tense হয়।

- structure: Subject + have been/has been + verb(ing) + time.

**প্রশ্ন ৩৪. No matter how hard I tried to make them understand, they just wouldn't take my word for _____ I said, _____ annoyed me very much.**

ক) that/that খ) that/which

গ) what/which ঘ) which/which

**সঠিক উত্তর:** গ) what/which

**Live MCQ Analytics:** Right: 56%; Wrong: 23%; Unanswered: 20%; [Total: 17424]

**ব্যাখ্যা:** ***সঠিক উত্তর:গ) what / which.***

**Complete sentence: No matter how hard I tried to make them understand, they just wouldn't take my word for what I said, which annoyed me very much.**

*Bangla: আমি যতই চেষ্টা করেছি তাদের বোঝাতে, তারা আমার কথায় বিশ্বাস করেনি, যা আমাকে খুব বিরক্ত করেছিল।*

• Take someone's word for it:

English meaning: to believe that what someone says is true.

Bangla meaning: কারও কথা সত্য বলে বিশ্বাস করা।

Other options,

ক) that/that:

- প্রথম "that" এর জায়গায় "what" দরকার ছিল কারণ এখানে "যা আমি বলেছিলাম" বোঝাতে হচ্ছে। আর দ্বিতীয় "that" দিয়ে non-defining clause বানানো যায় না।

খ) that/which:

- প্রথম "that" ভুল, কারণ "that I said" দ্বারা পুরো অর্থ পরিষ্কার হয় না।

ঘ) which/which:

- প্রথম "which" ঠিক নয়, কারণ "which I said" দ্বারা পুরো অর্থ পরিষ্কার হয় না, সেখানে "what" বসালে সঠিক হতো।

**প্রশ্ন ৩৫. Which one is correct?**

ক) This is the man in which I have no confidence.

খ) This is the man who I have no confidence.

গ) This is the man in whom I have no confidence.

ঘ) This is the man whom I have no confidence.

**সঠিক উত্তর:** গ) This is the man in whom I have no confidence.

**Live MCQ Analytics:** Right: 42%; Wrong: 44%; Unanswered: 12%; [Total: 17424]

**ব্যাখ্যা: Correct answer: গ) This is the man in whom I have no confidence.**

Bangla: এই সেই ব্যক্তি, যার প্রতি আমার কোনো আস্থা নেই।

• বাক্যটিতে "confidence" শব্দটি একটি preposition (in) এর সাথে ব্যবহৃত হয়।

- "have confidence in someone" অর্থ কারও উপর আস্থা থাকা।

- We use "whom" commonly with prepositions. Some formal styles prefer to use a preposition before whom.

- "whom" is used for people, as the object of a verb or preposition.

- এখানে "in whom" হলো preposition + relative pronoun.

Other options,

ক) This is the man in which I have no confidence.

- ভুল, কারণ "which" বসে বস্তুর জন্য, মানুষের জন্য নয়।

খ) This is the man who I have no confidence.

- ভুল, কারণ "who" হলো subjective pronoun, কিন্তু এখানে object হিসেবে ব্যবহৃত — তাই whom দরকার।

ঘ) This is the man whom I have no confidence.

- ভুল, কারণ preposition “in” বাদ গেছে।

- সঠিক structure হওয়া উচিত: "in whom".

**প্রশ্ন ৩৬. The teacher took him to task means, the teacher**

ক) reprimanded him খ) praised him

গ) threatened him ঘ) promoted him

**সঠিক উত্তর:** ক) reprimanded him

**Live MCQ Analytics:** Right: 69%; Wrong: 16%; Unanswered: 13%; [Total: 17424]

**ব্যাখ্যা: সঠিক উত্তর: ক) reprimanded him.**

Sentence: The teacher took him to task.

Bangla: শিক্ষক তাকে তিরস্কার বা কঠোরভাবে সমালোচনা করেছেন।

• Take someone to task for something

English meaning: **to reprimand** or criticize someone severely for a fault or mistake.

Bangla meaning: কাউকে তিরস্কার করা।

English: The authorities took him to task.

Bangla meaning: কর্তৃপক্ষ তাকে তিরস্কার করলো।

Options,

ক) reprimanded him: তিরস্কার করা,

খ) praised him: প্রশংসা করা,

গ) threatened him: হুমকি দেওয়া,
ঘ) promoted him: পদোন্নতি দেওয়া।
Source: Cambridge & Oxford Dictionary.

**প্রশ্ন ৩৭. A person who writes plays is called a _______**
ক) play-write খ) playwright
গ) play's write ঘ) play'swright
**সঠিক উত্তর:** খ) playwright
**Live MCQ Analytics:** Right: 80%; Wrong: 8%; Unanswered: 10%; [Total: 17424]
**ব্যাখ্যা: • Playwright:**
English meaning: a person who writes plays.
Bangla meaning: নাট্যকার।
Example:
- Well, he is difficult because he is not a playwright.
অন্য অপশনগুলো এখানে অপ্রাসঙ্গিক।
Source: Cambridge Dictionary.

**প্রশ্ন ৩৮. _______, Rahim went to collect his payment.**
ক) Although he had completed his work successfully
খ) Although the work has completed
গ) Having completed his work successfully
ঘ) As long as the work is completed with success
**সঠিক উত্তর:** গ) Having completed his work successfully
**Live MCQ Analytics:** Right: 75%; Wrong: 12%; Unanswered: 12%; [Total: 17424]
**ব্যাখ্যা: Correct answer: Having completed his work successfully.**
- এটি একটি participle phrase দিয়ে শুরু হয়েছে।এটি বোঝায় যে একটি কাজ শেষ হওয়ার পরে আরেকটি কাজ হয়েছে।
**Complete sentence: Having completed his work successfully, Rahim went to collect his payment.**
Bangla: রাহিম সফলভাবে তার কাজ শেষ করে, তারপর সে পারিশ্রমিক নিতে গেল।
**• Perfect participle:**
- Verb-এর Past participle এর পূর্বে having যুক্ত হওয়ার পর যদি তা একই সাথে verb এবং adjective এর কাজ করে তাকে Perfect participle বলে।
- একটি কাজ হওয়ার পর আরেকটি কাজ সংঘটিত হয় এমন অর্থ প্রকাশে perfect participle ব্যবহৃত হয়।
- Perfect participle clauses show that the action they describe was finished before the action in the main clause.
- এটি having + past participle দ্বারা তৈরি হয় (যেমন: having eaten, having seen)। এটি এমন বোঝাতে ব্যবহৃত হয় যে, একটি কাজ অন্য কাজের আগে সম্পন্ন হয়েছিল।
- উদাহরণ: Having finished the work, she left.

**প্রশ্ন ৩৯. What is the antonym of 'contaminate'?**
ক) sanctity খ) invigorate
গ) taint ঘ) purify
**সঠিক উত্তর:** ঘ) purify
**Live MCQ Analytics:** Right: 83%; Wrong: 2%; Unanswered: 13%; [Total: 17424]
**ব্যাখ্যা: • Contaminate: [verb]**
**English meaning:** to make something less pure or make it poisonous.
**Bangla meaning:** দূষিত করা; স্পর্শ বা অবিশুদ্ধ বস্তু মিশ্রণের মাধ্যমে নোংরা; দূষিত বা রোগগ্রস্ত করা।
Options,
ক) sanctity: [noun] পবিত্রতা; সাধুতা; ধর্মপ্রাণতা।
খ) invigorate: [verb] বলবর্ধন/তেজোবর্ধন করা; দীপিত/প্রদীপ্ত/পুষ্ট করা; শক্তি/সাহস দেওয়া।
গ) taint: [verb] [noun] দাগ; কলঙ্ক; খুঁত; দোষ; দূষণ।
ঘ) purify: [verb] পরিষ্কার করা; পবিত্র করা।
**অপশন বিবেচনা করে দেখা যায়, Contaminate এর antonym - purify.**
*উল্লেখ্য -*
*Sanctity (পবিত্রতা; সাধুতা; ধর্মপ্রাণতা) হচ্ছে একটা quality, অপরদিকে, Contaminate (দূষিত করা) — এটা একটা কাজ বোঝায় (verb).*
*- "Sanctity" কোনো verb নয়, এটি একটি noun, তাই এটি বিপরীত শব্দ হিসেবে উপযুক্ত নয়।*
Source: Accessible Dictionary.

**প্রশ্ন ৪০. Which one is the correct spelling?**
ক) Parenoia খ) Peranoia
গ) Paranoia ঘ) Paranua
**সঠিক উত্তর:** গ) Paranoia
**Live MCQ Analytics:** Right: 51%; Wrong: 17%; Unanswered: 31%; [Total: 17424]

**ব্যাখ্যা: • Paranoia:**
**English meaning:** an extreme and unreasonable feeling that other people do not like you or are going to harm or criticize you.
**Bangla meaning:** বিশেষত নির্যাতনের বদ্ধমূল ধারণাঘটিত (সাধারণত অনারোগ্য) মানসিক বৈকল্য; নির্যাতনভ্রম।
**Example:**
- There's a lot of paranoia about crime at the moment.
- External threats will just fuel paranoia among those in power.
- I was full of paranoia that people were talking about me.
Source: Cambridge Dictionary.

**প্রশ্ন ৪১. Reading as a hobby is on the wane; people hardly read newspaper, ______ books.**
ক) would rather   খ) had better
গ) let alone   ঘ) as if
**সঠিক উত্তর:** গ) let alone
**Live MCQ Analytics:** Right: 60%; Wrong: 24%; Unanswered: 15%; [Total: 17424]
**ব্যাখ্যা:** ক) Would rather: বরং করব/বলব/যাব ইত্যাদি।
খ) Had better: তবুও/ বরং ভালো।
গ) Let alone: দূরের কথা; দূরে থাক।
ঘ) As if: যেন।
অপশন বিবেচনা করে দেখা যায়, শূন্যস্থানে let alone বসালে বাক্যটি পরিপূর্ণ হবে।
**Complete sentence: Reading as a hobby is on the wane; people hardly read newspaper, let alone books.**
*Bangla Meaning: পড়াশোনা শখ হিসেবে কমে যাচ্ছে; মানুষ এখন আর সংবাদপত্রও পড়ে না, বই তো দূরের কথা।*

**প্রশ্ন ৪২. The little boy does whatever his mother**
ক) have done   খ) were doing
গ) does   ঘ) done
**সঠিক উত্তর:** গ) does
**Live MCQ Analytics:** Right: 69%; Wrong: 16%; Unanswered: 13%; [Total: 17424]
**ব্যাখ্যা: সঠিক উত্তর:গ) does.**
**Complete sentence: The little boy does whatever his mother does.**
Bangla: ছোট ছেলেটি তার মা যা কিছু করেন, তাই করে।

• Subject–Verb Agreement Rules অনুযায়ী subject - third person singular number হলে verb এর সাথে s/es যোগ করতে হয়।
• The verb should agree with "his mother" (third person singular).
- It also needs to be in the present tense to match "does."
- "does" (present tense, singular) is correct.
- subject "his mother" singular, তাই singular verb "does" হবে।
Other options,
ক) have done: এটি ভুল, কারণ "his mother" singular,কিন্তু "have" হচ্ছে plural, সুতরাং "has done" হলে সঠিক হত, তবে এটি past tense যা বাক্যের সাথে মানানসই নয়।
খ) were doing: ভুল, কারণ past continuous tense এখানে সঠিক নয়।
ঘ) done: ভুল, কারণ "done" হলো past participle, এর আগে helping verb দরকার।এই ক্ষেত্রে এর ব্যবহার সঠিক নয়।

**প্রশ্ন ৪৩. The correct passive form of the sentence, 'Who has created this mess?'**
ক) Who has been created this mess?
খ) By whom is this mess created?
গ) By whom has this mess been created?
ঘ) By whom has this mess being created?
**সঠিক উত্তর:** গ) By whom has this mess been created?
**Live MCQ Analytics:** Right: 86%; Wrong: 5%; Unanswered: 7%; [Total: 17424]
**ব্যাখ্যা: Active Voice: Who has created this mess?**
**Passive Voice: By whom has this mess been created?**
• Who যুক্ত Interrogative Sentence এর Active Voice কে Passive Voice এ পরিণত করার নিয়ম:
- Who এর পরিবর্তে প্রথমে By whom বসে।
- Tense ও Person অনুযায়ী Auxiliary Verb বসাতে হয়।
- Object টি Subject হয়।
- Tense অনুযায়ী কর্তার পরে be/being/been বসাতে হয়।
- মূল Verb এর Past Participle বসে।
- সবার শেষে প্রশ্নবোধক চিহ্ন বসে।
• সুতরাং, নিয়মানুযায়ী,
Active Voice: Who has painted this picture?
Passive Voice: By whom has this picture been painted?

**প্রশ্ন ৪৪. As far as I'm concerned, all he's good ________ is making up the most improbable excuses anyone has ever heard.**

ক) with  খ) on  গ) in  ঘ) at

**সঠিক উত্তর:** ঘ) at

**Live MCQ Analytics:** Right: 68%; Wrong: 8%; Unanswered: 22%; [Total: 17424]

**ব্যাখ্যা: The correct answer is: ঘ) at.**

**Complete sentence: As far as I'm concerned, all he's good at is making up the most improbable excuses anyone has ever heard.**

Bangla: আমার দৃষ্টিতে, সে শুধু একটাই কাজে পারদর্শী — সেটা হলো সবচেয়ে অবিশ্বাস্য অজুহাত তৈরি করা।

• Good at something/doing something:

English meaning: If you are good at something, you are able to do it well.

Bangla meaning: দক্ষ।

Example:

- She's very good at geography.
- I was good at expressing myself.

Source: Cambridge Dictionary.

**প্রশ্ন ৪৫. A synonym of the word 'Obscure'**

ক) Apparent  খ) Obvious

গ) Evident  ঘ) Dubious

**সঠিক উত্তর:** ঘ) Dubious

**Live MCQ Analytics:** Right: 61%; Wrong: 20%; Unanswered: 18%; [Total: 17424]

**ব্যাখ্যা:** • Obscure:

English meaning: not known to many people/ difficult to understand.

Bangla meaning: অন্ধকারময়, অস্পষ্ট, অখ্যাত।

Options,

ক) Apparent: স্পষ্ট দেখা যায় বা বোঝা যায় এমন; স্পষ্টত প্রতীয়মান

খ) Obvious: স্পষ্টত প্রতীয়মান; পরিষ্কার; সোজা।

গ) Evident: (দৃষ্টি অথবা মনে মনে) সহজবোধ্য।

ঘ) Dubious: সন্দেহপূর্ণ; সন্দিগ্ধ।

**অপশন বিবেচনা করে দেখা যায়, synonym of the word 'Obscure' - Dubious.**

**প্রশ্ন ৪৬. It was _______ that Mina couldn't finish it alone.**

ক) difficult job  খ) such a difficult job

গ) such difficult a job  ঘ) very difficult a job

**সঠিক উত্তর:** খ) such a difficult job

**Live MCQ Analytics:** Right: 84%; Wrong: 6%; Unanswered: 9%; [Total: 17424]

**ব্যাখ্যা: সঠিক উত্তর: খ) such a difficult job.**

• বাক্যে Such ............that দ্বারা কারণ ও ফলাফল বুঝায়।

এ ধরনে বাক্যের গঠন হলো:

• such + a/an + adjective + noun + that...

- এখানে "such a difficult job" কারণ বোঝাচ্ছে যা "that" clause এর সাথে সম্পর্কিত (result clause), যার ফলে একটি নির্দিষ্ট পরিণতি হয় - that Mina couldn't finish it alone.

Complete sentence: It was such a difficult job that Mina couldn't finish it alone.

Bangla Meaning: এটি এত কঠিন একটি কাজ ছিল যে মিনা একা শেষ করতে পারেনি।

**প্রশ্ন ৪৭. What is the synonym of 'applaud'?**

ক) Praise  খ) Criticize

গ) Denigrate  ঘ) Impress

**সঠিক উত্তর:** ক) Praise

**Live MCQ Analytics:** Right: 78%; Wrong: 7%; Unanswered: 14%; [Total: 17424]

**ব্যাখ্যা: • Applaud:**

**English meaning:** to show your approval of somebody/something by clapping your hands (= hitting your open hands together several times).

**Bangla meaning:** করতালি দিয়ে অভিনন্দন বা সমর্থন জানানো বা প্রশংসা করা।

Options,

ক) Praise: প্রশংসা/গুণকীর্তন/তারিফ/সুখ্যাতি করা।

খ) Criticize: সমালোচনা করা; ত্রুটিনির্দেশ করা।

গ) Denigrate: মানহানি/কালিমালেপন করা।

ঘ) Impress: রেখাপাত করা; দাগ কাটা; নিষ্ঠিত হওয়া; মুদ্রিত/প্রোথিত/নিবেশিত হওয়া।

**অপশন বিবেচনা করে দেখা যায়, the synonym of 'applaud' - Praise.**

Source: Accessible Dictionary.

**প্রশ্ন ৪৮. They never gave a thought to probable future problems when the plans _______ five years ago.**

ক) to be laid down খ) have laid down

গ) were being laid down ঘ) have been laid down

**সঠিক উত্তর:** গ) were being laid down

**Live MCQ Analytics:** Right: 44%; Wrong: 30%; Unanswered: 24%; [Total: 17424]

**ব্যাখ্যা:** • বাক্যটিতে অতীতের একটি নির্দিষ্ট সময়ে ("five years ago") চলমান একটি কাজের কথা বলা হয়েছে তাই এখানে passive form-এ past continuous tense প্রয়োজন।

- "were being laid down" হলো passive form-এ past continuous tense-এর সঠিক রূপ, যা ঐ সময়ে চলমান কাজ বোঝায়।

**সঠিক উত্তর: গ) were being laid down.**

*Complete sentence: They never gave a thought to probable future problems when the plans were being laid down five years ago.*

*বাংলা: পাঁচ বছর আগে যখন পরিকল্পনাগুলো তৈরি করা হচ্ছিল, তখন তারা সম্ভাব্য ভবিষ্যৎ সমস্যাগুলোর কথা একবারও ভাবেনি।*

**প্রশ্ন ৪৯. Jamshed was unable to attend the meeting because he was feeling**

ক) under the weather খ) cats and dogs

গ) below the belt ঘ) over the moon

**সঠিক উত্তর:** ক) under the weather

**Live MCQ Analytics:** Right: 64%; Wrong: 20%; Unanswered: 14%; [Total: 17424]

**ব্যাখ্যা:** Options,

ক) under the weather:

English meaning: If someone is or feels under the weather, they feel ill.

Bangla meaning: অসুস্থ হওয়া/বোধ করা।

খ) cats and dogs:

English meaning: to rain very heavily.

Bangla meaning: তুমুলবর্ষণ।

গ) below the belt:

English meaning: unfair or cruel.

Bangla meaning: অশোভনভাবে আঘাত করা।

ঘ) over the moon:

English meaning: to be very pleased.

Bangla meaning: খুব আনন্দিত / খুশিতে আত্মহারা / অতিশয় উৎফুল্ল।

অপশন বিবেচনা করে দেখা যায়, শূন্যস্থানে under the weather বসালে বাক্যটি পরিপূর্ণ হবে।

**Complete sentence: Jamshed was unable to attend the meeting because he was feeling - under the weather.**

*Bangla: জামশেদ সভায় উপস্থিত হতে পারেনি কারণ সে অসুস্থ বোধ করছিল।*

Source: Cambridge, Oxford & Accessible Dictionary.

**প্রশ্ন ৫০. I _____ me what happened.**

ক) would like that tell খ) would like for telling

গ) would like you to tell ঘ) would like you for tell

**সঠিক উত্তর:** গ) would like you to tell

**Live MCQ Analytics:** Right: 70%; Wrong: 13%; Unanswered: 16%; [Total: 17424]

**ব্যাখ্যা: সঠিক উত্তর: গ) would like you to tell.**

**Complete sentence: I would like you to tell me what happened.**

Bangla: আমি চাই তুমি আমাকে বলো কী ঘটেছিল।

• "Would like" — এটি ব্যবহার করা হয় ইচ্ছা বা অনুরোধ প্রকাশ করতে।

- এর সঠিক গঠন:

Subject + would like + object (someone) + to + base verb [infinitive].

Example:

- I would like you to join us for dinner.

- She would like him to explain the rules.

## General Mathematics and Quantitative skill

**প্রশ্ন ৫১. The price of a T. V. Changed from 240 Taka to 300 Taka. What is the percentage increase?**

ক) 15% খ) 20% গ) 60% ঘ) 25%

**সঠিক উত্তর:** ঘ) 25%

**Live MCQ Analytics:** Right: 83%; Wrong: 5%; Unanswered: 11%; [Total: 17424]

**ব্যাখ্যা: Question:** The price of a T. V. Changed from 240 Taka to 300 Taka. What is the percentage increase?

**Solution:**

দাম বৃদ্ধি = ৩০০ - ২৪০ = ৬০ টাকা

এখন,

∴ ২৪০ টাকায় দাম বৃদ্ধি পায় = ৬০ টাকা

∴ ১ টাকায় দাম বৃদ্ধি পায় = ৬০/২৪০ = ১/৪ টাকা

∴ ১০০ টাকায় দাম বৃদ্ধি পায় = ১০০/৪ = ২৫ টাকা

∴ ২৫% বৃদ্ধি পায়

**প্রশ্ন ৫২. The line y = 2x - 1 cuts the x-axis at P. The coordinates of P are**

ক) (0, - 1) খ) (1/2, 0)

গ) (- 1/2, 0) ঘ) (- 1, 0)

**সঠিক উত্তর:** খ) (1/2, 0)

**Live MCQ Analytics:** Right: 39%; Wrong: 15%; Unanswered: 44%; [Total: 17424]

**ব্যাখ্যা: Question:** The line y = 2x - 1 cuts the x-axis at P. The coordinates of P are

**Solution:**

প্রদত্ত সমীকরণ,

y = 2x - 1 ............(১)

এখন, x অক্ষকে ছেদ করলে y = 0 হয়।

(১) নং সমীকরণ হতে পাই,

⇒ y = 2x - 1

⇒ 2x - 1 = 0

⇒ 2x = 1

∴ x = 1/2

∴ P বিন্দুটি x-অক্ষকে যেবিন্দুতে ছেদ করেছে ঐ ছেদবিন্দুর স্থানাঙ্ক হলো = (1/2, 0)

**প্রশ্ন ৫৩. How many prime numbers are there between 50 and 60?**

ক) 1 খ) 2 গ) 3 ঘ) 4

**সঠিক উত্তর:** খ) 2

**Live MCQ Analytics:** Right: 66%; Wrong: 24%; Unanswered: 9%; [Total: 17424]

**ব্যাখ্যা: Question:** How many prime numbers are there between 50 and 60?

**Solution:**

যে সংখ্যাকে ১ ও সেই সংখ্যা ছাড়া অন্য কোনো সংখ্যা দ্বারা ভাগ করা যায় না, তাকে মৌলিক সংখ্যা বলে।

৫০ থেকে ৬০ এর মধ্যে সংখ্যাগুলো হলো,

৫১, ৫২, **৫৩**, ৫৪, ৫৫, ৫৬, ৫৭, ৫৮, **৫৯**

মৌলিক সংখ্যা ৫৩ এবং ৫৯

∴ ৫০ ও ৬০ এর মধ্যে মোট ২টি মৌলিক সংখ্যা আছে।

**প্রশ্ন ৫৪. The highest common factor (HCF) of $x^2 - 1$, $x^4 - 1$ and $x^4 - x^3 + x - 1$ is**

ক) $x^6 - 1$ খ) $x^3 + 1$

গ) $x^2 - 1$ ঘ) $x^3 - 1$

**সঠিক উত্তর:** গ) $x^2 - 1$

**Live MCQ Analytics:** Right: 67%; Wrong: 8%; Unanswered: 24%; [Total: 17424]

**ব্যাখ্যা: Question:** The highest common factor (HCF) of $x^2 - 1$, $x^4 - 1$ and $x^4 - x^3 + x - 1$ is-

**Solution:**

১ম রাশি = $x^2 - 1 = (x + 1)(x - 1)$

২য় রাশি = $x^4 - 1 = (x^2 - 1)(x^2 + 1) = (x^2 + 1)(x + 1)(x - 1)$

৩য় রাশি = $x^4 - x^3 + x - 1 = (x^4 - x^3) + (x - 1)$

$= x^3(x - 1) + 1(x - 1)$

$= (x^3 + 1)(x - 1)$

$= (x + 1)(x^2 - x + 1)(x - 1)$

$= (x - 1)(x + 1)(x^2 - x + 1)$

∴ নির্ণেয় গ.সা.গু = $(x + 1)(x - 1) = x^2 - 1$

**প্রশ্ন ৫৫. If CAT is coded as 3120, how will DOG be coded?**

ক) 4157 খ) 5147 গ) 4175 ঘ) 1574

**সঠিক উত্তর:** ক) 4157

**Live MCQ Analytics:** Right: 84%; Wrong: 3%; Unanswered: 12%; [Total: 17424]

**ব্যাখ্যা: Question:** If CAT is coded as 3120, how will DOG be coded?

**Solution:**

| | | |
|---|---|---|
| A = 1 | K = 11 | U = 21 |
| B = 2 | L = 12 | V = 22 |
| C = 3 | M = 13 | W = 23 |
| D = 4 | N = 14 | X = 24 |
| E = 5 | O = 15 | Y = 25 |
| F = 6 | P = 16 | Z = 26 |
| G = 7 | Q = 17 | |
| H = 8 | R = 18 | |
| I = 9 | S = 19 | |
| J = 10 | T = 20 | |

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

Convert letters to their positions in the alphabet

C = 3

A = 1

T = 20

So, CAT = 3 1 20 = 3120

Now,

apply the same logic to DOG

D = 4

O = 15

G = 7

So, DOG = 4 15 7 = 4157

∴ DOG = 4157

**প্রশ্ন ৫৬. If a ladder touches the roof of a wall and makes an angle of 30° with the 15 metre long wall, then the length of the ladder is-**

ক) 30 m খ) 7.5 m


গ) 15 m ঘ) 17.3 m

**সঠিক উত্তর:** ঘ) 17.3 m

**Live MCQ Analytics:** Right: 21%; Wrong: 48%; Unanswered: 30%; [Total: 17424]

**ব্যাখ্যা: Question:** If a ladder touches the roof of a wall and makes an angle of 30° with the 15 metre long wall, then the length of the ladder is-

**Solution:**




দেয়ালের উচ্চতা, h = 15 মিটার

দেয়ালের সাথে মইয়ের কোণ, $\theta = 30°$

মইয়ের দৈর্ঘ্য, L = ?

আমরা জানি,

⇒ $\cos\theta$ = দেয়ালের উচ্চতা/মইয়ের দৈর্ঘ্য

⇒ $\cos 30° = 15/L$

⇒ $\sqrt{3}/2 = 15/L$

⇒ $L = 30/\sqrt{3}$

∴ L = 17.3 মিটার

**প্রশ্ন ৫৭. If you write down all the numbers from 1 to 100, then how many times do you write 5?**

ক) 12 খ) 19 গ) 20 ঘ) 25

**সঠিক উত্তর:** গ) 20

**Live MCQ Analytics:** Right: 61%; Wrong: 26%; Unanswered: 12%; [Total: 17424]

**ব্যাখ্যা: Question:** If you write down all the numbers from 1 to 100, then how many times do you write 5?

**Solution:**

১ - ১০ পর্যন্ত ৫ আছে = ১ টি

১১ - ২০ পর্যন্ত ৫ আছে = ১ টি

২১ - ৩০ পর্যন্ত ৫ আছে = ১ টি

৩১ - ৪০ পর্যন্ত ৫ আছে = ১ টি

৪১ - ৫০ পর্যন্ত ৫ আছে = ২ টি

৫১ - ৬০ পর্যন্ত ৫ আছে = ১০ টি

৬১ - ৭০ পর্যন্ত ৫ আছে = ১ টি

৭১ - ৮০ পর্যন্ত ৫ আছে = ১ টি

৮১ - ৯০ পর্যন্ত ৫ আছে = ১ টি

৯১ - ১০০ পর্যন্ত ৫ আছে = ১ টি

∴ মোট ৫ রয়েছে = ২০ টি

**প্রশ্ন ৫৮. What is the value of sin45° ?**

ক) 1 খ) 1/2 গ) $1/\sqrt{2}$ ঘ) $1/\sqrt{3}$

**সঠিক উত্তর:** গ) $1/\sqrt{2}$

**Live MCQ Analytics:** Right: 74%; Wrong: 11%; Unanswered: 13%; [Total: 17424]

**ব্যাখ্যা: Question:** What is the value of sin45°?

**Solution:**

$\sin 45° = 1/\sqrt{2}$ $\sin 30° = 1/2$

$\sin 90° = 1$ $\sin 60° = \sqrt{3}/2$

**প্রশ্ন ৫৯. The area of a circle is $36\pi\ cm^2$. The circumference is equal to**

ক) $6\pi$ cm খ) $18\pi$ cm

গ) $12\sqrt{\pi}$ cm ঘ) $12\pi$ cm

**সঠিক উত্তর:** ঘ) $12\pi$ cm

**Live MCQ Analytics:** Right: 69%; Wrong: 9%; Unanswered: 20%; [Total: 17424]

**ব্যাখ্যা: Question:** The area of a circle is $36\pi\ cm^2$. The circumference is equal to

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store Get it from Microsoft Download on the Mac App Store livemcq.com 01701377322

**Solution:**

Given that,

Area of a circle is = $36\pi$ $cm^2$

We know that,

Area = $\pi r^2$

ATQ,

$\Rightarrow \pi r^2 = 36\pi$

$\Rightarrow r^2 = 36$

$\therefore r = 6$

$\therefore$ Circumference = $2\pi r = 2\pi \times 6 = 12\pi$ cm

**প্রশ্ন ৬০. If $\log_x(144) = 4$ then x = ?**

ক) $2\sqrt{3}$ খ) 4 গ) 3 ঘ) $3\sqrt{2}$

**সঠিক উত্তর:** ক) $2\sqrt{3}$

**Live MCQ Analytics:** Right: 75%; Wrong: 5%; Unanswered: 19%; [Total: 17424]

**ব্যাখ্যা: Question:** If $\log_x(144) = 4$ then x = ?

**Solution:**

Given that,

$\log_x(144) = 4$

$\Rightarrow x^4 = 144$

$\Rightarrow x^4 = (2\sqrt{3})^4$

$\therefore x = 2\sqrt{3}$

**প্রশ্ন ৬১. If sin x + cos x = 1, then x = ?**

ক) 30° খ) 45° গ) 60° ঘ) 90°

**সঠিক উত্তর:** ঘ) 90°

**Live MCQ Analytics:** Right: 56%; Wrong: 13%; Unanswered: 30%; [Total: 17424]

**ব্যাখ্যা: Question:** If sin x + cos x = 1, then x = ?

**Solution:**

অপশন টেস্ট করে পাই,

x = 30° হলে,

sin 30° + cos 30°

= $(1/2) + (\sqrt{3}/2)$

= $(1 + \sqrt{3})/2$ ;[যা সত্য নয়]

x = 45° হলে,

sin 45° + cos 45°

= $(1/\sqrt{2}) + (1/\sqrt{2})$

= $2/\sqrt{2}$

= $\sqrt{2}$ ;[যা সত্য নয়]

x = 60° হলে,

sin 60° + cos 60°

= $(\sqrt{3}/2) + (1/2)$

= $(1 + \sqrt{3})/2$ ;[যা সত্য নয়]

x = 90° হলে,

sin 90° + cos 90°

= 1 + 0

= 1 ;[যা সত্য]

$\therefore$ x = 90° হলে, sin x + cos x = 1 হবে।

**প্রশ্ন ৬২.**

*At $x = 0$, the value of $f(x) = e^{-x^2}$ is equal to*

ক) 1 খ) 3/5 গ) 2 ঘ) 5

**সঠিক উত্তর:** ক) 1

**Live MCQ Analytics:** Right: 58%; Wrong: 4%; Unanswered: 37%; [Total: 17424]

**ব্যাখ্যা: Question:**

*At $x = 0$, the value of $f(x) = e^{-x^2}$ is equal to*

**Solution:**

দেওয়া আছে,
$x = 0$

প্রদত্ত রাশি,
$f(x) = e^{-x^2}$
$f(0) = e^{-0^2} = e^0 = 1$

**প্রশ্ন ৬৩. The formula b + (x/a) = c is rearranged to make x the subject. What is x?**

ক) a(c - b) খ) ac - b
গ) (c - b)/a ঘ) ac + ab

**সঠিক উত্তর:** ক) a(c - b)

**Live MCQ Analytics:** Right: 70%; Wrong: 6%; Unanswered: 23%; [Total: 17424]

**ব্যাখ্যা: Question:** The formula b + (x/a) = c is rearranged to make x the subject. What is x?

**Solution:**

Given that,

b + (x/a) = c

$\Rightarrow$ x/a = c - b

$\therefore$ x = a(c - b)

**প্রশ্ন ৬৪. If x is a natural number and S = {$x^2 \geq 64$ and $x^3 < 1000$} the S = ?**

ক) {8, 9, 10}        খ) {8, 9}
গ) {9}        ঘ) {4, 5, 6}

**সঠিক উত্তর:** খ) {8, 9}

**Live MCQ Analytics:** Right: 70%; Wrong: 13%; Unanswered: 15%; [Total: 17424]

**ব্যাখ্যা: Question:** If x is a natural number and S = {$x^2 \geq 64$ and $x^3 < 1000$} the S = ?

**Solution:**

S={$x^2 \geq 64$ and $x^3<1000$},

where x is a natural number.

Now,

$\Rightarrow x^2 \geq 64$

$\Rightarrow x \geq \sqrt{64}$

$\therefore x \geq 8$

Since x is a natural number, $x \geq 8$

Again,

$\Rightarrow x^3 < 1000$

$\Rightarrow x^3 < (10)^3$


$\therefore x < 10$

Since x is a natural number, x <10 means $x \leq 9$.

Now combine both inequalities = $8 \leq x \leq 9$

$\therefore$ S = {8, 9}

**প্রশ্ন ৬৫. Count the number of triangles and squares in the following figure:**




ক) 44 triangles 8 squares        খ) 46 triangles 8 squares
গ) 44 triangles 10 squares        ঘ) 44 triangles 8 squares.

**সঠিক উত্তর:** গ) 44 triangles 10 squares

**Live MCQ Analytics:** Right: 36%; Wrong: 9%; Unanswered: 54%; [Total: 17424]

**ব্যাখ্যা:** Question: Count the number of triangles and squares in the following figure:

Solution:




**ত্রিভুজ গণনা:**

১টি ফাঁকা স্থান নিয়ে ত্রিভুজ আছে = AEI, EOI, OHI, HAI, EBJ, BFJ, FOJ, OEJ, HOL, OGL, GDL, DHL, OFK, FCK, CGK এবং GOK =16 টি

২টি ফাঁকা স্থান নিয়ে ত্রিভুজ আছে = HAE, AEO, EOH, OHA, OEB, EBF, BFO, FOE, DHO, HOG, OGD, GDH, GOF, OFC, FCG এবং CGO = 16 টি

৪টি ফাঁকা স্থান নিয়ে ত্রিভুজ আছে = HEF, EFG, FGH, GHE, ABO, BGO, CDO এবং DAO = 8 টি

৮টি ফাঁকা স্থান নিয়ে ত্রিভুজ আছে = DAB, ABC, BCD এবং CDA = 4 টি

মোট ত্রিভুজ আছে = 16 + 16 + 8 + 4 = 44 টি

বর্গক্ষেত্র গণনা:


২টি ফাঁকা স্থান নিয়ে বর্গ আছে = HIOL, IEJO, JFKO এবং KGLO = 4টি

৪টি ফাঁকা স্থান নিয়ে বর্গ আছে = AEOH, EBFO, OFGC এবং HOGD = 4 টি

৮ টি ফাঁকা স্থান নিয়ে বর্গ আছে = EFGH = 1 টি

১৬ টি ফাঁকা স্থান নিয়ে বর্গ আছে = ABCD = 1 টি

মোট বর্গ আছে = 4 + 4 + 1 + 1 = 10 টি




**ত্রিভুজ গণনা:**

১টি ফাঁকা স্থান নিয়ে ত্রিভুজ আছে = 1,2,3,4,5,6,7,8,9,10,11,12,13,14,15,16 = 16 টি

২টি ফাঁকা স্থান নিয়ে ত্রিভুজ আছে = 12, 43,14, 32, 56, 87, 85, 76, 1314, 1615, 1316, 1415, 910, 1211, 912, 1011 = 16 টি

৪টি ফাঁকা স্থান নিয়ে ত্রিভুজ আছে = 1285, 67910, 11121415,

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

431316, 3287, 87912, 9121413, 231314 = 8 টি

৮টি ফাঁকা স্থান নিয়ে ত্রিভুজ আছে = **1582341316, 6791011121415, 128567910, 43131614151211 = 4 টি**

মোট ত্রিভুজ আছে = 16 + 16 + 8 + 4 = 44 টি

**বর্গক্ষেত্র গণনা:**

২টি ফাঁকা স্থান নিয়ে বর্গ আছে = 313, 79, 28, 1412 = 4টি

৪টি ফাঁকা স্থান নিয়ে বর্গ আছে = 1234, 5678, 9101112, 13141516, = 4 টি

৮ টি ফাঁকা স্থান নিয়ে বর্গ আছে = 32879121413= 1 টি

১৬ টি ফাঁকা স্থান নিয়ে বর্গ আছে = 1 টি

মোট বর্গ আছে = 4 + 4 + 1 + 1 = 10 টি

**প্রশ্ন ৬৬. A man paid tax on 9000 Taka at 30%. He paid the tax in 12 equal payments. Each payment was**

ক) 2.25 Taka খ) 22.50 Taka

গ) 225 Taka ঘ) 250 Taka

**সঠিক উত্তর:** গ) 225 Taka

**Live MCQ Analytics:** Right: 60%; Wrong: 15%; Unanswered: 24%; [Total: 17424]

**ব্যাখ্যা: Question:** A man paid tax on 9000 Taka at 30%. He paid the tax in 12 equal payments. Each payment was

**Solution:** ∴ ১০০ টাকায় কর দেয় = ৩০ টাকা

∴ ১ টাকায় কর দেয় = ৩০/১০০ = ৩/১০ টাকা

∴ ৯০০০ টাকায় কর দেয় = (৩ × ৯০০০)/১০ = ২৭০০ টাকা

∴ মোট কর = ২৭০০ টাকা

১২টি সমান কিস্তিতে পরিশোধ করে।

∴ প্রতি কিস্তিতে পরিশোধ = ২৭০০/১২ = ২২৫ টাকা

**প্রশ্ন ৬৭. If the ratio of two numbers is 3 : 4 and their least common multiple is 60, then the numbers are-**

ক) 15, 20 খ) 12, 16

গ) 9, 12 ঘ) 18, 24

**সঠিক উত্তর:** ক) 15, 20

**Live MCQ Analytics:** Right: 80%; Wrong: 2%; Unanswered: 16%; [Total: 17424]

**ব্যাখ্যা:** Question: If the ratio of two numbers is 3 : 4 and their least common multiple is 60, then the numbers are-

Solution:

ধরি,

সংখ্যা দুইটি যথাক্রমে 3x, 4x

3x, 4x এর লসাগু = 12x

প্রশ্নমতে,

12x = 60

⇒ x = 60/12

∴ x = 5

∴ সংখ্যা দুইটি যথাক্রমে = 3 × 5 = 15 , 4 × 5 = 20

**প্রশ্ন ৬৮. If two coins are tossed, what is the probability of getting at least one head?**

ক) 1/4 খ) 1/2 গ) 3/4 ঘ) 1

**সঠিক উত্তর:** গ) 3/4

**Live MCQ Analytics:** Right: 49%; Wrong: 34%; Unanswered: 15%; [Total: 17424]

**ব্যাখ্যা:** Question: If two coins are tossed, what is the probability of getting at least one head?

Solution:

Total cases = {HH, HT, TH, TT} = 4

Favorable cases = {HH, HT, TH} = 3

∴ Required Probability = 3/4

**প্রশ্ন ৬৯. Given $16^x = 4^4$, what is x?**

ক) – 2 খ) - 1/2 গ) 1/2 ঘ) 2

**সঠিক উত্তর:** ঘ) 2

**Live MCQ Analytics:** Right: 83%; Wrong: 4%; Unanswered: 12%; [Total: 17424]

**ব্যাখ্যা:**

Question: Given $16^x = 4^4$, what is x?

Solution:

$16^x = 4^4$

$\Rightarrow (4^2)^x = 4^4$

$\Rightarrow 4^{2x} = 4^4$

⇒ 2x = 4

⇒ x = 4/2

∴ x = 2

**প্রশ্ন ৭০. If the universal set consists of two sets A and B, then the complementary set of A is-**

ক) A ∩ B খ) A

গ) B ঘ) A ∪ B

**সঠিক উত্তর:** গ) B

**Live MCQ Analytics:** Right: 38%; Wrong: 33%; Unanswered: 28%; [Total: 17424]

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

**ব্যাখ্যা:**

Question: If the universal set consists of two sets A and B, then the complementary set of A is-

Solution:

U সার্বিক সেট এবং A সেটটি U এর উপসেট।

A সেটের বহির্ভূত সকল উপাদান নিয়ে গঠিত সেটকে A সেটের পূরক সেট বলে।

A এর পূরক সেটকে $A^c$ বা A' দ্বারা প্রকাশ করা হয়।

গাণিতিকভাবে $A^c = U - A$

দেওয়া আছে

U সার্বিক সেট A ও B এর উপাদান নিয়ে গঠিত।

ধরি

A = {2, 4, 6, 7} এবং B = {1, 3, 5}

U = A ∪ B

= {2, 4, 6, 7} ∪ {1, 3, 5}

= {1, 2, 3, 4, 5, 6, 7}

A এর পূরক সেটকে $A^c$ বা A' = U - A

= {1, 2, 3, 4, 5, 6, 7} - {2, 4, 6, 7}

= {1, 3, 5}

= B

# General Knowledge

**প্রশ্ন ৭১. Which bank offers loans to rural women without collateral?**

ক) Bangladesh Krishi Bank

খ) Grameen Bank

গ) BDBL

ঘ) Rajshahi Krishi Unnayan Bank

**সঠিক উত্তর:** খ) Grameen Bank

**Live MCQ Analytics:** Right: 86%; Wrong: 3%; Unanswered: 9%; [Total: 17424]

**ব্যাখ্যা:**

**- গ্রামীণ ব্যাংক (Grameen Bank) গ্রামীণ নারীদের জামানত ছাড়াই ঋণ প্রদান করে।**

**◉ গ্রামীণ ব্যাংক:**

- গ্রামীণ ব্যাংক বাংলাদেশের একটি ক্ষুদ্রঋণ প্রদানকারী সংস্থা এবং সামাজিক উন্নয়ন ব্যাংক।

- গ্রামীণ ব্যাংক ১৯৭৬ সালের প্রকল্প হিসেবে যাত্রা শুরু করে।

- ১৯৮৩ সালের ২ অক্টোবর গ্রামীণ ব্যাংক হিসেবে চালু হয়।

- গ্রামীণ ব্যাংকের প্রতিষ্ঠাতা ড. মুহাম্মদ ইউনূস।

- গ্রামীন ব্যাংকের ক্ষুদ্র ঋণের ধারণা বাংলাদেশের বাইরে প্রথম মালয়েশিয়ায় চালু করে।

- গ্রামীণ ব্যাংক মূলত ভূমিহীন এবং দরিদ্র নারীদের পাঁচ জনের ক্ষুদ্র ক্ষুদ্র দল গঠনের মাধ্যমে ক্ষুদ্রঋণ প্রদান করে এবং এ ঋণের মাধ্যমে তাদের কর্মসংস্থানের সৃষ্টি করে।

- ক্ষুদ্রঋণের মাধ্যমে সমাজের নীচ থেকে অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন সৃষ্টির প্রচেষ্টার প্রশংসায় ও ড. মুহাম্মদ ইউনূস ২০০৬ সালে নোবেল শান্তি পুরস্কার লাভ করেন।

**উল্লেখ্য,**

- গ্রামীণ ব্যাংক প্রকল্পটি ১৯৭৬ সালে বাংলাদেশের চট্টগ্রাম জেলার 'জোবরা' গ্রামে একটি অ্যাকশন গবেষণা পাইলট প্রকল্প হিসাবে শুরু হয়েছিল।

- এর ৯৮% ঋণগ্রহীতা নারী।

- এই নারীদের দুই-তৃতীয়াংশেরও বেশি দারিদ্র্য বিমোচনের মাধ্যমে উন্নত জীবনে এগিয়ে গেছে।

- গ্রামীণ ব্যাংকের সবচেয়ে মানবিক ও ব্যতিক্রমী কর্মসূচি হল সংগ্রাম (ভিক্ষুক) সদস্যদের কর্মসূচি।

- গ্রামীণ ব্যাংক ভিক্ষুকদের আর্থিক সক্ষমতা তৈরিতে সাহায্য করার জন্য সুদ-মুক্ত ঋণ দেয়।

**এছাড়াও,**

- ২০২৫ সালে ঘোষিত নতুন অধ্যাদেশে ব্যাংকটির পরিচালনা পর্ষদের গঠনে পরিবর্তন আনা হয়েছে এবং ঋণগ্রহীতা শেয়ারহোল্ডারদের মালিকানা বাড়িয়ে ৯০% করা হয়েছে। একই সঙ্গে চেয়ারম্যান নিয়োগ পদ্ধতিও পরিবর্তিত হয়েছে—এখন পর্ষদ সদস্যদের মধ্য থেকেই চেয়ারম্যান নির্বাচিত হবেন। ব্যাংকটির এমডির সর্বোচ্চ বয়সসীমা ৬৫ বছর নির্ধারণ করা হয়েছে।

**অন্যদিকে,**

- বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক এবং বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড (BDBL) সাধারণত জামানতবিহীন ঋণ প্রদান করে না।

সূত্র: গ্রামীণ ব্যাংক ওয়েবসাইট।

**প্রশ্ন ৭২. Which language is most commonly used for AI development?**

ক) HTML খ) Python

Join Now ▶ | GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

গ) COBOL ঘ) CSS

**সঠিক উত্তর:** খ) Python

**Live MCQ Analytics:** Right: 55%; Wrong: 25%; Unanswered: 19%; [Total: 17424]

**ব্যাখ্যা: - AI-এ প্রধানত পাইথন প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজটি ব্যবহৃত হয়।**

**◉ আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স (Artificial Intelligence):**

- মানুষের বুদ্ধিমত্তা ও চিন্তা শক্তিকে কৃত্রিম উপায়ে প্রযুক্তি নির্ভর করে যন্ত্রের মাধ্যমে বাস্তবায়ন করাকে আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স বা কৃত্রিম বুদ্ধিমত্তা বলে।

- ডেটা বা তথ্যকে প্রক্রিয়া করার জন্য অনেক সময় সাধারণ কম্পিউটার প্রোগ্রাম যথেষ্ট নয়, এমন অ্যালগরিদম বা পদ্ধতি প্রয়োজন যার মাধ্যমে কম্পিউটার চিন্তা করে কোনো সমাধান বের করতে পারে এবং পরিবর্তিত পরিস্থিতির সাথে নিজেকে খাপ খাইয়ে নিতে পারে ঠিক যেমনটা মানুষ বা অন্যান্য বুদ্ধিমান প্রাণী করে থাকে।

- এ ধরণের পদ্ধতি এবং অ্যালগরিদম নিয়েই আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স কাজ করে থাকে।

- আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্সের আওতায় বেশ কিছু ক্ষেত্র রয়েছে, যার মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে- মেশিন লার্নিং, রোবটিক্স, কম্পিউটার ভিশন, ন্যাচারাল ল্যাঙ্গুয়েজ প্রসেসিং (NLP), স্পিচ প্রসেসিং ইত্যাদি।

**- আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্সে ব্যবহৃত প্রোগ্রামিং ভাষাগুলো হলো- LISP, PROLOG, C/C++, CLISP, JAVA, MATLAB, Python, SHRDLU ইত্যাদি।**

সূত্র:

১. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, একাদশ- দ্বাদশ ও আলিম শ্রেণি।

২. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, একাদশ-দ্বাদশ শ্রেণি, মাহবুবুর রহমান।

**প্রশ্ন ৭৩. Where is 'Simanto Gourab' located?**

ক) BGB Headquarter খ) Benapole

গ) Bangladesh-India boarder ঘ) Dhaka Cantonment

**সঠিক উত্তর:** ক) BGB Headquarter

**Live MCQ Analytics:** Right: 44%; Wrong: 14%; Unanswered: 41%; [Total: 17424]

**ব্যাখ্যা:**

**- 'সীমান্ত গৌরব' ঢাকার পিলখানায় BGB সদর দপ্তরে অবস্থিত।**

**◉ সীমান্ত গৌরব:**

**- 'সীমান্ত গৌরব' (Simanto Gourab) রাজধানী ঢাকার পিলখানাস্থ বর্ডার গার্ড বাংলাদেশ (BGB) সদর দপ্তরে অবস্থিত।**

- এটি মহান মুক্তিযুদ্ধে শহীদ বিজিবি সদস্যদের স্মরণে নির্মিত হয়েছে।

- প্রতি বছর স্বাধীনতা দিবসে এখানে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করা হয়।

- বিজিবি মহাপরিচালকসহ কর্মকর্তা ও সৈনিকরা এ সময় শহীদদের প্রতি শ্রদ্ধা জানান।

- এখানে গার্ড অব অনার প্রদানসহ অন্যান্য আনুষ্ঠানিকতা পালন করা হয়।

**এছাড়াও,**

- 'স্বাধীনতা স্তম্ভ' ঢাকার সোহরাওয়ার্দী উদ্যানে অবস্থিত।

- 'সংশপ্তক' জাহাঙ্গীরনগরে নির্মিত মুক্তিযুদ্ধভিত্তিক ভাস্কর্য।

- 'জাগ্রত চৌরঙ্গী' জয়দেবপুর চৌরাস্তায় স্থাপিত দেশের প্রথম মুক্তিযুদ্ধভিত্তিক ভাস্কর্য।

- 'অপরাজেয় বাংলা' ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবনের সামনে অবস্থিত।

- 'সাবাস বাংলাদেশ' রাজশাহী বিশ্ববিদ্যালয়ে অবস্থিত স্বাধীনতা যুদ্ধের স্মারক ভাস্কর্য।

সূত্র: বাসস, বর্ডার গার্ড বাংলাদেশের ওয়েবসাইট ও দৈনিক ইনকিলাব।

**প্রশ্ন ৭৪. Which was the first country to grant women the right to vote?**

ক) USA খ) France

গ) New Zealand ঘ) Canada

**সঠিক উত্তর:** গ) New Zealand

**Live MCQ Analytics:** Right: 86%; Wrong: 4%; Unanswered: 9%; [Total: 17424]

**ব্যাখ্যা: ◉ নারীর ভোটাধিকার লাভ:**

**- বিশ্বে সর্বপ্রথম ১৮৯৩ সালে নিউজিল্যান্ডের নারীরা ভোটাধিকার লাভ করে।**

**পরবর্তীতে,**

- ১৯০২ সালে অস্ট্রেলিয়া নারীরা ভোটাধিকার লাভ করে।

- ১৯০৬ সালে ফিনল্যান্ড নারীরা ভোটাধিকার লাভ করে।

- ১৯১৫ সালে ডেনমার্কের নারীরা ভোটাধিকার লাভ করে।

- ১৯১৮ সালে যুক্তরাজ্যের নারীরা নারীরা ভোটাধিকার লাভ করে।

- ১৯২০ যুক্তরাষ্ট্রের নারীরা ভোটাধিকার লাভ করে।

- মুসলিম দেশগুলোর মধ্যে ১৯১৮ সালে কিরগিজস্তানের নারীরা প্রথম ভোটাধিকার লাভ করে।

- ১৯৩০ সালে তুর্কি নারীরা এবং ১৯৪৯ সালে আরববিশ্বে প্রথম সিরিয়ার নারীরা ভোটাধিকার লাভ করে।

- পাকিস্তান, ভারত ও বাংলাদেশের নারীরা ভোটাধিকার লাভ করে যথাক্রমে ১৯৪৭, ১৯৫০ এবং ১৯৭২ সালে।

সূত্র: Ministry for Women New Zealand ওয়েবসাইট, ব্রিটানিকা।

**প্রশ্ন ৭৫. Which of the following is a specialized bank in Bangladesh?**

ক) BRAC Bank
খ) Islami Bank Bangladesh Limited
গ) Bangladesh Krishi Bank
ঘ) Sonali Bank

**সঠিক উত্তর:** গ) Bangladesh Krishi Bank

**Live MCQ Analytics:** Right: 88%; Wrong: 3%; Unanswered: 8%; [Total: 17424]

**ব্যাখ্যা:**

**- বাংলাদেশ কৃষি ব্যাংক হলো একটি বিশেষায়িত ব্যাংক।**

**◉ বিশেষায়িত (specialized) ব্যাংক:**

- বিশেষায়িত ব্যাংক বিশেষ খাতের উন্নয়নের জন্যে গঠিত হয়।
- বাংলাদেশে বিশেষায়িত ব্যাংক হলো তিনটি।

**এগুলো হলো:**

→ **বাংলাদেশ কৃষি ব্যাংক,**
→ রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক এবং
→ প্রবাসী কল্যাণ ব্যাংক।

**◉ বাংলাদেশ কৃষি ব্যাংক:**

**- Bangladesh Krishi Bank (বাংলাদেশ কৃষি ব্যাংক) হলো একটি বিশেষায়িত (specialized) ব্যাংক।**

- বাংলাদেশ কৃষি ব্যাংক (বিকেবি) ১৯৭৩ সালের রাষ্ট্রপতি আদেশে প্রতিষ্ঠিত একটি বিশেষায়িত ব্যাংক, এটা মূলত কৃষি খাতে অর্থায়নের জন্য কাজ করে।
- ব্যাংকটি কৃষক, প্রান্তিক চাষি ও দরিদ্র জনগোষ্ঠীর জন্য সহজ শর্তে কৃষি ঋণ প্রদান করে থাকে।
- বিকেবি ডিপোজিট, ঋণ, অনলাইন ব্যাংকিং, রেমিটেন্স এবং বৈদেশিক মুদ্রা লেনদেনসহ সব ধরনের আধুনিক ব্যাংকিং সেবা দিয়ে থাকে।
- বিকেবি বর্তমানে ডিজিটাল ব্যাংকিং সেবা যেমন এটিএম, কোর ব্যাংকিং ও অনলাইন ট্রান্সফার চালু করে গ্রাহকসেবায় অগ্রগামী।

**অন্যদিকে:**

→ BRAC Bank – বেসরকারি বাণিজ্যিক ব্যাংক,
→ Islami Bank Bangladesh Limited – ইসলামী শরিয়া ভিত্তিক বাণিজ্যিক ব্যাংক,
→ Sonali Bank – রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংক।

সূত্র: বাংলাদেশ ব্যাংক ওয়েবসাইট ও বাংলাদেশ কৃষি ব্যাংক ওয়েবসাইট।

**প্রশ্ন ৭৬. Which continent has the maximum number of countries?**

ক) Asia
খ) Africa
গ) Europe
ঘ) South America

**সঠিক উত্তর:** খ) Africa

**Live MCQ Analytics:** Right: 48%; Wrong: 41%; Unanswered: 10%; [Total: 17424]

**ব্যাখ্যা:**

**- আফ্রিকা মহাদেশে সর্বাধিক সংখ্যক দেশ রয়েছে। এই মহাদেশে মোট ৫৪টি দেশ রয়েছে।**

**◉ আফ্রিকা মহাদেশ:**

- আয়তনে পৃথিবীর দ্বিতীয় বৃহত্তম মহাদেশ হল আফ্রিকা মহাদেশ।
- আফ্রিকা মহাদেশের প্রায় মধ্যভাগ দিয়ে বিষুবরেখা বা নিরক্ষরেখা অতিক্রম করেছে।
- এর আয়তন ১১,৭২৪,০০০ বর্গ মাইল (৩০,৩৬৫,০০০ বর্গ কিমি)।
- এ মহাদেশের উত্তরে ভূ-মধ্যসাগর, দক্ষিণে দক্ষিণ মহাসাগর, পূর্বে ভারত মহাসাগর ও লোহিত সাগর এবং পশ্চিমে আটলান্টিক মহাসাগর অবস্থিত।

**- আফ্রিকা মহাদেশের মধ্যে সবচেয়ে বেশি দেশ রয়েছে।**

- এই মহাদেশে মোট ৫৪টি দেশ অবস্থিত।
- আয়তনে আফ্রিকার সবচেয়ে বড় দেশ আলজেরিয়া।
- আয়তনে আফ্রিকার সবচেয়ে ছোট দেশ সিচেলিস।

**◉ মহাদেশভিত্তিক দেশের সংখ্যা:**

→ **আফ্রিকা – ৫৪টি দেশ (বিশ্বে সবচেয়ে বেশি),**
→ এশিয়া – ৪৮টি দেশ,
→ ইউরোপ – ৪৪টি দেশ,
→ উত্তর আমেরিকা – ২৩টি দেশ,
→ অস্ট্রেলিয়া/ওশেনিয়া – ১৪টি দেশ,
→ দক্ষিণ আমেরিকা – ১২টি দেশ।

সূত্র: WorldAtlas ও ব্রিটানিকা।

**প্রশ্ন ৭৭. The main theme of the Bengali New Year 1432 celebration**

ক) ফ্যাসিবাদের অবসান, নববর্ষের ঐকতান
খ) নববর্ষের ঐকতান, ফ্যাসিবাদের অবসান
গ) বৈশাখের আহ্বান, ফ্যাসিবাদের অবসান
ঘ) ফ্যাসিবাদের অবসান, নববর্ষের আহ্বান

**সঠিক উত্তর:** খ) নববর্ষের ঐকতান, ফ্যাসিবাদের অবসান

**Live MCQ Analytics:** Right: 54%; Wrong: 25%; Unanswered: 20%; [Total: 17424]

**ব্যাখ্যা:**

**- বাংলা নববর্ষ ১৪৩২ উদযাপনের মূল প্রতিপাদ্য ছিল ‘নববর্ষের ঐকতান, ফ্যাসিবাদের অবসান’।**

**◉ বাংলা নববর্ষ ১৪৩২:**

- এবার বাংলা নববর্ষের শোভাযাত্রায় সর্বজনীন অংশগ্রহণের আয়োজনের সিদ্ধান্ত নিয়েছিলো ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসন। আরো বড় পরিসরে, বৈচিত্র্যপূর্ণভাবে, লোক-ঐতিহ্য ও ’২৪-এর চেতনাকে ধারণ করে প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে **‘নববর্ষের ঐকতান, ফ্যাসিবাদের অবসান’**।

- প্রতিপাদ্যটি ২০২৪-এর রাজনৈতিক পটপরিবর্তন ও ছাত্র-জনতার অভ্যুত্থানের চেতনাকে প্রতিফলিত করে।

- এই বর্ষবরণ আনন্দ শোভাযাত্রায় ৭টি বড় মোটিফ, ৭টি মাঝারি মোটিফ এবং ৭টি ছোট মোটিফসহ আমাদের ঐতিহ্যের পরিচায়ক বিভিন্ন শিল্পকর্ম স্থান পায়। এছাড়া, এবছর বিপুলসংখ্যক সামাজিক-সাংস্কৃতিক সংগঠনের প্রতিনিধি ও সর্বসাধারণ দেশীয় সাংস্কৃতিক ঐতিহ্য ধারণ করে শোভাযাত্রায় অংশগ্রহণ করেন।

সূত্র: ঢাকা বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট ও দৈনিক কালের কণ্ঠ।

**প্রশ্ন ৭৮. The Swadeshi Movement in Bengal was associated with**

ক) Jallianwala Bagh Massacre খ) 1857 Rebellion

গ) Partition of Bengal (1905) ঘ) Salt March

**সঠিক উত্তর:** গ) Partition of Bengal (1905)

**Live MCQ Analytics:** Right: 51%; Wrong: 30%; Unanswered: 18%; [Total: 17424]

**ব্যাখ্যা:**

**- স্বদেশী আন্দোলন মূলত ১৯০৫ সালের বঙ্গভঙ্গের প্রেক্ষাপটে শুরু হয়।**

**◉ স্বদেশী আন্দোলন:**

- স্বদেশী আন্দোলন ছিলো একটি ব্রিটিশ বিরোধী আন্দোলন।

- ১৯০৫ সালে ব্রিটিশ সরকার বাংলা প্রেসিডেন্সিকে ভেঙ্গে দুটো প্রদেশ করে যা ‘বঙ্গভঙ্গ’ নামে পরিচিত।

- কিন্তু কংগ্রেস ও হিন্দুরা এ সিদ্ধান্তের তীব্র বিরোধিতা করে।

**- বঙ্গভঙ্গের বিরোধিতার অংশ হিসেবে ১৯০৫ সালে স্বদেশী আন্দোলনের সূত্রপাত ঘটে।**

- তাছাড়া এ আন্দোলন শুরুতে তরুণদের দেশপ্রেম, ঔপনিবেশিক শক্তিবিরোধী শাড়িপূর্ণ নিষ্ঠা ও আদর্শ নিয়ে শুরু হলেও ক্রমে তা থেকে চরম ও সশস্ত্র ধারার ব্রিটিশ বিরোধী আন্দোলনের জন্ম নেয়।

- ফলে ব্রিটিশ শক্তি শেষ পর্যন্ত বঙ্গভঙ্গ বাতিল করতে বাধ্য হয়।

**এছাড়াও,**

- স্বদেশী আন্দোলনের প্রধান উদ্দেশ্য ছিল বিলেতি পণ্য বর্জন।

- পরে বিলেতি শিক্ষা বর্জনও এ কর্মসূচির অন্তর্ভুক্ত হয়।

- কংগ্রেস নেতারা গ্রামে-গঞ্জে-শহরে প্রকাশ্য সভায় বিলেতি পণ্য পুড়িয়ে ফেলে।

- সঙ্গে সঙ্গে বাংলার বিভিন্ন অঞ্চলে গড়ে উঠে বাংলার নিজস্ব তাঁতবস্ত্র, সাবান, লবণ, চিনি ও চামড়ার দ্রব্য তৈরির কারখানা।

- অপর দিকে বিলেতি শিক্ষা বর্জন এবং আন্দোলনের সাথে যুক্তদের বিভিন্ন সরকারি স্কুল-কলেজ থেকে বের করে দেওয়ার ফলে প্রয়োজনে গড়ে উঠে জাতীয় শিক্ষা প্রতিষ্ঠান।

- এই আন্দোলনকে কেন্দ্র করে বাংলা ভাষায় বাঙালি জাতীয়তাবাদে উদ্বুদ্ধকারী শ্রেষ্ঠ দেশাত্মবোধক গানগুলো রচনা করেন রবীন্দ্রনাথ ঠাকুর, দ্বিজেন্দ্রলাল রায় এবং রজণীকান্ত সেন প্রমুখ।

- আমাদের জাতীয় সঙ্গীত 'আমার সোনার বাংলা আমি তোমায় ভালোবাসি' গানটি রবীন্দ্রনাথ ঐ সময় রচনা করেন।

**অন্যদিকে:**

**জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড:**

- ১৯১৯ সালের ১৩ এপ্রিল পাঞ্জাবের অমৃতসরে রাওলাট আইনের বিরুদ্ধে আয়োজিত এক সভায় ইংরেজ বাহিনীর গুলিবর্ষণে বহু নিরীহ লোক মারা যায়। এই হত্যাকাণ্ড 'জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড' নামে পরিচিত। রবীন্দ্রনাথ ঠাকুর জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ডের প্রতিবাদে ব্রিটিশ সরকার প্রদত্ত নাইট উপাধি (১৯১৫ সালে প্রদত্ত) ত্যাগ করেন।

**সিপাহী বিপ্লব, ১৮৫৭:**

- ভারতবর্ষে গভর্নর জেনারেল লর্ড ক্যানিং-এর শাসনকালের সর্বাধিক উল্লেখযোগ্য ঘটনা হলো ১৮৫৭ সালের মহাবিদ্রোহ বা বিপ্লব। বৃটিশ সৈন্যবাহিনীর দেশীয় সিপাহীদের অসন্তোষ ও বিক্ষোভের কারণে সৃষ্ট বিদ্রোহ পরবর্তী সময়ে ভারতের বিস্তীর্ণ অঞ্চলে ছড়িয়ে পড়ে এবং এই গণবিদ্রোহ বৃটিশ শাসনকে প্রায় ভাসিয়ে নিয়ে যায়।

**লবণ সত্যাগ্রহ:**

- ১৯৩০ সালের ১২ মার্চ ডান্ডি পদযাত্রা বা লবণ সত্যাগ্রহ শুরু হয়। এই সত্যাগ্রহ ছিল ভারতের স্বাধীনতা আন্দোলনের একটি গুরুত্বপূর্ণ অংশ। লবণ পদযাত্রা ঔপনিবেশিক ভারতে ব্রিটিশদের একচেটিয়া লবণ নীতির বিরুদ্ধে একটি অহিংস কর প্রদান-বিরোধী প্রতিবাদ আন্দোলন। এই আন্দোলনের মাধ্যমেই আইন অমান্য আন্দোলনের সূচনা হয়। এই আন্দোলনের নেতৃত্বে ছিলেন মহাত্মা গান্ধী।

সূত্র: বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা, এসএসসি প্রোগ্রাম, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ও ব্রিটানিকা।

**প্রশ্ন ৭৯. What was the title of the Mughal-appointed governor of Bengal?**

ক) Nawab খ) Subahdar

গ) Nizam ঘ) Sultan

**সঠিক উত্তর:** খ) Subahdar

**Live MCQ Analytics:** Right: 75%; Wrong: 12%; Unanswered: 11%; [Total: 17424]

**ব্যাখ্যা:**

**- মুঘল আমলে বাংলার নিযুক্ত গভর্নরের উপাধি ছিল "সুবেদার"।**

**◉ মোগল সাম্রাজ্য:**

- ১৫২৬ খ্রিস্টাব্দে সম্রাট জহিরউদ্দিন বাবর কর্তৃক ভারতবর্ষে মোগল বংশের শাসন প্রতিষ্ঠিত হয়।
- পরবর্তীতে তার উত্তরসূরীরা এটিকে সর্বভারতীয় সাম্রাজ্যে রূপান্তরিত করে।
- বাবর থেকে আওরঙ্গজেব অর্থাৎ ১৫২৬ থেকে ১৭০৭ খ্রিস্টাব্দ পর্যন্ত মোগল শাসন ছিল স্বর্ণযুগের শাসন।
- ১৭০৭ খ্রিস্টাব্দে আওরঙ্গজেবের মৃত্যুর পর মোগল শাসনের পতনে প্রক্রিয়া শুরু হয়।
- ১৮৫৭ সালে শেষ মোগল সম্রাট দ্বিতীয় বাহাদুর শাহ জাফর ইংরেজ কর্তৃক নির্বাসিত হলে মোগল শাসনের চূড়ান্ত পরিসমাপ্তি হয়।
- মোগলরা একটি শক্তিশালী কেন্দ্রীয় শাসন ব্যবস্থার পাশাপাশি স্থানীয় প্রাদেশিক শাসন কাঠামোও গড়ে তুলেছিল।

**কেন্দ্রীয় প্রশাসন:**

- মোগল শাসন ব্যবস্থায় রাষ্ট্রের সর্বময় ক্ষমতার উৎস ছিলেন সম্রাট। এটি ফার্সি শব্দ যা বাংলায় বাদশাহ হিসেবে ব্যবহৃত। তিনি একাধারে রাষ্ট্রীয় প্রধান, সামরিক প্রধান এবং প্রধান বিচারক হিসেবে রাজ্য পরিচালনা ও প্রশাসন নিয়ন্ত্রণ করতেন। রাজকর্মচারিরা তাদের স্ব স্ব কর্মকান্ডের জন্য বাদশাহের কাছেই দায়বদ্ধ থাকতেন। কর্মচারিদের চাকরির কার্যকাল সম্রাটের ইচ্ছা এবং সন্তুষ্টির উপর নির্ভর করত।

**ওয়াজির বা প্রধানমন্ত্রী:**

- সম্রাটের পরই প্রধানমন্ত্রী বা ওয়াজিরের স্থান ছিল। তিনি কোনো কোনো সময় রাজস্ব বিভাগও দেখাশুনা করতেন। তবে মোগল প্রশাসনের ওয়াজিরের পদ অপরিহার্য ছিল না। তাই মোগল আমলে সব সময় ওয়াজির নিযুক্ত হত না।

**প্রাদেশিক শাসন:**

- বিশাল মোগল সাম্রাজ্যের সুষ্ঠু শাসনের জন্য সমগ্র সাম্রাজ্যকে কতগুলো 'সুবাহ' বা প্রদেশে ভাগ করা হয়েছিল।

**- সুবাহদার ছিলেন সুবাহর প্রধান কর্ম নির্বাহক।**

- পদমর্যাদায় সুবাহদারের পরেই ছিল প্রাদেশিক দিউয়ান।
- মোগল আমলে প্রতিটি প্রদেশ কয়েকটি সরকার বা জেলায় এবং প্রতিটি সরকার কয়েকটি পরগনায় বিভক্ত ছিল। ফৌজদার ও শিকদার ছিলেন যথাক্রমে সরকার ও পরগণার প্রধান নির্বাহীকর্তা।
- ইসলাম খান চিশতী, শায়েস্তা খান, আজিম উস শান প্রমুখ।

**অন্যদিকে:**

- নিজাম: এই উপাধি হায়দ্রাবাদের শাসকদের জন্য ব্যবহৃত হত।
- সুলতান: দিল্লি সুলতান বা বাংলার স্বাধীন সুলতানদের জন্য ব্যবহৃত হতো।
- নবাব: মুঘল আমলে যারা কোনো নির্দিষ্ট অঞ্চলে মুঘল সম্রাটের প্রতিনিধি হিসেবে শাসন করতেন, তাদের অনেকেই পরবর্তীতে স্বাধীন বা আধা-স্বাধীন শাসক হিসেবে নিজেদের নবাব হিসেবে ঘোষণা করেন।

সূত্র: ইতিহাস ১ম পত্র, এইচএসসি প্রোগ্রাম, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, ব্রিটানিকা।

**প্রশ্ন ৮০. The name of the organizer of the 'March for Gaza' which was held in Dhaka on 12 April 2025**

ক) Palestine Solidarity Movement Bangladesh

খ) Islamic Relief

গ) Gaza Freedom March

ঘ) Gaza Emergency Fund

**সঠিক উত্তর:** ক) Palestine Solidarity Movement Bangladesh

**Live MCQ Analytics:** Right: 76%; Wrong: 9%; Unanswered: 14%; [Total: 17424]

**ব্যাখ্যা:**

**- ২০২৫ সালের ১২ এপ্রিল 'মার্চ ফর গাজা' কর্মসূচির আয়োজক ছিল 'প্যালেস্টাইন সলিডারিটি মুভমেন্ট বাংলাদেশ'।**

**◉ 'মার্চ ফর গাজা' কর্মসূচি:**

- ২০২৫ সালের ১২ এপ্রিল ঢাকার সোহরাওয়ার্দী উদ্যানে 'মার্চ ফর গাজা' কর্মসূচির আয়োজন করে **'প্যালেস্টাইন সলিডারিটি মুভমেন্ট বাংলাদেশ'** নামের একটি প্ল্যাটফর্ম।
- এই কর্মসূচির উদ্দেশ্য ছিল ফিলিস্তিনের গাজায় ইসরায়েলি আগ্রাসনের প্রতিবাদ জানানো।
- এতে সভাপতিত্ব করেন বায়তুল মোকাররম মসজিদের খতিব মাওলানা আব্দুল মালেক।
- বক্তা হিসেবে অংশগ্রহণ করেন মিজানুর রহমান আজহারী ও শায়খ আহমাদুল্লাহসহ অনেকে।
- এতে বিএনপি, জামায়াত, হেফাজতে ইসলামসহ বিভিন্ন রাজনৈতিক ও সামাজিক সংগঠনের নেতাকর্মীরা অংশ নেন।

সূত্র: প্রথম আলো ও দৈনিক কালের কণ্ঠ।

**প্রশ্ন ৮১. Orange Cap is related to**

ক) Football খ) Tennis

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

গ) Cricket ঘ) Badminton

**সঠিক উত্তর:** গ) Cricket

**Live MCQ Analytics:** Right: 40%; Wrong: 34%; Unanswered: 25%; [Total: 17424]

**ব্যাখ্যা:**

**- অরেঞ্জ ক্যাপ ক্রিকেটের সাথে সম্পৃক্ত।**

**◉ অরেঞ্জ ক্যাপ:**

- Orange Cap হলো ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ (আইপিএল)-এ প্রতি মৌসুমে সর্বোচ্চ রান সংগ্রাহক ব্যাটসম্যানকে দেওয়া একটি বিশেষ সম্মান।
- প্রথম ম্যাচ থেকেই এই প্রতিযোগিতা শুরু হয় এবং প্রতিটি ম্যাচের শেষে সর্বোচ্চ রান সংগ্রাহকের মাথায় অরেঞ্জ ক্যাপ তুলে দেওয়া হয়। যদি কেউ তাঁকে টপকে যেতে না পারে, তবে পরবর্তী ম্যাচেও সেই ব্যাটসম্যানই অরেঞ্জ ক্যাপ পরে থাকেন।
- ফাইনাল ম্যাচ শেষে যিনি সর্বোচ্চ রান করেন, তিনিই পান স্থায়ী ধাতব অরেঞ্জ ক্যাপ।
- সবচেয়ে বেশি তিন বার অরেঞ্জ ক্যাপ জিতেছেন অস্ট্রেলিয়ার বাঁ হাতি ব্যাটার ডেভিড ওয়ার্নার।
- অস্ট্রেলিয়ার ব্যাটার শন মার্শ প্রথম অরেঞ্জ ক্যাপ জিতেছিলেন।

সূত্র: আইপিএল ওয়েবসাইট ও হিন্দুস্তান টাইমস।

**প্রশ্ন ৮২. Which financial institution was merged with Bangladesh Shilpa Bank to form Bangladesh Development Bank?**

ক) Bangladesh Industrial Credit Bank

খ) Community Bank Bangladesh

গ) Bangladesh Shilpa Rin Sangstha

ঘ) Infrastructure Development Company

**সঠিক উত্তর:** গ) Bangladesh Shilpa Rin Sangstha

**Live MCQ Analytics:** Right: 37%; Wrong: 20%; Unanswered: 42%; [Total: 17424]

**ব্যাখ্যা: - বাংলাদেশ সরকার শিল্প ব্যাংক (বিএসবি) এবং বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা (বিএসআরএস)-কে একীভূত করে বিডিবিএল (বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড) গঠন করে।**

**◉ বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড:**

- বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড (বিডিবিএল) সরকারি মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক।

**- সরকারি সিদ্ধান্তের আওতায় বাংলাদেশে শিল্প ব্যাংক (বিএসবি) এবং বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা (বিএসআরএস)-কে একীভূত করে বিডিবিএল গঠিত এবং রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিজ অ্যান্ড ফার্মস এ নিবন্ধিত হয়।**

- রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিজ অ্যান্ড ফার্মস থেকে সার্টিফিকেট অব ইনকরপোরেশন এবং বাংলাদেশ ব্যাংক থেকে লাইসেন্স ও অনুমোদন নিয়ে ২০০৯ সালের নভেম্বর মাসে বিডিবিএল-এর কার্যক্রম শুরু হয়।
- বিএসবি এবং বিএসআরএস এর পরিসম্পদ ও দায়গ্রহণের ভেন্ডারস এগ্রিমেন্ট ৩১ ডিসেম্বর ২০০৯ তারিখে সরকার এবং সরকার মনোনীত বিডিবিএল-এর পরিচালনা পর্ষদ কর্তৃক স্বাক্ষরিত হয়।
- ২০১০ সালের ৩ জানুয়ারি নতুন ব্রত আর আদর্শ নিয়ে বিডিবিএল-এর কর্মযাত্রা শুরু।
- ১৯৯১ সালের ব্যাংকিং কোম্পানি অ্যাক্টের আওতায় যাবতীয় অভ্যন্তরীণ এবং আন্তর বাণিজ্যিক ব্যাংকিং এর কার্যাবলী সম্পাদনে বিডিবিএল-এর কর্মসূচি পরিব্যাপ্ত।
- বিডিবিএল অনুমোদিত মূলধন ১০০ কোটি টাকা এবং পরিশোধিত মূলধন ৪০ কোটি টাকা যার পুরোটাই বাংলাদেশ সরকার কর্তৃক লগ্নীকৃত।

সূত্র: বাংলাপিডিয়া ও বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক ওয়েবসাইট।

**প্রশ্ন ৮৩. With which district of Bangladesh is the GI product 'Shataranji,' associated?**

ক) Rangpur খ) Dinajpur

গ) Bogra ঘ) Tangail

**সঠিক উত্তর:** ক) Rangpur

**Live MCQ Analytics:** Right: 41%; Wrong: 29%; Unanswered: 28%; [Total: 17424]

**ব্যাখ্যা:**

**◉ জিআই (GI) পণ্য:**

- জিআই (GI) এর পূর্ণরূপ হলো (Geographical indication) ভৌগলিক নির্দেশক।
- WIPO (world intellectual property organization) হলো জিআই পণ্যের স্বীকৃতি দানকারী প্রতিষ্ঠান।
- বাংলাদেশের জিআই পণ্য এখন ৫৫টি। [মে - ২০২৫]
- বাংলাদেশ সরকার ২০১৩ সালে জিআই সনদ দেওয়ার আইন পাস করে সরকার।
- এর আগে বাংলাদেশের প্রথম ভৌগোলিক নির্দেশক পণ্য জামদানিও বিসিক কর্তৃক ২০১৬ সালে নিবন্ধিত হয়।

**রংপুরের শতরঞ্জি:**

- ভৌগোলিক নির্দেশক (GI) পণ্যের নং-০৭

**- রংপুরের নিসবেতগঞ্জ গ্রাম শতরঞ্জি শিল্পের ঐতিহ্যবাহী কেন্দ্র।**

- এই হস্তশিল্পে যন্ত্রের ব্যবহার নেই; বাঁশ ও রশি দিয়ে হাতে নকশা করে শতরঞ্জি তৈরি হয়।
- ব্রিটিশ আমল থেকেই এই শিল্প ভারত, বার্মা, সিংহলসহ বহু দেশে

রপ্তানি হতো।

- বর্তমানে এটি ইউরোপ, আমেরিকাসহ ৩৬টি দেশে রপ্তানি হয়ে বৈদেশিক মুদ্রা অর্জনে ভূমিকা রাখছে।

**- বাংলাদেশের GI পণ্য সমূহ:**

- জামদানি শাড়ি, বাংলাদেশের ইলিশ, চাঁপাইনবাবগঞ্জের খিরসাপাত আম, বিজয়পুরের সাদা মাটি, দিনাজপুরের কাটারীভোগ চাল, বাংলাদেশের কালিজিরা চাল, **রংপুরের শতরঞ্জি**, রাজশাহী সিল্ক, ঢাকাই মসলিন, রাজশাহী-চাঁপাইনবাবগঞ্জের ফজলি আম, বাংলাদেশের বাগদা চিংড়ি, বাংলাদেশের শীতল পাটি, বগুড়ার দই, শেরপুরের তুলশীমালা ধান, চাঁপাইনবাবগঞ্জের ল্যাংড়া আম, চাঁপাইনবাবগঞ্জের আশ্বিনা আম, নাটোরের কাঁচাগোল্লা, বাংলাদেশের ব্ল্যাক বেঙ্গল ছাগল, টাঙ্গাইলের পোড়াবাড়ির চমচম, কুমিল্লার রসমালাই, কুষ্টিয়ার তিলের খাজা, রংপুরের হাঁড়িভাঙ্গা আম, মৌলভীবাজারের আগর, মৌলভীবাজারের আগর আতর, মুক্তাগাছার মণ্ডা, যশোরের খেজুরের গুড়, নরসিংদীর অমৃত সাগর কলা, রাজশাহীর মিষ্টি পান, গোপালগঞ্জের রসগোল্লা, জামালপুরের নকশিকাঁথা, টাঙ্গাইল শাড়ি।

- সিরাজগঞ্জের গামছা, সিরাজগঞ্জের লুঙ্গি, মিরপুরের কাতান শাড়ি, সিলেটের মণিপুরি শাড়ি, কুমিল্লার খাদি, কুমারখালীর বেডশিট, ঢাকাই ফুটি কার্পাস তুলা, ফুটি কার্পাস তুলার বীজ ও গাছ, টাঙ্গাইলের মির্জাপুরের জামুর্কির সন্দেশ, নওগাঁর নাক ফজলি আম, মুন্সিগঞ্জের পাতক্ষীর, দিনাজপুরের বেদানা লিচু, বরিশালের আমড়া, অষ্টগ্রামের পনির, কিশোরগঞ্জের রাতা বোরো ধান, গাজীপুরের কাঁঠাল, শেরপুরের ছানার পায়েস, সুন্দরবনের মধু, গোপালগঞ্জের ব্রোঞ্জের গহনা, ব্রাহ্মণবাড়িয়ার ছানামুখী মিষ্টি, মাগুরার হাজরাপুরী লিচু, ভোলার মহিষের দুধের কাঁচা দই, মধুপুরের আনারস, নরসিংদীর লটকন।

সূত্র: পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর ওয়েবসাইট ও রংপুর জেলা ওয়েবসাইট।

**প্রশ্ন ৮৪. What is a pico-second?**

ক) One trillionth of a second

খ) One millionth of a second

গ) One billionth of a second

ঘ) One thousandth of a second

**সঠিক উত্তর:** ক) One trillionth of a second

**Live MCQ Analytics:** Right: 41%; Wrong: 18%; Unanswered: 40%; [Total: 17424]

**ব্যাখ্যা:** • ***পিকো-সেকেন্ড হলো সময়ের এক অতিমাত্রায় ক্ষুদ্র একক, যা এক সেকেন্ডের এক ট্রিলিয়ন ভাগের সমান।***

**◉ পিকো-সেকেন্ড:**

পিকো-সেকেন্ড (picosecond) হল সময়ের একটি একক, যা "সেকেন্ড"-এর খুবই ছোট একটি ভাগ।

১ সেকেন্ড = ১,০০০ মিলিসেকেন্ড

১ মিলিসেকেন্ড = ১,০০০ মাইক্রোসেকেন্ড

১ মাইক্রোসেকেন্ড = ১,০০০ ন্যানোসেকেন্ড

১ ন্যানোসেকেন্ড = ১,০০০ পিকোসেকেন্ড

অর্থাৎ, ১ পিকো-সেকেন্ড = ১/১,০০০,০০,০০,০০,০০০ (এক ট্রিলিয়ন) সেকেন্ড বা, 1 ps=$10^{-12}$ seconds

• ***সময়ের অন্যান্য ছোট এককগুলোর সাথে তুলনা:***

| | | |
|---|---|---|
| *মিলিসেকেন্ড* | *$10^{-3}$ সেকেন্ড* | *১ সেকেন্ডের এক হাজার ভাগ* |
| *মাইক্রোসেকেন্ড* | *$10^{-6}$ সেকেন্ড* | *১ সেকেন্ডের এক মিলিয়ন ভাগ* |
| *ন্যানোসেকেন্ড* | *$10^{-9}$ সেকেন্ড* | *১ সেকেন্ডের এক বিলিয়ন ভাগ* |
| ***পিকো-সেকেন্ড*** | ***$10^{-12}$ সেকেন্ড*** | ***১ সেকেন্ডের এক ট্রিলিয়ন ভাগ*** |

**• পিকো-সেকেন্ড কেন গুরুত্বপূর্ণ?**

- বিজ্ঞান ও প্রযুক্তিতে অনেক সময় পরিমাপ করতে হয় যা অনেক ছোট। যেমন:

- লেজার সিগন্যালের গতি

- আধুনিক কম্পিউটারের প্রসেসিং স্পিড

- রাসায়নিক প্রতিক্রিয়ার অতি দ্রুত পর্যায়

- পিকো-সেকেন্ডের মাধ্যমে অতি ক্ষুদ্র সময়কালকে মাপা যায়, যা সাধারণ মানুষের দৈনন্দিন জীবনে বুঝা কঠিন।

- উদাহরণ:

- যদি একটি আলো ১ পিকো-সেকেন্ড সময় নেয়, তাহলে আলো ওই সময়ের মধ্যে প্রায় ০.৩ মিলিমিটার (৩০০ মাইক্রোমিটার) পথ অতিক্রম করতে পারে।

অর্থাৎ পিকো-সেকেন্ডে আলোও খুব কম দূরত্ব পাড়ি দেয়।

সূত্র: computerhope.com [লিংক]

**প্রশ্ন ৮৫. Which country is the origin of the recently elected Pope?**

ক) Italy

খ) USA

গ) Argentina

ঘ) Germany

**সঠিক উত্তর:** খ) USA

**Live MCQ Analytics:** Right: 64%; Wrong: 19%; Unanswered: 15%; [Total: 17424]

**ব্যাখ্যা: - সম্প্রতি নির্বাচিত পোপ লিও চতুর্দশ (রবার্ট ফ্রান্সিস প্রিভোস্ট) মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক।**

**◉ প্রথম আমেরিকান পোপ:**

**- রোমান ক্যাথলিকদের নতুন ধর্মগুরু নির্বাচিত হয়েছেন যুক্তরাষ্ট্রের কার্ডিনাল রবার্ট ফ্রান্সিস প্রেভোস্ট।**

- তিনি শিকাগো, ইলিনয়েসে জন্মগ্রহণ করেন এবং মার্কিন ক্যাথলিক ধর্মযাজক হিসেবে দীর্ঘদিন ধরে দায়িত্ব পালন করেছেন।
- তিনি পরিচিত হবেন পোপ চতুর্দশ লিও নামে।
- রবার্ট প্রথম কার্ডিনাল প্রথম যুক্তরাষ্ট্র থেকে পোপ নির্বাচিত হলেন।
- ৮ মে, ২০২৫ ভ্যাটিকানে দ্বিতীয় দিনের ভোটাভুটিতে নতুন পোপ নির্বাচিত হন ৬৯ বছর বয়সি রবার্ট ফ্রান্সিস প্রেভোস্ট।

**উল্লেখ্য,**
- গত ২১ এপ্রিল, ২০২৫ ৮৮ বছর বয়সে পোপ ফ্রান্সিসের মৃত্যু হয়।
- পোপের মৃত্যুতে শুরু হয় 'সেদে ভাকান্তে' বা 'পবিত্র আসন শূন্য' পর্ব।

সূত্র: বিবিসি ও প্রথম আলো।

**প্রশ্ন ৮৬. With which department of the United States is Elon Musk associated?**

ক) Commerce খ) Energy
গ) Transportation ঘ) Government Efficiency

**সঠিক উত্তর:** ঘ) Government Efficiency

**Live MCQ Analytics:** Right: 55%; Wrong: 25%; Unanswered: 19%; [Total: 17424]

**ব্যাখ্যা:**

**◉ ইলন মাস্ক:**
- ইলন মাস্ক একজন আমেরিকান উদ্যোক্তা।
- তাঁর জন্ম দক্ষিণ আফ্রিকার প্রেটোরিয়াতে।
- তিনি যুক্তরাষ্ট্রের পেনসিলভেনিয়া বিশ্ববিদ্যালয়ে পদার্থবিদ্যা আর অর্থনীতিতে পড়ালেখা করেন।
- তিনি বৈদ্যুতিক গাড়ি নির্মাতা প্রতিষ্ঠান টেসলা ও টুইটারের প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও)।
- টেসলা, টুইটার ছাড়াও রকেট কোম্পানি স্পেসএক্স ও নিউরালিংকের প্রধান হিসেবে রয়েছেন ইলন মাস্ক।
- ইলন মাস্ক ২০১৫ সালে অলাভজনক সংস্থা ওপেনএআই প্রতিষ্ঠা করেন।
- বিশ্বের সবচেয়ে ধনী ব্যক্তিদের তালিকায় শীর্ষ অবস্থান আছেন ইলন মাস্ক।

**উল্লেখ্য,**
**- ইলন মাস্ক বর্তমানে মার্কিন যুক্তরাষ্ট্রের "ডিপার্টমেন্ট অফ গভর্নমেন্ট এফিসিয়েন্সি" (Department of Government Efficiency বা DOGE)-এর সিনিয়র উপদেষ্টা হিসেবে কাজ করছেন।**
- এই পদে তিনি প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রশাসনে যুক্ত হয়েছেন।

**এছাড়াও,**
- DOGE-এর মূল লক্ষ্য হলো সরকারি ব্যয় কমানো এবং প্রশাসনিক কার্যক্রমে দক্ষতা বৃদ্ধি করা। এটি বিভিন্ন সরকারি সংস্থায় সংস্কার কার্যক্রম পরিচালনা করছে, যেমন কর্মী ছাঁটাই, চুক্তি বাতিল, এবং তথ্যপ্রযুক্তি ব্যবস্থার আধুনিকীকরণ। মাস্কের অধীনে, DOGE বিভিন্ন সংস্থায় কর্মী নিয়োগ করেছে যারা তার ব্যক্তিগত কোম্পানি যেমন টেসলা, স্পেসএক্স, এক্স (পূর্বে টুইটার), এবং xAI-এর সাথে যুক্ত।

সূত্র: ওয়াশিংটন পোস্ট, Financial Times, Britannica.

**প্রশ্ন ৮৭. The recent operation launched by India against Pakistan**

ক) Operation Jai Shri Ram খ) Operation Sindoor
গ) Operation Meghdoot ঘ) Operation Devi Shakti

**সঠিক উত্তর:** খ) Operation Sindoor

**Live MCQ Analytics:** Right: 91%; Wrong: 0%; Unanswered: 7%; [Total: 17424]

**ব্যাখ্যা:**

**- পাকিস্তানের বিরুদ্ধে ভারতের সাম্প্রতিক অপারেশনের নাম হলো 'অপারেশন সিঁদুর'।**

**◉ অপারেশন সিঁদুর:**
- ২২ এপ্রিল, ২০২৫ ভারত-অধিকৃত জম্মু-কাশ্মীরের পেহেলগামে বন্দুকধারীদের হামলায় ২৫ জন ভারতীয় ও একজন নেপালি নাগরিক নিহত হন।
- এই হামলার জন্য পাকিস্তানকে দায়ী করে ৭ মে **"অপারেশন সিঁদুর"** নামে একটি সামরিক অভিযান শুরু করে ভারত।
- ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি নিজেই এই নাম দিয়েছেন।
- অপারেশন সিঁদুর ছিল একটি সমন্বিত সামরিক অভিযান, যেখানে ভারতীয় সেনাবাহিনী, নৌবাহিনী ও বিমানবাহিনী অংশ নিয়েছে।
- এই অভিযান চালানো হয়েছে পাকিস্তান ও পাকিস্তান নিয়ন্ত্রিত কাশ্মীরের বিভিন্ন স্থানে।
- হামলার প্রধান লক্ষ্য ছিল সন্ত্রাসবাদী ঘাঁটি ও অবকাঠামো ধ্বংস করা।
- অভিযানটি ২০২৫ সালের এপ্রিলের শেষের দিকে পরিচালিত হয়।

**উল্লেখ্য,**
- ভারতের ক্ষেপণাস্ত্র হামলা জবাবে পাল্টা হামলা চালিয়েছে পাকিস্তান। ইসলামাবাদ এই অপারেশনের নাম দিয়েছে 'অপারেশন বুনিয়ান-উন-মারসুস'। 'বুনিয়ান-উন-মারসুস' এর অর্থ দাঁড়ায় কংক্রিট কাঠামো বা দৃঢ় ভিত্তি। পাকিস্তানের তথ্যমন্ত্রী আতাউল্লাহ তারার অবশ্য একে, 'সীসা ধাতু দিয়ে সুরক্ষিত প্রাচীর' বলে উল্লেখ করেছেন।

সূত্র: বিবিসি বাংলা ও প্রথম আলো।

**প্রশ্ন ৮৮. The military operation conducted by Israel in Gaza since 8 October 2023**

ক) Operation Al Aksa Flood

খ) Operation Iron Swords
গ) Operation Iron Law
ঘ) Operation Full Disclosure
**সঠিক উত্তর:** খ) Operation Iron Swords
**Live MCQ Analytics:** Right: 52%; Wrong: 31%; Unanswered: 16%; [Total: 17424]
**ব্যাখ্যা:**
◉ Operation Iron Swords:
- The military operation conducted by Israel in Gaza since 8 October 2023 is called Operation Iron Swords.
- এই অভিযানটি শুরু হয় ২০২৩ সালের ৮ অক্টোবর, হামাসের আকস্মিক হামলার প্রতিক্রিয়ায়।
- ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু এ অভিযানের ঘোষণা দেন।
- এর প্রধান লক্ষ্য ছিল গাজার হামাস ঘাঁটিগুলোতে আঘাত হানা ও নিরাপত্তা পুনঃপ্রতিষ্ঠা।
- স্থল, নৌ ও আকাশপথে এই বহুমুখী সামরিক আক্রমণ চালানো হয়।
**উল্লেখ্য,**
**অপারেশন আল-আকসা ফ্লাড:**
- ইসরাইলে হামাস ৭ অক্টোবর, ২০২৩ সালে আক্রমণের মধ্য দিয়ে দুদেশের সংঘাত শুরু হয়।
- এ লড়াইয়ের নাম দেয়া হয়েছে 'অপারেশন আল-আকসা ফ্লাড'।
সূত্র: প্রথম আলো ও বিবিসি বাংলা নিউজ।

**প্রশ্ন ৮৯. The religion that flourished most under the Pala dynasty**
ক) Hinduism
খ) Islam
গ) Buddhism
ঘ) Jainism
**সঠিক উত্তর:** গ) Buddhism
**Live MCQ Analytics:** Right: 59%; Wrong: 13%; Unanswered: 27%; [Total: 17424]
**ব্যাখ্যা: - পাল রাজবংশের শাসনামলে বৌদ্ধ ধর্ম সর্বাধিক প্রসার লাভ করেছিল।**
**◉ পাল রাজবংশ:**
- শশাঙ্ক পরবর্তী বাংলায় অরাজকতার যুগের অবসান ঘটিয়ে গোপাল বাংলার সিংহাসনে আরোহণ করেন এবং পাল রাজ বংশের সূচনা করেন।
- গোপালের রাজত্বকাল সম্পর্কে সঠিকভাবে জানার উপায় নেই।
- অনুমান করা হয় গোপাল ৭৫৬ হতে ৭৮১ খ্রিস্টাব্দ পর্যন্ত রাজত্ব করেছিলেন।
- পাল বংশের প্রতিষ্ঠাতা - গোপাল।
- গোপাল কর্তৃক প্রতিষ্ঠিত পাল রাজবংশের শাসন বাংলায় প্রায় 'চারশ' বছর স্থায়ী হয়েছিল।
- গোপালের ক্ষমতা লাভ সম্পর্কে খালিমপুর তাম্রশাসন থেকেও জানা যায়।
- গোপালের উত্থানের মধ্য দিয়ে বাংলায় প্রতিষ্ঠিত হয় পাল রাজবংশ।
**উল্লেখ্য,**
**- পাল রাজবংশের শাসনামলে বৌদ্ধ ধর্ম সর্বাধিক প্রসার লাভ করেছিল।**
- পাল রাজারা বৌদ্ধ ধর্মের পৃষ্ঠপোষক ছিলেন।
- ধর্মপালের নির্মিত সোমপুর মহাবিহার, বিক্রমশীলা এবং ওদন্তপুরী বিহার বৌদ্ধ শিক্ষা ও ধর্মচর্চার কেন্দ্র হিসেবে খ্যাতি অর্জন করে।
- পালযুগে বৌদ্ধ ধর্ম প্রসার লাভ করেছিল তিববত, জাভা, সুমাত্রা ও মালয়েশিয়াতে।
- বাংলার বৌদ্ধবিহারগুলি থেকে বহু বৌদ্ধ পন্ডিত ঐ সব দেশে গিয়ে বৌদ্ধ ধর্মের প্রচারে এবং প্রসারে ভূমিকা রেখেছিলেন।
সূত্র: বাংলাপিডিয়া ও ইতিহাস প্রথম পত্র, (BA & BSS) প্রোগ্রাম, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

**প্রশ্ন ৯০. What was the capital of the Byzantine Empire?**
ক) Rome
খ) Athens
গ) Constantinople
ঘ) Alexandria
**সঠিক উত্তর:** গ) Constantinople
**Live MCQ Analytics:** Right: 82%; Wrong: 3%; Unanswered: 14%; [Total: 17424]
**ব্যাখ্যা: - বাইজেন্টাইন সাম্রাজ্যের রাজধানী কনস্টান্টিনোপল ছিল এবং এটি ১৪৫৩ সাল পর্যন্ত বিদ্যমান ছিল।**

**◉ বাইজেন্টাইন সাম্রাজ্য:**
- বাইজেন্টাইন সাম্রাজ্য আনুমানিক ৩৯৫ খ্রিস্টাব্দ থেকে ১৪৫৩ খ্রিস্টাব্দ পর্যন্ত বিদ্যমান ছিল।
- ১৫ শতকে অটোমান তুর্কি আক্রমণে পতনের আগে এটি বিশ্বের অন্যতম প্রধান সভ্যতায় পরিণত হয়েছিল।
**- বাইজেনটাইন সাম্রাজ্যের রাজধানী ছিল কনস্টান্টিনোপল।**
- বাইজেন্টাইন সাম্রাজ্য ভূমধ্যসাগরের আশেপাশের বেশিরভাগ ভূমি জুড়ে ছিল, যার মধ্যে বর্তমানে ইতালি, গ্রীস এবং তুরস্ক এবং উত্তর আফ্রিকা জুড়ে বিস্তৃত।
**এছাড়াও,**
- কনস্টান্টিনোপল আধুনিক তুরস্কের একটি প্রাচীন শহর যা এখন ইস্তাম্বুল নামে পরিচিত।
- খ্রিস্টপূর্ব ৭৫৩ সালে ইতালির টাইবার নদীর তীরে রোম নগরী

স্থাপিত হয়।
- এই নগরীর গোড়াপত্তন করেন রোমাস ও রমুলাস নামে দুই ভাই।
- প্রথম দিকে ছিল এটা একটি বাণিজ্যিক ও সাংস্কৃতিক কেন্দ্র।
- এই বিশাল সাম্রাজ্য শাসনের জন্য রোমান সম্রাট কনস্টানটাইন কৃষ্ণসাগর তীরবর্তী বাইজান্টিয়াম নামক স্থানে দ্বিতীয় রাজধানী কনস্টান্টিনোপল প্রতিষ্ঠা করেন।
- এই নামকরণ করা হয়েছিল সম্রাট কনস্টানটাইনের নামানুসারে।

**অন্যদিকে:**
- অ্যাথেন্স গ্রীসের রাজধানী এবং এটি ছিল প্রাচীন গ্রীক সভ্যতার কেন্দ্রীয় নগরী।
- রোম ছিল প্রাচীন রোমান সাম্রাজ্যের রাজধানী।
- আলেকজান্দ্রিয়া মিশরের একটি প্রাচীন শহর।

সূত্র: History.com ও আধুনিক ইউরোপের ইতিহাস, এস এস এইচ এল, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

## Basic computer Knowledge

**প্রশ্ন ৯১. What is the full form of URL?**
ক) Uniform Resource Locator
খ) Uniform Reference Link
গ) Unique Resource Link
ঘ) Universal Resource Location

**সঠিক উত্তর:** ক) Uniform Resource Locator

**Live MCQ Analytics:** Right: 80%; Wrong: 10%; Unanswered: 8%; [Total: 17424]

**ব্যাখ্যা:** • URL:
**- URL এর পূর্ণরূপ হলাে Uniform Resource Locator.**
- ওয়েবসাইট বা পেইজের অ্যাড্রেসকে URL বলা হয়।
- পৃথিবীতে এক নামে একটিমাত্র ওয়েবসাইট থাকে।
- কোন ওয়েব পেজকে প্রদর্শন করতে ওয়েব ব্রাউজারে এর ঠিকানা নির্দিষ্ট করে দিতে হয়।
- URL হচ্ছে ওয়েবসাইটের একক বা Unique ঠিকানা।
• https://www.abcd.com/home প্রদত্ত URL টির -
- https হচ্ছে প্রোটোকল,
- www.abcd.com হচ্ছে ওয়েব সার্ভারের নাম (ডোমেইন নেম),
- home হচ্ছে ডিরেক্টরি নাম (পাথ)।

উৎস: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, একাদশ-দ্বাদশ শ্রেণি (মাহবুবুর রহমান)।

**প্রশ্ন ৯২. The smallest unit of data in a computer**
ক) Byte খ) Bit
গ) Nibble ঘ) Word

**সঠিক উত্তর:** খ) Bit

**Live MCQ Analytics:** Right: 66%; Wrong: 25%; Unanswered: 8%; [Total: 17424]

**ব্যাখ্যা:** • *A bit is the smallest unit of data in a computer.*
**• গুরুত্বপূর্ণ কিছু পরিমাপ:**
- ১ নিবল = ৪ বিট।
- ১ বাইট = ৮ বিট।
- ১ কিলোবাইট = $২^{১০}$ বাইট বা ১০২৪ বাইট।
- ১ মেগাবাইট = $২^{২০}$ বাইট বা ১০২৪ কিলোবাইট।
- ১ গিগাবাইট = $২^{৩০}$ বাইট বা ১০২৪ মেগাবাইট।
- ১ টেরাবাইট = $২^{৪০}$ বাইট বা ১০২৪ গিগাবাইট।
- ১ পিটাবাইট = $২^{৫০}$ বাইট বা ১০২৪ টেরাবাইট।

**• অন্যান্য অপশনসমূহ সম্পর্কে আলোচনা:**
• Nibble: A group of 4 bits. It can represent 16 possible values ($2^4$).
• Byte: A group of 8 bits. It can represent 256 possible values ($2^8$).
• Word হলো একাধিক বিটের সমন্বয়ে তৈরি একটি ইউনিট, যার আকার কম্পিউটারের স্থাপত্য অনুযায়ী ভিন্ন হতে পারে (যেমন 16-bit, 32-bit, 64-bit ইত্যাদি)।

*উৎস:*
*১. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, একাদশ- দ্বাদশ শ্রেণি, মাহবুবুর রহমান।*
*২. Computerhope website.*

**প্রশ্ন ৯৩. The process of starting a computer is called**
ক) Login খ) Booting
গ) Formatting ঘ) Installing

**সঠিক উত্তর:** খ) Booting

**Live MCQ Analytics:** Right: 84%; Wrong: 5%; Unanswered: 9%; [Total: 17424]

**ব্যাখ্যা:** • কম্পিউটার বুটিং:
**- কম্পিউটার চালুর প্রক্রিয়াকে বুট বা বুটিং বলে।**
- একটি কম্পিউটারকে চালু করা হলে তা সিপিইউ বা সেন্ট্রাল প্রসেসিং ইউনিট প্রথমেই যাচাই করে নেয় যে কী-বোর্ড, মাউস, মনিটর ইত্যাদি যন্ত্রাংশ এর সঙ্গে সঠিকভাবে যুক্ত আছে কিনা। এই যাচাই করার প্রক্রিয়াকে বলে পোস্ট Power on self test (POST)।
- যদি এই যন্ত্রাংশগুলো সঠিক ভাবে যুক্ত থাকে, তা হলে সিপিইউ কম্পিউটারের অপারেটিং সিস্টেমকে হার্ডডিস্ক থেকে স্বয়ংক্রিয় ভাবে র‍্যামের মধ্যে তুলে নেয় এবং

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

কম্পিউটারকে ব্যবহারকরীর নির্দেশ গ্রহণের জন্য প্রস্তুত করে। এই সামগ্রিক প্রক্রিয়াকে বলা হয় বুটিং (Booting)।
- অর্থাৎ বুটিং একটি স্বয়ক্রয় প্রক্রিয়া, যা সম্পূর্ণ হওয়ার পরেই কম্পিউটারকে ব্যবহার করা হয়।
- কম্পিউটার বুটিং করা থেকে শুরু করে কম্পিউটার বন্ধ করা পর্যন্ত সকল কাজই অপারেটিং সিস্টেমের তত্ত্বাবধানে পরিচালিত ও নিয়ন্ত্রিত হয়।
উৎস: মৌলিক কম্পিউটার শিক্ষা, বিবিএ প্রোগ্রাম, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

**প্রশ্ন ৯৪. What kind of software is Microsoft Word?**
ক) Operating System খ) Web Browser
গ) Application Software
ঘ) Programming Language
**সঠিক উত্তর:** গ) Application Software
**Live MCQ Analytics:** Right: 83%; Wrong: 7%; Unanswered: 8%; [Total: 17424]
**ব্যাখ্যা: • Microsoft Word হলো একটি Application Software (অ্যাপলিকেশন সফটওয়্যার), যা মূলত ডকুমেন্ট তৈরি, সম্পাদনা, ফরম্যাটিং এবং প্রিন্ট করার কাজে ব্যবহৃত হয়।**
• অপশন আলোচনা:
- Operating System (যেমন Windows, Linux) হলো কম্পিউটারের মূল সফটওয়্যার যা হার্ডওয়্যার এবং অন্যান্য সফটওয়্যারের মধ্যে সমন্বয় করে।
- Web Browser (যেমন Chrome, Firefox) ইন্টারনেট ব্রাউজ করার জন্য ব্যবহৃত হয়।
- Programming Language (যেমন Python, C++) প্রোগ্রাম লেখার ভাষা।
**- তাই, Microsoft Word হলো একটি অ্যাপলিকেশন সফটওয়্যার, যা ব্যবহারকারীকে নির্দিষ্ট কাজ সম্পাদনে সহায়তা করে।**
**• কম্পিউটার সফটওয়্যার:**
• কাজের প্রকৃতি বা ফাংশন অনুযায়ী কম্পিউটার সফটওয়্যারকে দুই প্রকারে ভাগ করা যায়। যথা-
১) সিস্টেম সফটওয়্যার (System Software)
২) ব্যবহারিক সফটওয়্যার (Application Software)
• সিস্টেম সফটওয়্যার (System Software): সিস্টেম সফটওয়্যার হলো কম্পিউটারের এমন একটি মূল প্রোগ্রাম যার মাধ্যমে কম্পিউটার হার্ডওয়্যার এবং ব্যবহারকারী এর মধ্যে একটি ইন্টারফেস গঠন করে। যেমন: Windows OS, Mac OS, Linux OS, Android ইত্যাদি।
**• অ্যাপ্লিকেশন সফটওয়্যার:**
• অ্যাপ্লিকেশন সফটওয়্যার কম্পিউটারে বিভিন্ন ধরনের ব্যবহারিক কাজের জন্য তৈরি হয়। কাজের প্রকৃতি অনুসারে সাধারণত বিভিন্ন ধরনের ব্যবহারিক প্রোগ্রাম তৈরি করা হয়। তাই ব্যবহারকারী যে সকল সফট্ওয়্যার ব্যবহার করে ব্যবহারিক সমস্যা সমাধান বা ডেটা প্রক্রিয়াকরণ করতে পারে তাকে অ্যাপ্লিকেশন প্রোগ্রাম বা ব্যবহারিক সফট্ওয়্যার বলা হয়। যেমন:
1. Word Processing Package Program: Word Star, Word Perfect, **Ms-Word**, Word Note.
2 .Spreadsheet Package Program: Lotus 1-2-3, Ms-Excel, Qrater Pro.
3. Database Package Program: dBase, Foxpro, Oracle, Informix, Access ইত্যাদি।
*উৎস: BBA( মৌলিক কম্পিউটার শিক্ষা), বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এবং কম্পিউটার শিক্ষা, এসএসসি প্রোগ্রাম, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।*

**প্রশ্ন ৯৫. What type of device is a scanner?**
ক) Storage খ) Input
গ) Output ঘ) Processing
**সঠিক উত্তর:** খ) Input
**Live MCQ Analytics:** Right: 85%; Wrong: 7%; Unanswered: 7%; [Total: 17424]
**ব্যাখ্যা: • পেরিফেরাল ডিভাইস:**
- কম্পিউটারের সাথে সংযুক্ত ইনপুট-আউটপুট ডিভাইসগুলোকে কম্পিউটার পেরিফেরালস বলে।
- কম্পিউটার পেরিফেরাল ডিভাইসগুলোকে তিন ভাগে ভাগ করা যায়। যথা-
**১. ইনপুট ডিভাইস:**
- যে হার্ডওয়্যার বা ডিভাইসের মাধ্যমে কম্পিউটার বিভিন্ন পরিবেশ বা ব্যবহারকারীর কাছ থেকে ডেটা গ্রহণ করে থাকে সেই সমস্ত হার্ডওয়্যারগুলোকে ইনপুট ডিভাইস বলে।
- কম্পিউটার সিস্টেমে ব্যবহৃত উল্লেখযোগ্য ইনপুট ডিভাইস সমূহ হলো -
Keyboard, Mouse, Trackball, Joystick, Touch Screen, Barcode Reader, Point-of-sale, OMR,
OCR, **Scanner,** Digitizer, Lightpen, Graphics pad, Digital Camera ইত্যাদি।
**২. আউটপুট ডিভাইস:**
- কম্পিউটারের ফলাফল প্রদর্শনের জন্য ব্যবহৃত হার্ডওয়্যারগুলোকে আউটপুট ডিভাইস বলে।

- কম্পিউটার সিস্টেমে ব্যবহৃত উল্লেখযোগ্য আউটপুট ডিভাইস সমূহ হলো-
Monitor, Printer, Plotter, Speaker, Multimedia Projector, Image setter, Film Recorder, Headphone ইত্যাদি।

**৩. ইনপুট-আউটপুট ডিভাইস:**
- কম্পিউটারের সঙ্গে সংযুক্ত যে ডিভাইসগুলো একইসাথে ইনপুট ও আউটপুট হিসেবে কাজ করে তাদেরকে ইনপুট-আউটপুট ডিভাইস বলে।
- কম্পিউটার সিস্টেমে ব্যবহৃত উল্লেখযোগ্য ইনপুট-আউটপুট ডিভাইস সমূহ হলো-
Hard Disk, CD/DVD, Touch screen, Pendrive, ইত্যাদি।
উৎস: মৌলিক কম্পিউটার শিক্ষা, বিবিএ প্রোগ্রাম, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

**প্রশ্ন ৯৬. What does the 'F5' key typically do in a web browser?**
ক) Opens a new tab খ) Refreshes the page
গ) Closes the window ঘ) Opens the find tool
**সঠিক উত্তর:** খ) Refreshes the page
**Live MCQ Analytics:** Right: 53%; Wrong: 23%; Unanswered: 23%; [Total: 17424]
**ব্যাখ্যা: • ওয়েব ব্রাউজারে F5 কী চাপলে বর্তমান পেজটি রিফ্রেশ বা পুনরায় লোড হয়।**
• অপশন আলোচনা:
ক) Opens a new tab – সাধারণত Ctrl + T দিয়ে নতুন ট্যাব খোলা হয়।
গ) Closes the window – সাধারণত Alt + F4 বা, Ctrl + W ট্যাব বন্ধ করতে ব্যবহৃত হয়।
ঘ) Opens the find tool – সাধারণত Ctrl + F দিয়ে Find টুল খোলা হয়।
**- তাই, F5 কী-এর কাজ হলো পেজ রিফ্রেশ করা।**
**• ফাংশন কী:**
- কম্পিউটারে মোট ১২ টি ফাংশন কী আছে।
- তথ্য সংযোজন, বিয়োজন বা নির্দেশ প্রদানের জন্য ফাংশন কী ব্যবহার করা হয়।
• কম্পিউটার কী বোর্ড এর ফাংশন কী সমূহের ব্যবহার:
- F1 এর সাহায্যে হেল্প মেনু দেখা যায়।
- F2 এর সাহায্যে কোনো ফাইল বা ফোল্ডার এর নাম পরিবর্তন করা যায়।
- F3 সার্চ সুবিধা দেয়। কমান্ড পুনরাবৃত্তি করার জন্য ব্যবহার করা হয়।
- F4 last action performed repeat করা যায়। Alt-F4 চেপে স্পক্রিয় সব প্রোগ্রাম বন্ধ করা যায়।
**- F5 পেইজ রিফ্রেশ করা যায়।**
- F6 মাউসের কারসরকে ইন্তারনেট ব্রাইজারের অ্যাড্রেসবারে নিয়ে যেতে ব্যবহার করা হয়।
- F7 বানান ও ব্যকরণ ঠিক করা হয়।
- F8 অপারেটিং সিস্টেমের safe mood চালু করার জন্য ব্যবহার করা হয়।
- F9 কোয়ার্ক এক্সপ্রেসের মেজারমেন্ট টুলবার চালু করার জন্য ব্যবহার করা হয়।
- F10 ইন্টারনেট ব্রাউজারের কোনো খোলা উইন্ডোর মেনুবার চালু করা হয়।
- F11 ফুলস্ক্রিন দেখতে ব্যবহার করা হয়।
- F12 ইংরেজি থকে বাংলা বা বাংলা থেকে ইংরেজি করার জন্য ব্যবহার করা হয়।
উৎস: ব্রিটানিকা।

**প্রশ্ন ৯৭. Which of the following is used to carry data in a computer?**
ক) Monitor খ) Cable
গ) Bus ঘ) Fan
**সঠিক উত্তর:** গ) Bus
**Live MCQ Analytics:** Right: 71%; Wrong: 16%; Unanswered: 11%; [Total: 17424]
**ব্যাখ্যা: • কম্পিউটারের Bus (বাস) হলো একটি ডেটা পরিবহন ব্যবস্থা, যা কম্পিউটারের বিভিন্ন অংশ যেমন CPU, মেমোরি, ইনপুট/আউটপুট ডিভাইস ইত্যাদির মধ্যে তথ্য আদান-প্রদান করে।**
- কম্পিউটারের ভিতরে ডেটা বহনের প্রধান মাধ্যম হলো Bus (বাস)।
**• কম্পিউটার বাস:**
- কম্পিউটার বাস হলো এমন একগুচ্ছ তার, যার মধ্যে দিয়ে ডিজিটাল সংকেত ০ বা ১ চলাচল করতে পারে।
- বাসের সাহায্যেই কম্পিউটারের বিভিন্ন হার্ডওয়্যার একে অপরের সঙ্গে যোগাযোগের মাধ্যমে তথ্য আদান-প্রদান করে।
- কম্পিউটার বাসকে প্রধানত দুই ভাগে ভাগ করা হয়। যথা:
১. সিস্টেম বাস (System Bus) বা প্রধান বাস ও
২. এক্সপানশন বাস (Expansion Bus) বা সম্প্রসারিত বাস।
**১. সিস্টেম বাস (System Bus) বা প্রধান বাস:**
- যে সমস্ত বাস মাদারবোর্ড ও সিপিইউ বা মাইক্রোপ্রসেসরের সাথে সরাসরি সংযুক্ত থেকে মেমরি, ইনপুট-আউটপুটসহ অন্যান্য ডিভাইসের সাথে যোগাযোগ

Join Now | Google Play | App Store | Microsoft | Mac App Store | livemcq.com | 01701377322

রক্ষা করে তথ্য আদান-প্রদান করে তাদেরকে সিস্টেম বাস বলে।
- সিস্টেম বাসকে ব্যবহারিক দিক থেকে প্রধানত তিনটি ভাগে ভাগ করা হয়। যথা-
১. ডেটা বাস (Data Bus)
২. অ্যাড্রেস বাস (Address Bus)
৩. কন্ট্রোল বাস (Control Bus).
**২. এক্সপানশন বাস (Expansion Bus) বা সম্প্রসারিত বাস:**
- যে সকল বাস প্রধান বাসের সাহায্যকারী বাস হিসেবে কাজ করে তাকে সম্প্রসারিত বাস বা এক্সপানশন বাস হিসেবে আখ্যায়িত করা হয়।
- CPU এক্সপানশন বাসের সাহায্যে কম্পিউটারের ইনপুট/আউটপুট ও অন্যান্য পেরিফেরিয়াল ডিভাইসের সাথে যোগাযোগ করে।
উৎস: মৌলিক কম্পিউটার শিক্ষা, বিবিএ প্রোগাম, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

**প্রশ্ন ৯৮. Which of these is not a type of computer memory?**
ক) RAM খ) ROM
গ) CPU ঘ) Cache
**সঠিক উত্তর:** গ) CPU
**Live MCQ Analytics:** Right: 88%; Wrong: 3%; Unanswered: 7%; [Total: 17424]
**ব্যাখ্যা: • CPU হলো কম্পিউটারের একটি প্রসেসিং ইউনিট, কিন্তু মেমোরির ধরন নয়।**

- RAM (র‍্যান্ডম অ্যাকসেস মেমোরি)
    - এটি একটি ভলাটাইল মেমোরি, অর্থাৎ কম্পিউটার বন্ধ হলে এর মধ্যে থাকা তথ্য মুছে যায়।
    - কম্পিউটার কাজ করার সময় দরকারি তথ্য ও প্রোগ্রাম সাময়িকভাবে রাখা হয়।
    - দ্রুত ডেটা অ্যাক্সেস করার জন্য ব্যবহৃত হয়।
- ROM (রিড ওনলি মেমোরি)
    - এটি নন-ভলাটাইল মেমোরি, অর্থাৎ পাওয়ার বন্ধ হলেও এর তথ্য থাকে।
    - কম্পিউটারের বেসিক ইনপুট আউটপুট সিস্টেম (BIOS) বা ফার্মওয়্যার থাকে যা কম্পিউটার চালু করার জন্য প্রয়োজনীয়।
    - এর তথ্য সাধারণত পরিবর্তন করা যায় না বা খুব সীমিতভাবে পরিবর্তন করা যায়।
- Cache (ক্যাশে)
    - এটি একটি ছোট এবং দ্রুত গতি সম্পন্ন মেমোরি যা CPU এর নিকট থাকে।
    - CPU এর কাজের গতি বাড়ানোর জন্য প্রায়ই ব্যবহৃত ডেটা ও নির্দেশনাগুলো ক্যাশে রাখা হয়।
    - RAM থেকে দ্রুত তথ্য সরবরাহ করে, ফলে কম্পিউটারের পারফরম্যান্স উন্নত হয়।
- CPU (সেন্ট্রাল প্রসেসিং ইউনিট)
    - CPU হলো কম্পিউটারের প্রসেসর বা মস্তিষ্ক।
    - এটি ডেটা প্রক্রিয়াকরণ, নির্দেশনা পালন ও নিয়ন্ত্রণের কাজ করে।
    - মেমোরি নয়, বরং মেমোরি থেকে ডেটা নিয়ে কাজ করে।
    - CPU কোনো তথ্য সংরক্ষণ করে না; এটি শুধু প্রসেসিং এর জন্য ব্যবহৃত হয়।

1. RAM, ROM এবং Cache কম্পিউটারের মেমোরির ধরন।
2. **CPU মেমোরি নয়; এটি কম্পিউটারের প্রসেসিং ইউনিট।**

উৎস: মৌলিক কম্পিউটার শিক্ষা, বিবিএ প্রোগাম, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

**প্রশ্ন ৯৯. The fastest storage device**
ক) Hard Disk Drive (HDD) খ) Solid State Drive (SSD)
গ) CD-ROM ঘ) Floppy Disk
**সঠিক উত্তর:** খ) Solid State Drive (SSD)
**Live MCQ Analytics:** Right: 44%; Wrong: 36%; Unanswered: 18%; [Total: 17424]
**ব্যাখ্যা: • অপশন আলোচনা:**
**- Solid State Drive (SSD) হলো একটি স্টোরেজ ডিভাইস যা তথ্য সংরক্ষণ করে খুব দ্রুত গতিতে পড়া ও লেখা করতে পারে। এতে কোন মেকানিক্যাল অংশ নেই, ফলে এটি দ্রুতগতির এবং কম শক্তি খরচ করে।**
- Hard Disk Drive (HDD)-তে ঘূর্ণায়মান ডিস্ক থাকে, তাই এর গতি তুলনামূলক ধীর।
- CD-ROM ও Floppy Disk অনেক ধীর গতির এবং আজকাল প্রায় ব্যবহার হয় না।
**• SSD:**
- SSD এর পূর্ণরূপ হলো Solid State Drive.
- সলিড-স্টেট ড্রাইভ (SSD) কম্পিউটারে ব্যবহৃত স্টোরেজ ডিভাইসের একটি নতুন প্রজন্ম।
- SSD ফ্ল্যাশ-ভিত্তিক মেমোরি ব্যবহার করে ডেটা সংরক্ষণ করে, যা Traditional Hard Disk এর তুলনায় অনেক দ্রুত।

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

- SSD ব্যবহারের ফলে কম্পিউটার পরিচালনায় উল্লেখযোগ্য পরিমাণ গতি আসে।

• **সেকেন্ডারি স্টোরেজ ডিভাইস:**

- কম্পিউটারে বিপুল পরিমাণে তথ্য স্থায়ীভাবে সংরক্ষণের জন্য ব্যবহৃত হার্ডওয়্যারসমূহকে বলা হয় সেকেন্ডারি স্টোরেজ ডিভাইস।

- হার্ডডিস্ক, এসএসডি, সিডি, ডিভিডি, পেনড্রাইভ, জিপ ড্রাইভ, ম্যাগনেটিক টেপ ইত্যাদি সেকেন্ডারি স্টোরেজ ডিভাইসের উদাহরণ।

উৎস: Avast website এবং মৌলিক কম্পিউটার শিক্ষা, বিবিএ প্রোগ্রাম, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

**প্রশ্ন ১০০. The main circuit board of a computer**

ক) RAM　　খ) CPU

গ) Hard Drive　　ঘ) Motherboard

**সঠিক উত্তর:** ঘ) Motherboard

**Live MCQ Analytics:** Right: 78%; Wrong: 12%; Unanswered: 9%; [Total: 17424]

**ব্যাখ্যা: • কম্পিউটারের প্রধান সার্কিট বোর্ডকে Motherboard (মাদারবোর্ড) বলা হয়। এটি কম্পিউটারের সমস্ত গুরুত্বপূর্ণ অংশ যেমন - CPU (সিপিইউ), RAM (র‍্যাম), হার্ড ড্রাইভ, গ্রাফিক্স কার্ড ইত্যাদি- কে সংযুক্ত করে এবং একসঙ্গে কাজ করতে সাহায্য করে।**

• **মাদারবোর্ড:**

- মাদারবোর্ডই হলো একটি কম্পিউটারের মূল অংশ, যা সিস্টেম ইউনিটের অভ্যন্তরে সংযুক্ত থাকে।

- সাধারণত কম্পিউটারের সমস্ত যন্ত্রাংশের সংযোগ স্থানকে বলা হয় মাদারবোর্ড।

**- এটি সিস্টেম বোর্ড বা, মেইনবোর্ড বা, "The main circuit board of a computer" হিসেবেও পরিচিত।**

- কম্পিউটারের ব্রেইন হিসেবে পরিচিত প্রসেসর মাদারবোর্ডের মধ্যেই থাকে।

- মাদারবোর্ডের মধ্যে কম্পিউটারের বিভিন্ন ডিভাইস যেমন- কী-বোর্ড, মাউস, মনিটর, প্রিন্টার, হার্ড ডিস্কড্রাইভ, ফ্লোপি ডিস্ক ড্রাইভ, পেনড্রাইভ ইত্যাদি লাগানোর ব্যবস্থা থাকে।

- কম্পিউটারে যেকোনো যন্ত্রাংশ স্থাপন করা হোক না কেন প্রতিটি তা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে মাদারবোর্ডের সাথে সংযোজিত।

- মাদারবোর্ড হলো কম্পিউটারের কেন্দ্রীয় সার্কিট বোর্ড।

উৎস: মৌলিক কম্পিউটার শিক্ষা, বিবিএ প্রোগ্রাম, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

## সমাপ্ত

Live MCQ
সঠিক প্রস্তুতি, সহজ প্রিলি

## Live MCQ কী এবং কেন?

Live MCQ বাংলাদেশের প্রথম প্রতিযোগিতামূলক অনলাইন পরীক্ষাকেন্দ্র। বাংলাদেশের সকল প্রতিযোগিতামূলক পরীক্ষার (যেমন, বিসিএস ও বিভিন্ন চাকরির পরীক্ষা) প্রস্তুতির সময় পরীক্ষার্থীরা বেশ কয়েকটি সমস্যায় পড়েন, সেসব সমস্যার সমাধান করাই Live MCQ এর প্রধান লক্ষ্য। একটু বিস্তারিত বলা যাক -

বাংলাদেশের কয়েকটি চাকরির পরীক্ষা (যেমন, NTRCA, BJS) ছাড়া বাকি প্রায় সব চাকরির প্রিলি পরীক্ষা প্রতিযোগিতামূলক। আপনি পড়াশুনা করলেন, মডেল টেস্টের বইতে পরীক্ষা দিয়ে ভাল নাম্বার পেলেন আর ভাবলেন যে কাট মার্কতো এমনই থাকে তাই প্রস্তুতি ঠিক আছে। আসলেই কি তাই?

পরিসংখ্যান বলে, চাকরিভেদে প্রিলিমিনারি পরীক্ষায় পাশ করতে হলে আপনাকে প্রথম ৫-১০% এর মধ্যে থাকতে হবে। কিন্তু চূড়ান্ত পরীক্ষার আগে আপনি কোনভাবেই নিজের অবস্থান জানতে পারছেন না। কারণ, আপনি কখনোই প্রিলি পরীক্ষার আগে আপনার প্রতিদ্বন্দ্বীদের সাথে পরীক্ষা দেয়ার সুযোগ পাচ্ছেন না। যেমন, বিসিএসের প্রিলির জন্য আপনি একা একা মডেল টেস্ট দিয়ে যে প্রশ্নে ১১০ পেলেন এবং আগের বছরের কাট মার্কগুলো দেখে নিশ্চিত ভেবে বসলেন যে প্রস্তুতি ঠিক আছে। আদতে দেখা যাবে, সেই একই প্রশ্নে পরীক্ষা হলে, ৪ লাখ পরীক্ষা দিলে, ২৫ হাজার পাবেন ১২০ এর উপরে। পুরোটাই নির্ভর করছে প্রশ্ন কঠিন না সহজ হলো তার উপর। অর্থাৎ, এই প্রশ্নে পরীক্ষা হলে আপনার পাশ করার কোন সম্ভাবনা নেই বললেই চলে।

প্রস্তুতির প্রকৃত অবস্থান জানতে আপনি যাদের সঙ্গে প্রতিদ্বন্দ্বিতা করবেন ঠিক তাদের সাথেই পরীক্ষা দিতে হবে, একা নয়।

Live MCQ আপনাকে সেই সুযোগটি করে দিয়েছে। Live MCQ ব্যবহার করে, আপনি -

- ঘরে বসেই বিসিএস এবং অন্যান্য চাকরির জন্য প্রস্তুতি নিতে পারবেন।
- চূড়ান্ত পরীক্ষার মত একটি নির্দিষ্ট সময়ে হাজারো পরীক্ষার্থীর সাথে Live পরীক্ষায়/মডেল টেস্টে অংশগ্রহণ করার সুযোগ পাবেন।
- একই 'মডেল টেস্টে' সকল প্রতিযোগীর সাপেক্ষে আপনার প্রস্তুতি এবং অবস্থান সম্পর্কে জানতে পারবেন।
- কোন প্রকার আলাদা পরিশ্রম ও সময় ব্যয় না করে প্রতিটি প্রশ্নের বিস্তারিত ব্যাখ্যা রেফারেন্সসহ পাবেন।
- আপনি যে কোন সময় আর্কাইভ থেকে পুরাতন প্রশ্নপত্র দেখতে ও পড়তে পারবেন এবং এই প্রশ্নে পরীক্ষা দিতে পারবেন।

Live MCQ এর অন্যতম বৈশিষ্ট্যসমূহ:

- ✓ প্রকৃত প্রতিযোগীদের সাথে একই সময়ে LIVE মডেল টেস্ট।
- ✓ পুরোপুরি বিজ্ঞাপনমুক্ত (Ad Free)।
- ✓ চূড়ান্ত পরীক্ষা সম্পন্ন হওয়ার পূর্ব পর্যন্ত নিয়মিত মডেল টেস্ট।
- ✓ বিষয়ভিত্তিক প্রস্তুতির জন্য রয়েছে টপিকগুরু।
- ✓ প্রতি সপ্তাহে ২০০ মার্কের ফ্রি মডেল টেস্ট।
- ✓ স্মার্ট সার্চের মাধ্যমে যে কোন প্রশ্নের উত্তর ও ব্যাখ্যা সহজেই খুঁজে পাওয়ার সুযোগ।
- ✓ কনফিউজিং ও বিতর্কিত সমস্যা নিয়ে বিশ্লেষণমূলক আলোচনা **(তথ্যকল্পদ্রুম)**।
- ✓ নিজের মত করে টপিক, প্রশ্নসংখ্যা ও সময় নির্ধারন করে কুইজ পরীক্ষা দেয়ার সুযোগ।
- ✓ বিষয়ভিত্তিক ভিডিয়ো ক্লাস ও ক্লাস টপিকের উপর পরীক্ষা।
- ✓ প্রতি পরীক্ষার শেষে ভুল ও ছেড়ে দেয়া প্রশ্নগুলো একসাথে দেখতে পাবেন Wrong and Unasnwered বাটনে।
- ✓ পরিবর্তিত তথ্যের জন্য রয়েছে **ডায়নামিক ইনফো প্যানেল**।
- ✓ নিয়মিত রিয়েল জবের উপর লাইভ পরীক্ষা ও জব সল্যুশনের সমৃদ্ধ আর্কাইভ।
- ✓ এপসের মধ্যেই পাবেন স্টাডি গ্রুপে সংযুক্ত হওয়ার সুযোগ।

প্রতিযোগিতার পরীক্ষায় প্রতিযোগিতার মাধ্যমেই প্রস্তুতি নিন। আপনি এই দুইটির যেকোনো একটির মাধ্যমে আমাদের প্ল্যাটফর্ম ব্যবহার করতে পারবেন:

GET IT ON Google Play — **Andriod App** — [Play Store Link]

Download on the App Store — **ios App** — [App Store Link]

**Website** — livemcq.com

Join Now ▶ | GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322